

সবার

ইংরেজির **Basic** ঠিক করতে +
ইংরেজির ফাউন্ডেশন মজবুত করতে

Vocabulary-সহ
Passport
টু গ্রামার

Saifur Rahman Khan

প্রতিষ্ঠাতা

Saifur's



সবার

ইংরেজির **Basic** ঠিক করতে +
ইংরেজির ফাউন্ডেশন মজবুত করতে

Vocabulary-সহ
Passport
টু গ্রামার

Saifur Rahman Khan



Passport to Grammar

Written & Edited by

Saifur Rahman Khan

Managing Director, S@ifur's
Ex-lecturer, IBA, University of Dhaka

Md. Mujibur Rahman

(BAU, Mymensingh)
Head of Research & Development Department
01613 43 21 26 (sms only)

Md. Haseeb Kabir

MA (English), MA (ELT) BRAC Univ.
Content Developer & Writer

Muhammad Rajjob Hossain

BA (Hons.), MA (English), University of Dhaka.
Senior Writer

Table of Contents

Lesson-01 Tense	01	Lesson-13 Verbal	232
Lesson-02 The Sentence	62	Participle	233
Kinds of Sentence	66	Gerund	254
[Want to দিয়ে বাক্য তৈরি]	72	Infinitive	265
Parts of Sentence	75	Uses of To	276
Sentence Complement	76	Verbal noun	280
Lesson-03 Parts of Speech	78	Lesson-14 Voice : Active - Passive	281
Noun	79	Lesson-15 Preposition	296
Classification of Noun	81	Rules of Preposition	297
Countable & Uncountable	88	Appropriate Preposition	317
Lesson-04 Number	89	Lesson-16 Conjunction & Linkers	347
Gender	97	Lesson-17 Interjection	353
Lesson-05 Phrase & Clause	104	Lesson-18 Narration	355
Lesson-06 Pronoun	114	Lesson-19 Transformation	370
Introductory <i>There & It</i>	129	(Assertive-Negative-Affirmative etc.)	
Determiner, Modifier & Intensifier	136	Positive-Comparative-Superlative	381
Lesson-07 Adjective & Degree	143	Simple-Complex-Compound	386
Lesson-08 Articles	158	Lesson-20 Tag Question	408
Lesson-09 Kinds of Verb	164	Lesson-21 Prefix & Suffix	417
Strong & Weak Verb	170	Lesson-22 Wh-Question	447
Linking Verb	186	Lesson-23 Conditional	454
Modal Auxiliary	188	Lesson-24 Identification & Formation of	
Lesson-10 Causative Verb	198	Parts of speech	467
Lesson-11 Right form of verb	215	Subjunctive	471
Lesson-12 Adverb	225	Lesson-25 Prepositional Phrase	486
		Lesson-26 A list of Phrases & Idioms	506
		Lesson-27 Group verb	515
		Lesson-28 Capitalization & Punctuation	531
		Answer Key to Recent Questions & Exercises	540

[প্রকাশকের অনুমতি ছাড়া এই বই অথবা বইয়ের কোন অংশ ছটোকপি/নকল করে বিক্রি করা আইনত: দণ্ডনীয়।]

san

Saifur's-এর যেকোন বই পেতে

Hotline-এ SMS করুন:

01613 43 20 70 (10 am to 5 pm)

(সেবায়ে স্যার)

কোন বইটি কিনা না হলে SMS দিয়ে রাখুন

কোন বইটি কিনুন:

www.saifurbook.com/SaifursPublications

কয়েকটি গুরুত্বপূর্ণ শব্দ

চলুন প্রথমেই কয়েকটি দরকারি ইংরেজি শব্দ, সেগুলোর উচ্চারণ
এবং বাংলা অর্থ তৃপ্তি সহকারে শেখা যাক:

play	(প্লেই)	= খেলা করা	think	(থিংক)	= চিন্তা করা
help	(হেল্প)	= সাহায্য করা	plan	(প্ল্যান)	= পরিকল্পনা করা
touch	(টাচ)	= স্পর্শ করা	like	(লাইক)	= পছন্দ করা
hate	(হেইট)	= ঘৃণা করা	work	(ওয়ার্ক)	= কাজ করা
close	(ক্লোজ)	= বন্ধ করা	change	(চেইন্য)	= পরিবর্তন করা
enjoy	(য়েনজয়)	= মজা করা	clean	(ক্লীন)	= পরিষ্কার করা
wash	(ওয়াশ)	= দৌত করা	exercise	(এক্সারসাইজ)	= ব্যায়াম করা
win	(উয়িন)	= জয়লাভ করা	drink	(ড্রিংক)	= পান করা
throw	(থ্রো)	= তিল ছুড়া	swim	(সুয়িম)	= সাঁতার কাটা
agree	(অ্যাগ্রী)	= একমত হওয়া	attend	(অ্যাটেন্ড)	= উপস্থিত হওয়া
talk	(টক)	= কথা বলা	sing	(সিং)	= গান গাওয়া
listen	(লিসেন)	= শুনা	put	(পুট)	= রাখা
go	(গো)	= যাওয়া	eat	(ঈট)	= খাওয়া
write	(রাইট)	= লিখা	dream	(ড্রীম)	= স্বপ্ন দেখা
sleep	(স্লীপ)	= ঘুমানো	feed	(ফীড)	= খাওয়ানো
run	(রান)	= দৌড়ানো	flee	(ফ্লি)	= পালানো
come	(কাম)	= আসা	sit	(সিট)	= বসা
read	(রীড)	= পড়া	fly	(ফ্লাই)	= উড়া
walk	(ওয়াক)	= হাঁটা	do	(ডু)	= করা
take	(টেইক)	= নেয়া	love	(লাভ)	= ভালোবাসা
show	(শো)	= দেখানো	stand	(স্ট্যান্ড)	= দাঁড়ানো

উপরের শব্দগুলোকে গ্রামারের ভাষায় বলে Verb (ভাব্য) = ক্রিয়াপদ

<table border="0" style="width: 100%;"> <tr> <td style="width: 15%;">I</td> <td style="width: 15%;">(আই)</td> <td style="width: 15%;">= আমি</td> </tr> <tr> <td>He</td> <td>(হি)</td> <td>= সে</td> </tr> <tr> <td>She</td> <td>(শী)</td> <td>= সে</td> </tr> <tr> <td>They</td> <td>(দে)</td> <td>= তারা</td> </tr> </table>	I	(আই)	= আমি	He	(হি)	= সে	She	(শী)	= সে	They	(দে)	= তারা	→	<p style="text-align: center;">বাম দিকের শব্দগুলোকে গ্রামারের ভাষায় Pronoun (প্রোনাইন) = সর্বনাম বলে।</p>
I	(আই)	= আমি												
He	(হি)	= সে												
She	(শী)	= সে												
They	(দে)	= তারা												

Examples of Simple Present Tense

I go	(আই গো)	= আমি যাই	I think	(আই থিংক)	= আমি চিন্তা করি
I eat	(আই ইট)	= আমি খাই	I drink	(আই ড্রিংক)	= আমি পান করি
I run	(আই রান)	= আমি দৌড়াই	I sleep	(আই স্লীপ)	= আমি ঘুমাই
I do	(আই ডু)	= আমি করি	I talk	(আই টক)	= আমি বলি
I play	(আই প্রেই)	= আমি খেলা করি	I write	(আই রাইট)	= আমি লিখি

চলুন উদাহরণের মাধ্যমে শিখি

I walk	(আই ওয়াক)	= আমি হাঁটি	I read	(আই রীড)	= আমি পড়ি
I take	(আই টেইক)	= আমি নেই	I like	(আই লাইক)	= আমি পছন্দ করি
I love	(আই লাভ)	= আমি ভালোবাসি	I hate	(আই হেইট)	= আমি ঘৃণা করি
I come	(আই কাম)	= আমি আসি	I sit	(আই সিট)	= আমি বসি
I win	(আই উয়িন)	= আমি জয়লাভ করি	I fly	(আই ফ্লাই)	= আমি উড়ি
I show	(আই শো)	= আমি দেখাই	I swim	(আই সুইম)	= আমি সাঁতার কাটি
I listen	(আই লিসেন)	= আমি শুনি	I work	(আই ওয়ার্ক)	= আমি কাজ করি
I agree	(আই অ্যাগ্রী)	= আমি একমত হই	I sleep	(আই স্লীপ)	= আমি ঘুমাই
I help	(আই হেল্প)	= আমি সাহায্য করি	I feed	(আই ফীড)	= আমি খাওয়াই
I plan	(আই প্ল্যান)	= আমি প্ল্যান করি	I dream	(আই ড্রীম)	= আমি স্বপ্ন দেখি
I enjoy	(আই য়েন্জয়)	= আমি মজা করি	I attend	(আই অ্যাটেন্ড)	= আমি উপস্থিত হই
I stand	(আই স্ট্যান্ড)	= আমি দাঁড়াই	I exercise	(আই এক্সারসাইজ)	= আমি ব্যায়াম করি
I touch	(আই টাচ)	= আমি স্পর্শ করি	I throw	(আই থ্রো)	= আমি ছুড়ে মারি
I clean	(আই ক্লীন)	= আমি পরিষ্কার করি	I sing	(আই সিং)	= আমি গাই
I wash	(আই ওয়াশ)	= আমি ধোঁত করি	I change	(আই চেইন্য)	= আমি পরিবর্তন করি
I put	(আই পুট)	= আমি রাখি	I close	(আই ক্লোজ)	= আমি বন্ধ করি

Simple Present Tense

জোরে জোরে Chorus
(কোরাস) করে করে পড়ে

He <u>goes</u> (হি গৌউয) = সে যায়	He <u>thinks</u> (হি থিংকস) = সে চিন্তা করে
He <u>eats</u> (হি ইটস) = সে খায়	He <u>plays</u> (হি প্লেইয) = সে খেলা করে
He <u>runs</u> (হি রানস) = সে দৌড়ায়	He <u>likes</u> (হি লাইকস) = সে পছন্দ করে
He <u>does</u> (হি ডায) = সে করে	He <u>loves</u> (হি লভস) = সে ভালোবাসে
He <u>walks</u> (হি ওআকস) = সে হাঁটে	He <u>hates</u> (হি হেইটস) = সে ঘৃণা করে
He <u>reads</u> (হি রীডস) = সে পড়ে	He <u>wins</u> (হি উয়িনস) = সে জয়ী হয়
He <u>sits</u> (হি সিটস) = সে বসে	He <u>plans</u> (হি প্ল্যানস) = সে প্ল্যান করে
He <u>takes</u> (হি টেইকস) = সে নেয়	He <u>supports</u> (হি সাপোর্টস) = সে সমর্থন করে
He <u>comes</u> (হি কামস) = সে আসে	He <u>drinks</u> (হি ড্রিংকস) = সে পান করে
He <u>flies</u> (হি ফ্লাইয) = সে উড়ে	He <u>talks</u> (হি টকস) = সে কথা বলে
He <u>shows</u> (হি শোউয) = সে দেখায়	He <u>swims</u> (হি সুয়িমস) = সে সাঁতার কাটে
He <u>sleeps</u> (হি স্লীপস) = সে ঘুমায়	He <u>works</u> (হি ওয়ার্কস) = সে কাজ করে
He <u>writes</u> (হি রাইটস) = সে লিখে	He <u>plans</u> (হি প্ল্যানস) = সে প্ল্যান করে
He <u>listens</u> (হি লিসেনস) = সে শুনে	He <u>orders</u> (হি অর্ডার্স) = সে আদেশ দেয়
He <u>sleeps</u> (হি স্লীপস) = সে ঘুমায়	He <u>helps</u> (হি হেল্পস) = সে সাহায্য করে
He <u>feeds</u> (হি ফীডস) = সে খাওয়ায়	He <u>agrees</u> (হি অগ্রীস) = সে একমত হয়
He <u>stands</u> (হি স্টান্ডস) = সে দাঁড়ায়	He <u>enjoys</u> (হি য়েন্জয়স) = সে উপভোগ করে
He <u>studies</u> (হি স্টাডিয়) = সে পড়ে	He <u>dreams</u> (হি ড্রীমস) = সে স্বপ্ন দেখে
	*Opu enjoys (অপু য়েন্জয়স) = অপু উপভোগ করে

* He-এর জায়গায় একজন ব্যক্তির নাম হতে পারে

Simple Present Tense

They go (দে গো) = তারা যায়	They think (দে থিংক) = তারা চিন্তা করে
They eat (দে ইট) = তারা খায়	They drink (দে ড্রিংক) = তারা পান করে
They run (দে রান) = তারা দৌড়ায়	They work (দে ওয়ার্ক) = তারা কাজ করে
They do (দে ডু) = তারা করে	They plan (দে প্ল্যান) = তারা প্র্যান করে
They play (দে প্লে) = তারা খেলে	They support (দে সাপোর্ট) = তারা সমর্থন করে
They walk (দে ওয়াক) = তারা হাটে	They help (দে হেল্প) = তারা সাহায্য করে
They read (দে রীড) = তারা পড়ে	They enjoy (দে য়েন্জয়) = তারা মজা করে
They sit (দে সিট) = তারা বসে	They dream (দে ড্রীম) = তারা স্বপ্ন দেখে
They take (দে টেইক) = তারা নেয়	They talk (দে টক) = তারা কথা বলে
They like (দে লাইক) = তারা পছন্দ করে	They write (দে রাইট) = তারা লিখে
They cut (দে কাট) = তারা কাটে	They swim (দে সুয়িম) = তারা সাঁতার কাটে
They hate (দে হেইট) = তারা ঘৃণা করে	They listen (দে লিসেন) = তারা শুনে
They come (দে কাম) = তারা আসে	They fly (দে ফ্লাই) = তারা উড়ে
They win (দে উয়িন) = তারা জয় করে	They sleep (দে স্লীপ) = তারা ঘুমায়
They agree (দে অ্যাগ্রী) = তারা রাজি হয়	They feed (দে ফীড) = তারা খাওয়ায়
	They show (দে শো) = তারা দেখায়

Simple Present Tense

জোরে জোরে Chorus
(কোরাস) করে করে পড়ে

We go	(উয়ি গো)	= আমরা যাই
We eat	(উয়ি ইট)	= আমরা খাই
We run	(উয়ি রান)	= আমরা দৌড়াই
We do	(উয়ি ডু)	= আমরা করি
We play	(উয়ি প্লেই)	= আমরা খেলা করি
We walk	(উয়ি ওয়াক)	= আমরা হাঁটি
We read	(উয়ি রীড)	= আমরা পড়ি
We sit	(উয়ি সিট)	= আমরা বসি

We think	(উয়ি থিংক)	= আমরা চিন্তা করি
We drink	(উয়ি ড্রিংক)	= আমরা পান করি
We talk	(উয়ি টক)	= আমরা বলি
We write	(উয়ি রাইট)	= আমরা লিখি
We listen	(উয়ি লিসেন)	= আমরা শুনি
We work	(উয়ি ওয়ার্ক)	= আমরা কাজ করি
We dream	(উয়ি ড্রীম)	= আমরা স্বপ্ন দেখি

ইংরেজি ভালো পারলে

ভালো ডাক্তার / ভালো ইঞ্জিনিয়ার / ভালো অফিসার
/ ভালো প্রফেসর / ভালো টিচার হওয়াটা অনেক সহজ হয় !

We take	(উয়ি টেইক)	= আমরা নেই
We like	(উয়ি লাইক)	= আমরা পছন্দ করি
We love	(উয়ি লভ)	= আমরা ভালোবাসি
We hate	(উয়ি হেইট)	= আমরা ঘৃণা করি
We come	(উয়ি কাম)	= আমরা আসি
We fly	(উয়ি ফ্লাই)	= আমরা উড়ি
We win	(উয়ি উয়িন)	= আমরা জয়ী হই
We agree	(উয়ি অ্যাগ্রী)	= আমরা রাজি হই

We sleep	(উয়ি স্লীপ)	= আমরা ঘুমাই
We plan	(উয়ি প্ল্যান)	= আমরা পরিকল্পনা করি
We swim	(উয়ি সুয়িম)	= আমরা সাঁতার কাটি
We enjoy	(উয়ি য়েন্জয়)	= আমরা উপভোগ করি
We support	(উয়ি সাপোর্ট)	= আমরা সমর্থন করি
We help	(উয়ি হেল্প)	= আমরা সাহায্য করি
We feed	(উয়ি ফীড)	= আমরা খাওয়াই
We show	(উয়ি শো)	= আমরা দেখাই

প্রচলিত অন্য গ্রামার

বইয়ে আছে

Present Tense বাংলায় চিনিবার উপায়

করি, কর, করিস, করে, করেন, যাই, যাও, যান, যাস, পড়, পড়ি,
পড়ে, পড়েন, পড়িস, ঘুমায়, ঘুমাই, ঘুমাও, ঘুমান ইত্যাদি থাকে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক সাইফুর স্যারের বক্তব্য

“আমি কাজটি করতেছি বা করছি” -

এই কথাটা বললে একজন অশিক্ষিত মূর্খ লোকও বুঝবে যে, এটা একটা চলমান ঘটনা বা বিষয়।

তাকে বুঝাতে হবে না যে তিনি এটা বর্তমানে করছেন।

অতএব, বাজারের প্রচলিত ইংলিশ গ্রামার বইতে যে বাংলায় বিভিন্ন শব্দের শেষে -

তেছে, যাচ্ছে, তেছি ইত্যাদি হলেই

যে এটা Present Continuous Tense হবে,

এটা মুখস্থ করার আদৌ কোনো দরকার নেই।

সবচেয়ে গুরুত্বপূর্ণ যেটা দরকার সেটা হলো বাংলায় যখন বলা হয়

- আমি যাইতেছি, এটা ইংরেজিতে যে I am going হবে সেটা বলতে পারা,

অথবা He is playing-এর বাংলা অর্থ যে সে খেলিতেছে - এটা বুঝলেই যথেষ্ট।

ইংরেজি বাক্যগুলোর বাংলা অর্থ তুপ্তিসহ বুঝলেই

সহজেই বুঝতে পারবে ইংরেজি বাক্যটি

Past, না Present, না Future (ফিউচার)।

Examples of Past Continuous Tense

I was going	(আই ওআয় গোয়িং)	= আমি যাইতে	ছিলাম
I was eating	(আই ওআয় ইটিং)	= আমি খাইতে	ছিলাম
I was running	(আই ওআয় রানিং)	= আমি দৌড়াইতে	ছিলাম
I was doing	(আই ওআয় ডুয়িং)	= আমি করিতে	ছিলাম
I was playing	(আই ওআয় প্লেয়িং)	= আমি খেলিতে	ছিলাম
I was walking	(আই ওআয় ওআকিং)	= আমি হাঁটিতে	ছিলাম
I was reading	(আই ওআয় রীডিং)	= আমি পড়িতে	ছিলাম
I was taking	(আই ওআয় টেইকিং)	= আমি নিতে	ছিলাম
I was sitting	(আই ওআয় সিটিং)	= আমি বসিতে	ছিলাম
I was coming	(আই ওআয় কামিং)	= আমি আসিতে	ছিলাম
I was talking	(আই ওআয় টকিং)	= আমি বলিতে	ছিলাম
I was writing	(আই ওআয় রাইটিং)	= আমি লিখিতে	ছিলাম
I was listening	(আই ওআয় লিসেনিং)	= আমি শুনিতে	ছিলাম
I was flying	(আই ওআয় ফ্লাইয়িং)	= আমি উড়িতে	ছিলাম

উদাহরণের মাধ্যমে শিখলে সহজে মনে থাকে।

I was swimming	(আই ওআয় সুয়িমিং)	= আমি সাঁতার কাটিতে	ছিলাম
I was winning	(আই ওআয় উয়িনিং)	= আমি জয় করিতে	ছিলাম
I was drinking	(আই ওআয় ড্রিংকিং)	= আমি পান করিতে	ছিলাম
I was enjoying	(আই ওআয় য়েন্জয়িং)	= আমি মজা করিতে	ছিলাম
I was working	(আই ওআয় ওয়ার্কিং)	= আমি কাজ করিতে	ছিলাম
I was planning	(আই ওআয় প্ল্যানিং)	= আমি প্ল্যান করিতে	ছিলাম
I was supporting	(আই ওআয় সাপোর্টিং)	= আমি সমর্থন করিতে	ছিলাম
I was helping	(আই ওআয় হেল্পিং)	= আমি সাহায্য করিতে	ছিলাম

Examples of Present Perfect Tense

জোরে জোরে Chorus
(কোরাস) করে করে পড়ে

I have done	(আই হ্যাভ ডান)	=	আমি করেছি
I have gone	(আই হ্যাভ গন)	=	আমি গিয়েছি
I have eaten	(আই হ্যাভ ইটেন)	=	আমি খেয়েছি
I have run	(আই হ্যাভ রান)	=	আমি দৌড়েছি
I have walked	(আই হ্যাভ ওয়াকড)	=	আমি হেঁটেছি
I have read	(আই হ্যাভ রেড)	=	আমি পড়েছি
I have taken	(আই হ্যাভ টেইকেন)	=	আমি নিয়েছি
I have come	(আই হ্যাভ কাম)	=	আমি এসেছি
I have sat	(আই হ্যাভ স্যাট)	=	আমি বসেছি
I have flown	(আই হ্যাভ ফ্লোন)	=	আমি উড়েছি
I have cut	(আই হ্যাভ কাট)	=	আমি কেটেছি
I have played	(আই হ্যাভ প্লেইড)	=	আমি খেলেছি
I have slept	(আই হ্যাভ স্লেপট)	=	আমি ঘুমিয়েছি
I have talked	(আই হ্যাভ টাকড)	=	আমি বলেছি
I have written	(আই হ্যাভ রিটেন)	=	আমি লিখেছি
I have heard	(আই হ্যাভ হারড)	=	আমি শুনেছি
I have fed	(আই হ্যাভ ফেড)	=	আমি খাইয়েছি
I have opened	(আই হ্যাভ ওপেনড)	=	আমি খুলেছি
I have stood	(আই হ্যাভ স্টুড)	=	আমি দাঁড়িয়েছি
I have loved	(আই হ্যাভ লাভড)	=	আমি ভালপেবেছি
I have liked	(আই হ্যাভ লাইকড)	=	আমি পছন্দ করেছি
I have hated	(আই হ্যাভ হেইটেড)	=	আমি ঘৃণা করেছি
I have won	(আই হ্যাভ ওয়োন)	=	আমি জয় করেছি
I have drunk	(আই হ্যাভ ড্রাঙ্ক)	=	আমি পান করেছি
I have thought	(আই হ্যাভ থট)	=	আমি চিন্তা করেছি
I have planned	(আই হ্যাভ প্ল্যানড)	=	আমি প্রায়শ করেছি
I have dreamt	(আই হ্যাভ ড্রিমট)	=	আমি স্বপ্ন দেখেছি
I have attended	(আই হ্যাভ অ্যাটেন্ডেড)	=	আমি উপস্থিত হয়েছি
I have washed	(আই হ্যাভ ওয়াশড)	=	আমি বোত করেছি
I have swum	(আই হ্যাভ সোয়াম)	=	আমি সাঁতার কেটেছি
I have helped	(আই হ্যাভ হেল্পড)	=	আমি সাহায্য করেছি
I have worked	(আই হ্যাভ ওরকড)	=	আমি কাজ করেছি
I have enjoyed	(আই হ্যাভ এনজয়েড)	=	আমি উপভোগ করেছি

"এই পৃষ্ঠার প্রতিটি ইংরেজি বাক্য অর্থ বুঝে সেবে সেবেই তোমার শাতায় তিন বার করে পড়ো"

Present Perfect Tense

He has gone	(হি হ্যায্ গন)	=	সে	গিয়েছে
He has eaten	(হি হ্যায্ ইটেন)	=	সে	খেয়েছে
He has run	(হি হ্যায্ রান)	=	সে	দৌড়েছে
He has done	(হি হ্যায্ ডান)	=	সে	করেছে
He has played	(হি হ্যায্ প্রেইড)	=	সে	খেলেছে
He has read	(হি হ্যায্ রেড)	=	সে	পড়েছে
He has sat	(হি হ্যায্ স্যাট)	=	সে	বসেছে
He has taken	(হি হ্যায্ টেইকেন)	=	সে	নিয়েছে
He has come	(হি হ্যায্ কাম)	=	সে	এসেছে
He has flown	(হি হ্যায্ ফ্লোন)	=	সে	উড়েছে
He has walked	(হি হ্যায্ ওআকড)	=	সে	হেঁটেছে
He has written	(হি হ্যায্ রিটেন)	=	সে	লিখেছে
He has listened	(হি হ্যায্ লিসেনড)	=	সে	শুনেছে
He has slept	(হি হ্যায্ স্লেপ্ট)	=	সে	ঘুমিয়েছে
He has stood	(হি হ্যায্ স্টুড)	=	সে	দাঁড়িয়েছে
He has shown	(হি হ্যায্ শোউন)	=	সে	দেখিয়েছে
He has loved	(হি হ্যায্ লাভড)	=	সে	ভালোবেসেছে
He has won	(হি হ্যায্ ওয়ান)	=	সে	জয়ী হয়েছে
He has hated	(হি হ্যায্ হেইটেড)	=	সে	ঘৃণা করেছে
He has drunk	(হি হ্যায্ ড্রাংক)	=	সে	পান করেছে
He has liked	(হি হ্যায্ লাইকড)	=	সে	পছন্দ করেছে
He has talked	(হি হ্যায্ টকড)	=	সে	কথা বলেছে
He has swum	(হি হ্যায্ সোয়াম)	=	সে	সাঁতার কেটেছে
He has enjoyed	(হি হ্যায্ যেনজয়ড)	=	সে	উপভোগ করেছে
He has worked	(হি হ্যায্ ওয়াকড)	=	সে	কাজ করেছে
He has planned	(হি হ্যায্ প্ল্যানড)	=	সে	প্র্যান করেছে
He has cooked	(হি হ্যায্ কুকড)	=	সে	রান্না করেছে
He has sung	(হি হ্যায্ সাং)	=	সে	গান করেছে
He has closed	(হি হ্যায্ ক্লোউযড)	=	সে	বন্ধ করেছে
He has helped	(হি হ্যায্ হেল্পড)	=	সে	সাহায্য করেছে
He has thought	(হি হ্যায্ থট)	=	সে	চিন্তা করেছে

ইংরেজি বাক্যের

বাংলা অর্থ

ভূক্তিসহ বোঝাই

হলো

আসল ব্যাপার।

Present Perfect Continuous

He has been working	for ten minutes.	{ সে কাজ করছে	দশ মিনিট ধরে । }
He has been playing	for ten minutes.	{ সে খেলছে	দশ মিনিট ধরে । }
He has been reading	for ten minutes.	{ সে পড়ছে	দশ মিনিট ধরে । }
He has been writing	for ten minutes.	{ সে লিখছে	দশ মিনিট ধরে । }
He has been walking	for ten minutes.	{ সে হাঁটছে	দশ মিনিট ধরে । }
He has been talking	for ten minutes.	{ সে কথা বলছে	দশ মিনিট ধরে । }
He has been swimming	for ten minutes.	{ সে সাতার কটিছে	দশ মিনিট ধরে । }
He has been cooking	for ten minutes.	{ সে রান্না করছে	দশ মিনিট ধরে । }
He has been running	for ten minutes.	{ সে দৌড়াচ্ছে	দশ মিনিট ধরে । }
He has been planning	for ten minutes.	{ সে পরিকল্পনা করছে	দশ মিনিট ধরে । }
He has been singing	for ten minutes.	{ সে গান গাইছে	দশ মিনিট ধরে । }
He has been sleeping	for ten minutes.	{ সে ঘুমাচ্ছে	দশ মিনিট ধরে । }
He has been cleaning	for ten minutes.	{ সে পরিষ্কার করছে	দশ মিনিট ধরে । }
He has been feeding	for ten minutes.	{ সে খাওয়াচ্ছে	দশ মিনিট ধরে । }
He has been studying	for ten minutes.	{ সে পড়ছে	দশ মিনিট ধরে । }
He has been enjoying	for ten minutes.	{ সে মজা করছে	দশ মিনিট ধরে । }
He has been washing	for ten minutes.	{ সে ধৌত করছে	দশ মিনিট ধরে । }
He has been standing	for ten minutes.	{ সে দাঁড়িয়ে আছে	দশ মিনিট ধরে । }
He has been sitting	for ten minutes.	{ সে বসে আছে	দশ মিনিট ধরে । }
He has been laughing	for ten minutes.	{ সে হাসছে	দশ মিনিট ধরে । }
He has been flying	for ten minutes.	{ সে উড়ছে	দশ মিনিট ধরে । }
He has been showing	for ten minutes.	{ সে দেখাচ্ছে	দশ মিনিট ধরে । }
He has been cutting	for ten minutes.	{ সে কাটছে	দশ মিনিট ধরে । }
He has been listening	for ten minutes.	{ সে শুনছে	দশ মিনিট ধরে । }

Examples of Simple Past Tense

জোরে জোরে Chorus
(কোরাস) করে করে পড়ে

I went (আই ওয়েন্ট) = আমি গিয়েছিলাম	I listened (আই লিসেন্ড) = আমি শুনেছিলাম
I ate (আই এইট) = আমি খেয়েছিলাম	I laughed (আই লাফড) = আমি হেসেছিলাম
I ran (আই র্যান) = আমি দৌড়েছিলাম	I dreamt (আই ড্রেম্ট) = আমি স্বপ্ন দেখেছিলাম
I did (আই ডীড) = আমি করেছিলাম	I showed (আই শোউড) = আমি দেখিয়েছিলাম
I read (আই রেড) = আমি পড়েছিলাম	I liked (আই লাইকড) = আমি পছন্দ করেছিলাম
I took (আই টুক) = আমি নিয়েছিলাম	I worked (আই ওয়ার্কড) = আমি কাজ করেছিলাম
I sat (আই স্যাট) = আমি বসেছিলাম	I planned (আই প্ল্যান্ড) = আমি প্র্যান করেছিলাম
I came (আই কেইম) = আমি এসেছিলাম	I hated (আই হেইটেড) = আমি ঘৃণা করেছিলাম
I flew (আই ফ্লু) = আমি উড়েছিলাম	I drank (আই ড্র্যাঙ্ক) = আমি পান করেছিলাম
I wrote (আই রাইট) = আমি লিখেছিলাম	I thought (আই থট) = আমি চিন্তা করেছিলাম
I played (আই প্লেইড) = আমি খেলেছিলাম	I cleaned (আই ক্লিন্ড) = আমি পরিষ্কার করেছিলাম
I fed (আই ফেড) = আমি খাইয়েছিলাম	I helped (আই হেল্পড) = আমি সাহায্য করেছিলাম
I walked (আই ওআকড) = আমি হেঁটেছিলাম	I supported (আই সাপোর্টেড) = আমি সমর্থন করেছিলাম
I stood (আই স্টুড) = আমি দাঁড়িয়েছিলাম	I swam (আই সোয়াম) = আমি সাঁতার কেটেছিলাম
I slept (আই স্লেপ্ট) = আমি ঘুমিয়েছিলাম	I agreed (আই অ্যাগ্রীড) = আমি রাজি হয়েছিলাম
I won (আই ওন্) = আমি জয়ী হয়েছিলাম	
I talked (আই টকড) = আমি বলেছিলাম	

Examples of Simple Future Tense

জেরে জেরে Chorus
(কোরাস) করে করে পড়ে

I shall go (আই শ্যাল্ গো) = আমি যাবো	I shall walk (আই শ্যাল্ ওআক) = আমি হাঁটবো
I shall eat (আই শ্যাল্ ইট) = আমি খাবো	I shall think (আই শ্যাল্ থিংক) = আমি চিন্তা করবো
I shall run (আই শ্যাল্ রান) = আমি দৌড়াবো	I shall sit (আই শ্যাল্ সিট) = আমি বসবো
I shall do (আই শ্যাল্ ডু) = আমি করবো	I shall come (আই শ্যাল্ কাম) = আমি আসবো
I shall play (আই শ্যাল্ প্রেই) = আমি খেলবো	I shall talk (আই শ্যাল্ টক) = আমি বলবো
I shall fly (আই শ্যাল্ ফ্লাই) = আমি উড়বো	I shall write (আই শ্যাল্ রাইট) = আমি লিখবো
I shall read (আই শ্যাল্ রীড) = আমি পড়বো	I shall show (আই শ্যাল্ শো) = আমি দেখাবো
I shall win (আই শ্যাল্ উয়িন) = আমি জয়ী হবো	I shall listen (আই শ্যাল্ লিসেন) = আমি শুনবো
I shall love (আই শ্যাল্ লাভ) = আমি ভালোবাসবো	I shall work (আই শ্যাল্ ওয়ার্ক) = আমি কাজ করবো
I shall hate (আই শ্যাল্ হেইট) = আমি ঘৃণা করবো	I shall plan (আই শ্যাল্ প্র্যান) = আমি প্র্যান করবো
I shall drink (আই শ্যাল্ ড্রিংক) = আমি পান করবো	I shall help (আই শ্যাল্ হেল্প) = আমি সাহায্য করবো
I shall take (আই শ্যাল্ টেইক) = আমি নিবো	I will dream (আই উয়িল্ ড্রীম) = আমি স্বপ্ন দেখবো
I shall like (আই শ্যাল্ লাইক) = আমি পছন্দ করবো	I will stand (আই উয়িল্ স্ট্যান্ড) = আমি দাঁড়াবো
I shall sleep (আই শ্যাল্ স্লীপ) = আমি ঘুমাবো	I will enjoy (আই উয়িল্ এনজয়) = আমি মজা করবো
I shall agree (আই শ্যাল্ অ্যাগ্রী) = আমি রাজি হবো	I will feed (আই উয়িল্ ফীড) = আমি খাওয়াবো

* I এবং we-এর সাথে will-ও ব্যবহৃত হয়।

Examples of Future Continuous Tense

I will be going	(... বি গোগিয়ং)	= আমি যাইতে	থাকিব = ... যেতে	থাকব
I will be eating	(... বি ঝটিং)	= আমি খাইতে	থাকিব = ... খেতে	থাকব
I will be running	(... বি রানিং)	= আমি দৌড়াইতে	থাকিব = ... দৌড়াতে	থাকব
I will be playing	(... বি প্লেয়িং)	= আমি খেলিতে	থাকিব = ... খেলতে	থাকব
I will be walking	(... বি ওআকিং)	= আমি হাঁটিতে	থাকিব = ... হাঁটিতে	থাকব
I will be reading	(... বি রীডিং)	= আমি পড়িতে	থাকিব = ... পড়তে	থাকব
I will be taking	(... বি টেইকিং)	= আমি নিতে	থাকিব = ... নিতে	থাকব
I will be sitting	(... বি সিটিং)	= আমি বসিতে	থাকিব = ... বসতে	থাকব
I will be coming	(... বি কামিং)	= আমি আসিতে	থাকিব = ... আসতে	থাকব
I will be talking	(... বি টকিং)	= আমি বলিতে	থাকিব = ... বলতে	থাকব
I will be writing	(... বি রাইটিং)	= আমি লিখিতে	থাকিব = ... লিখতে	থাকব

উদাহরণের মাধ্যমে শিখলে সহজে মনে থাকে

I will be flying	(... বি ফ্লাইয়িং)	= আমি উড়িতে	থাকিব = ... উড়তে	থাকব
I will be showing	(... বি শোয়িং)	= আমি দেখাইতে	থাকিব = ... দেখতে	থাকব
I will be studying	(... বি স্টাডিইং)	= আমি পড়িতে	থাকিব = ... পড়তে	থাকব
I will be feeding	(... বি ফীডিং)	= আমি খাওয়াইতে	থাকিব = ... খাওয়াতে	থাকব
I will be doing	(... বি ডুয়িং)	= আমি করিতে	থাকিব = ... করতে	থাকব
I will be drinking	(... বি ড্রিংকিং)	= আমি পান করিতে	থাকিব = ... পান করতে	থাকব
I will be helping	(... বি হেল্পিং)	= আমি সাহায্য করিতে	থাকিব = ... সাহায্য করতে	থাকব
I will be planning	(... বি প্ল্যানিং)	= আমি প্ল্যান করিতে	থাকিব = ... প্ল্যান করতে	থাকব
I will be working	(... বি ওয়ার্কিং)	= আমি কাজ করিতে	থাকিব = ... কাজ করতে	থাকব
I will be enjoying	(... বি য়েন্জয়িং)	= আমি মজা করিতে	থাকিব = ... মজা করতে	থাকব
I will be winning	(... বি উয়িনিং)	= আমি জয় করিতে	থাকিব = ... জয় করতে	থাকব

Tense (টেন্স)-এর বিস্তারিত আলোচনা

Sakib **played** cricket. = সাকিব ক্রিকেট খেলেছিল।
(সাকিব্ প্রেইড্ ক্রিকেট্)

Sakib **plays** cricket. = সাকিব ক্রিকেট খেলে।
(সাকিব্ প্রেইয়্ ক্রিকেট্)

Sakib **will play** cricket. = সাকিব ক্রিকেট খেলবে।
(সাকিব্ উয়িল্ প্রেই ক্রিকেট্)

বুঝে বুঝে
করবো,
করে করে
বুঝবো !

উপরের তিনটি বাক্যে ঘটনাক্রমে ঘটছে বিভিন্ন কালে বা সময়ে, যাকে গ্রামারের ভাষায় বলে Tense।
সময় বা কাল তিন ধরনের হয়, যেমন:

- (১) অতীত (Past - পাস্ট্)
- (২) বর্তমান (Present - প্রেযেন্ট্) এবং
- (৩) ভবিষ্যৎ (Future - ফিউচার্)

যেহেতু সময় বা কাল তিন প্রকার, তাই Tense-ও মূলত তিন প্রকার।

played (প্রেইড্) অর্থ খেলেছিলো। বুঝাই যাচ্ছে, কাজটি অতীত কালে হয়েছিলো।
plays (প্রেইয়্) অর্থ খেলে। বুঝাই যাচ্ছে, কাজটি বর্তমান কালে হয়।
will play (উয়িল্ প্রেই) অর্থ খেলবে। বুঝাই যাচ্ছে, কাজটি ভবিষ্যৎ কালে হবে।

কোনো কাজ সম্পন্ন হওয়া বা না হওয়ার সময়কেও প্রকাশ করা হয় বিভিন্ন Tense দিয়ে :

The work **was performed** (পার-ফর্মড্). | কাজটি সম্পন্ন করা হয়েছিল |

The work **is done**. | কাজটি করা হয় |

The work **will not be done**. | কাজটি করা হবে না |

কোন ঘটনা ঘটার বা না ঘটার সময়কেও প্রকাশ করা হয় বিভিন্ন Tense দিয়ে:

The war **occurred** in 1971. | যুদ্ধটি ১৯৭১ সালে হয়েছিলো |

The match **will not happen** today. | ম্যাচটি আজ হবে না |

Tense না জেনেই বাক্যের অর্থ বুঝলেই প্রশ্ন সহজেই Solve করা যায় !

1. Mobile phone _____ a new dimension (ডাইমেনশন - মাত্রা) to our life. (add)
(মোবাইল ফোন _____ একটি নতুন মাত্রা আমাদের জীবনে।)

প্রশ্নের সমাধান + ব্যাখ্যা

মোবাইল ফোন আমাদের জীবনে _____ একটি নতুন মাত্রা।
এখন তুমি চিন্তা করে বলো এই শূন্যস্থানে কোন্ বাংলা শব্দ আমরা বলি?
হ্যাঁ, আমরা বলি "যোগ করেছে"। তার মানে, পুরো বাক্যটা হলো:
মোবাইল ফোন আমাদের জীবনে নতুন মাত্রা যোগ করেছে। আর 'যোগ করেছে' ইংরেজি হলো: 'has added'।
তাহলে ইংরেজিতে বলতে হবে: Mobile phone has added। অতএব উত্তর হবে has added।

2. Once we _____ a lot of trees all around us. (have)
(এক সময় আমাদের _____ অনেক গাছ আমাদের চারিদিকে।)

প্রশ্নের সমাধান ও ব্যাখ্যা

তার মানে, এক সময় আমাদের চারিদিকে অনেক গাছ _____।
এখন তুমি একটু চিন্তা করে বলো এই বাক্যটির শূন্যস্থানে কোন্ বাংলা শব্দটা আমরা বলি।
হ্যাঁ, ঠিক বলেছে। আমরা বলি, "ছিল"।
* তার মানে, বাক্যটা হলো: এক সময় আমাদের চারিদিকে অনেক গাছ ছিলো।
তাহলে ইংরেজিতে বলতে হবে: Once we had a lot of trees অতএব, শূন্যস্থানে had বসবে।

দেখা যাচ্ছে, ইংরেজি বাক্যের বাংলা অর্থ তুস্তিসহ বুঝলেই প্রশ্নের উত্তর বের করা যায়।

3. Child labour has been _____ internationally by the UN.
(শিশুশ্রম হয়েছে _____ আন্তর্জাতিকভাবে UN-এর দ্বারা।)

প্রশ্নের সমাধান ও ব্যাখ্যা

UN-এর দ্বারা আন্তর্জাতিকভাবে শিশুশ্রম করা হয়েছে _____।
এখন একটু চিন্তা করে বলুন তো এই বাংলা বাক্যটির শূন্যস্থানে কোন্ বাংলা শব্দটি আমরা বলি?
হ্যাঁ, আমরা বলি, "নিষিদ্ধ"। ∴ পুরো বাক্যটি হলো:
UN আন্তর্জাতিকভাবে শিশুশ্রমকে নিষিদ্ধ করেছে। আর নিষিদ্ধ ইংরেজি হলো forbidden।
∴ শূন্যস্থানে forbidden বসবে।

- He made me sit down, and he was tying the string of the new rubber apron tightly around my neck, and combed up my hair. [DU: 'C' ইউনিট ভর্তি পরীক্ষা: 2014]

শব্দের অর্থ

tie (টাই) = বাঁধা । **tightly** (টাইটলী) = শক্তভাবে ।
string (স্ট্রিং) = ফিতা; সুতা । **comb up** = চুল পরিপাটি করা ।

- ★ **rubber apron:** চুলকটার সময় চুল যাতে শরীরে না পড়ে, সেজন্য শরীরে রাখারের তৈরি এই আ-প্রন পরানো হয় ।

বুঝে বুঝে

পড়বো,

পড়ে পড়ে

বুঝবো !

সমাধান

He made me sit (তিনি আমাকে বসালেন) এবং

combed up my hair (আমার চুল আচড়িয়ে পরিপাটি করে দিলেন)-এর সাথে মিল রেখে

(B)-তে **and he was tying** the string না হয়ে, **tyed** the string ... (বাঁধলেন ...) হবে ।

উপরের এই তিনটি কাজকে ভেঙ্গে লিখলে হয় :

- (১) He **made** me sit down (তিনি আমাকে বসালেন)
- (২) He **tyed** the string (তিনি বাঁধলেন ফিতা)
- (৩) He **combed up** my hair (তিনি পরিপাটি করে দিলেন আমার চুল)

শব্দগুচ্ছের অর্থ

He made me sit down , = তিনি বাধ্য করলেন আমাকে বসতে
 ... tied the string ... = ... বাঁধলেন ফিতাটি ...
 ... of the new rubber apron ... = ... নতুন রাখার apron-এর ...
 ... tightly ... = ... শক্ত করে ...
 ... around my neck and , = ... আমার গলার চারদিকে এবং
 ... combed up my hair . = ... আচড়িয়ে পরিপাটি করলেন আমার চুল ।

সঠিক ইংরেজি বাক্য ও অর্থ

He made me sit down,
 tied the string of the new rubber apron tightly around my neck,
 and combed up my hair.

(তিনি আমাকে বসালেন,

নতুন রাখার apron-এর ফিতা শক্ত করে আমার গলার চারদিকে বাঁধলেন
 এবং আমার চুল আচড়িয়ে পরিপাটি করে দিলেন ।)

Tense আসলে কী, সেটা ডিক্শনারি থেকে শেখা যাক !

Oxford Dictionary থেকে

Tense is any of the forms of a verb that may be used to show the time of the action or state expressed by the verb.

(Tense হলো একটি verb-এর বিভিন্ন রূপের যে কোনো একটি রূপ যা ব্যবহৃত হতে পারে কোনো কাজের সময় বা অবস্থাকে প্রকাশ করতে।)

Collins Co-build Dictionary থেকে

The tense of a verb group is its form, which usually shows whether you are referring to past, present or future time.

(Tense হলো verb-এর রূপ যা সাধারণত আপনি অতীত, বর্তমান, না ভবিষ্যত সময় নিয়ে কথা বলছেন তা নির্দেশ করে।)

একটা খুশির কথা

এই সংজ্ঞাগুলো মুখস্থ করার আদৌ কোনো দরকার নেই!!

Tense-এর এই সব সংজ্ঞা না জেনেও আমি আল্‌হামদুলিল্লাহ পৃথিবীর অন্যতম কঠিন একটা ইংরেজি পরীক্ষা GMAT-এ রেকর্ড মার্কসও পেয়েছিলাম, আবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকও হয়েছিলাম।

- Saifur Rahman Khan (ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক)

Cambridge Dictionary থেকে

Tense is any of the forms of a verb which show the time at which an action happened, happens, and will happen.

(Tense হলো ক্রিয়ার এমন রূপ যা কোনো কাজ কোন্ সময়ে ঘটেছিলো, বা কোন সময়ে ঘটে কিংবা কোন সময়ে ঘটবে, তাকে নির্দেশ করে।)

Uses of Different Tenses

Tense-এর ব্যবহার শিখবো আমরা উদাহরণের মাধ্যমে

Simple Present Tense = Present Indefinite Tense

Tense অর্থ কাল বা সময়, Simple অর্থ সাধারণ এবং Present অর্থ বর্তমান।

* তার মানে, যা বর্তমান সময়ে ঘটে বা ঘটে থাকে, তাকে Simple Present / Present Indefinite Tense বলে।

নিচের উদাহরণগুলো বুঝে বুঝে জোরে জোরে পড়ো, তাহলে মুখের জড়তা দূর হবে।

আবুল ক্রিকেট খেলে	= Abul plays cricket.
আবুল স্কুলে যায়	= Abul goes to school.
আবুল ভাত খায়	= Abul eats rice.
আবুল গণিত শিখে	= Abul learns math.
আমি ঢাকায় থাকি	= I live in Dhaka.
তারা ঢাকায় থাকে	= They live in Dhaka.
আবুল গীবত পছন্দ করে না	= Abul does not like back-biting.

Subject একজন বা একটি হওয়াতে verb + **s / es** যুক্ত হয়

I-এর সাথে verb + **s** হয় না।

* তার মানে, বর্তমানে কোনো কাজ হয় বা হয়ে থাকে বুঝাতে Present Indefinite Tense দিয়ে বাক্যটা লেখা হয়।

Present Indefinite tense কখন কখন ব্যবহৃত হয়, সেগুলো মুখস্থ করার আদৌ দরকার নেই; বরং যেই ব্যাপারটা আমরা বলতে চাইছি, সেটা হলো শুধু English-এ লিখতে বা বলতে পারা। আর সেজন্য আপো বাংলা বাক্যটা বুঝা দরকার। যেমন:

“বাংলাদেশিরা অতিষিপরায়ণ” এর English হলো

“The Bangladeshis are hospitable.”

উপরের বাক্যটিতে বাংলাদেশিদের সম্পর্কে কিছু তথ্য দেয়া হলো।

এই ধরনের আরো কয়েকটি বাক্য দেখা যাক:

চীনের মানুষরা হয় শান্তিপ্ৰিয়	= The Chinese are peace-loving.
বালকটি চালাক নয়	= The boy is not clever.
করিমের একটি সুন্দর গাড়ি আছে	= Karim has a nice car.
তাদের তিন সন্তান	= They have three children.
রুহিত খুব ভালো অবস্থায় আছে	= Ruhit is in a very good condition.
চীনের অর্থনীতি শক্তিশালী	= The economy of China is strong.
আজ খুব ঠান্ডা	= Today is very cold.

* তার মানে, কোনো বিদ্যমান সত্য ঘটনা বা অবস্থাকে Present Indefinite Tense দিয়ে প্রকাশ করা হয়।

বাক্যে যেটাকে এমন ঘটনাকালী আমরা যেভাবে বাংলায় বলি, নিচে সেই বাংলা বাক্য এবং তার ইংরেজি শেখা যাক:

বরফ পানিতে ভাসে	= Ice floats on water.
পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে	= The earth moves round the sun.
আকাশ নীল	= The sky is blue.
মধু হয মিষ্টি	= Honey is sweet.
সূর্য পূর্ব দিকে উদয় হয়	= The sun rises in the east.

একইভাবে Simple Present Tense নিয়ে লেখা আরো কিছু বাংলা বাক্য এবং এদের ইংরেজি Translation শেখা যাক:

ট্রেনটি সকাল ১০ টায় ছেড়ে যায়	= The train leaves at 10 in the morning.
শীত শুরু হয় ডিসেম্বরে	= Winter starts in December.
সকাল ৭ টায় ক্লাস শুরু হবে	= The class starts at 7 am.
ট্রেনটি আজ রাত ৮ টায় ছেড়ে যাবে	= The train leaves at 8.00 pm today.
এই সিনেমার নায়কটি খুব সুন্দর্শন	= In this cinema, the hero is very handsome.
কিটস্ বলেন, 'একটি সুন্দর জিনিস চিরদিনের জন্যই আনন্দের'।	= Keats says, 'A thing of beauty is a joy for ever'.
গল্পটির শেষে মিথ্যার উপর সত্যের জয় হয়	= Truth triumphs over falsehood at the end of the story.

তাদের উভয়ের স্বাদ একই রকম	= They both taste the same.
লেকচারটি খুবই বিরক্তিকর!	= The lecture is so boring!
আমার মনে হয় আমি ভুল করিনি	= I feel that I am not wrong.
সে মনে করে যে আমাদের শীঘ্রই রওনা করা উচিত	= She thinks that we should start early.
তোমার ধারণাটি চমৎকার	= Your idea is excellent.
ওয়াও! মেসির শটটি সত্যিই চমৎকার!	= Wow! Mesi's shot is really superb!
পাখিটি কি সুন্দর!	= How beautiful the bird is!
তোমার ছবিটি সত্যিই চমৎকার দেখাচ্ছে!	= Your picture looks really great!

সুতরাং, উপরের উদাহরণগুলো থেকে আমরা নিচের Structure পাই:

Structure (গঠন) : subject + verb-এর simple form + ... (বাকি অংশ)

- In 1777, the 2nd Continental Congress has adopted a resolution to designate the design for the American flag, but no flags were issued until 1783. No error
- A B
C D E

শব্দের অর্থ

flag (ফ্লাগ) - পতাকা	।	resolution (রেসোলুশন) - প্রস্তাব	।
until (আনটিল) - পর্যন্ত	।	designate (ডেইগনেইট) - নির্দিষ্ট করে দেয়া	।
design (ডাইজাইন) - নকশা	।	continental (কন্টিনেন্টাল) - মহাদেশীয়	।
adopt (আডপ্ট) - গ্রহণ করা	।		
issue (ইস্যু) - প্রকাশ করা / বের করা / জারি করা	।		

সমাধান

1777 সালের, তার মানে, অতীত কালের ঘটনা হওয়াতে (A)-তে *has* না হতে *had* হবে।
তার মানে, (A)-তে ভুল। অতএব, উত্তর (A)।

সারাংশ বাক্য

Congress has adopted a resolution. { কংগ্রেস গ্রহণ করেছিলো একটি প্রস্তাব। }

শব্দগুচ্ছের অর্থ

In 1777	, =	১৭৭৭ সালে	,
... the 2 nd continental Congress	... = ...	দ্বিতীয় কন্টিনেন্টাল কংগ্রেস	...
... had adopted	... = ...	গ্রহণ করেছিল	...
... a resolution	... = ...	একটি প্রস্তাব	...
... to designate the design	... = ...	নির্দিষ্ট করে দিতে নকশাটি	...
... for American flag	, = ...	আমেরিকান পতাকার জন্য	,
... but no flags were issued	... = ...	কিন্তু কোন পতাকা ইস্যু করা হয় নি	...
... until 1783	, = ...	১৭৮৩ সাল পর্যন্ত	,

সঠিক ইংরেজি বাক্য ও অর্থ

In 1777, the 2nd Continental Congress had adopted a resolution to designate the design for American flag, but no flags were issued until 1783

(১৭৭৭ সালের দ্বিতীয় মহাদেশীয় সভা একটি প্রস্তাব গ্রহণ করেছিলো আমেরিকান পতাকার নকশা নির্দিষ্ট করে দেয়ার জন্য, কিন্তু ১৭৮৩ সালের আগ পর্যন্ত কোন পতাকা অফিসিয়ালি অনুমোদন করা হয়নি।)

বাজারে প্রচলিত বই থেকে দেয়া হলো

কিছু Rule

যেগুলো আসলে ভুল !

"Always, generally, never, normally, occasionally, often, regularly, seldom, sometimes, usually, everyday / every week ইত্যাদি Adverb-গুলোর সাথে বেশিরভাগ ক্ষেত্রেই Simple present tense ব্যবহৃত হয়।"

বিশ্ববিখ্যাত বিভিন্ন ডিকশনারি থেকে উদ্ধৃত নিচের বাক্যগুলো পড়লেই বুঝা যাবে উপরের তথাকথিত Rule আসলে ভুল !

* SPT = Simple Past Tense;

* SFT = Simple Future Tense

* PCT = Present Continuous Tense

01. Pat **has** always **loved** gardening. | Pat সবসময়ই বাগান করা ভালবেসে আসছে |
02. Ellie **was** always very good at art. | Ellie সবসময়ই আঁকা-আঁকিতে খুব ভালো ছিলো | [SPT]
03. I **will** always help you. | আমি সব সময় তোমাকে সাহায্য করবো | [SFT]
04. We **will** always **remember** his generous hospitality. | তার উদার আতিথেয়তার কথা আমরা সবসময়ই মনে রাখবো | [SFT]
05. He **was** always cheerful. | সে সবসময়ই ছিলো হাসি-খুশি | [SPT]
06. He often **spent** Eid at village home. | সে প্রায়ই গ্রামের বাড়িতে তার ঈদ কাটাতে।

Examples of Present Continuous Tense

চলো উদাহরণের মাধ্যমে শিখি

I am going	(আই অ্যাম গোলিং)	= আমি যাইতে	ছি
I am eating	(আই অ্যাম ইটিং)	= আমি খাইতে	ছি
I am running	(আই অ্যাম রানিং)	= আমি দৌড়াইতে	ছি
I am doing	(আই অ্যাম ডুয়িং)	= আমি করিতে	ছি
I am playing	(আই অ্যাম প্লেয়িং)	= আমি খেলিতে	ছি
I am walking	(আই অ্যাম ওয়াকিং)	= আমি হাঁটতে	ছি
I am reading	(আই অ্যাম রীডিং)	= আমি পড়িতে	ছি
I am drinking	(আই অ্যাম ড্রিংকিং)	= আমি পান করিতে	ছি
I am taking	(আই অ্যাম টেকিং)	= আমি লইতে	ছি
I am winning	(আই অ্যাম উয়িনিং)	= আমি জয় করিতে	ছি
I am coming	(আই অ্যাম কমিং)	= আমি আসিতে	ছি
I am talking	(আই অ্যাম টকিং)	= আমি বলিতে	ছি
I am writing	(আই অ্যাম রাইটিং)	= আমি লিখিতে	ছি
I am listening	(আই অ্যাম লিসেনিং)	= আমি শুনিতে	ছি
I am working	(আই অ্যাম ওয়ার্কিং)	= আমি কাজ করিতে	ছি
I am flying	(আই অ্যাম ফ্লাইয়িং)	= আমি উড়িতে	ছি
I am planning	(আই অ্যাম প্ল্যানিং)	= আমি প্রান করিতে	ছি
I am working	(আই অ্যাম ওয়ার্কিং)	= আমি কাজ করিতে	ছি
I am studying	(আই অ্যাম স্টাডিয়িং)	= আমি পড়িতে	ছি

I am going = আমি যাইতে ছি

I was going = আমি যাইতে ছিলাম

ব্যাখ্যা: উপরের দুটি বাক্যের অর্থ মিলিয়ে চিন্তা করলে সহজেই বুঝা যায়, উপরের বাক্যে 'am' থাকতে বাক্যের শেষে 'ছি' যুক্ত হয়েছে আর 'was' থাকতে 'ছিলাম' যুক্ত হয়েছে। নিচে আরো দুটি উদাহরণ দেখা যাক:

I am eating = আমি খাইতে ছি

I was eating = আমি খাইতে ছিলাম

Present Continuous Tense

Present অর্থ বর্তমান। *Continuous* অর্থ চলমান বা ঘটমান। তার মানে, ঘটছে।

Present Continuous Tense-এর একটি উদাহরণ হলো: আমি যাইতেছি।

এই বাক্যের ইংলিশ হলো: I am going।

সজীব ক্রিকেট	খেলছে	= Sojib	is playing cricket.
সজীব স্কুলে	যাচ্ছে	= Sojib	is going to school.
সজীব বই	পড়ছে	= Sojib	is reading a book.
সজীব এখন	ঘুমাচ্ছে	= Sojib	is sleeping now.
সজীব বাজারে	যাচ্ছে	= Sojib	is going to bazaar.
সজীব রাস্তায়	হাঁটছে	= Sojib	is walking on the road.
সজীব সেখানে	ট্রেনিং করছে	= Sojib	is training there.
সজীব চা পান	করছে	= Sojib	is drinking tea.
তারা কঠোর পরিশ্রম	করছে	= They	are working hard.
তারা লাঞ্চ	করছে	= They	are having lunch.
বাইরে এখন	বৃষ্টি হচ্ছে	= It	is raining outside.
এটি শব্দ	করছে	= It	is making a noise.
কুকুরটি	খেউ খেউ	= The dog	is barking .
সজীব	জগিং	= Sojib	is jogging .
গাড়িটি	চলছে	= The car	is moving .
আমি	শুনছি তুমি আসছো	= I hear you	are coming .
আমি	এখন এটা নিয়ে ভাবছি	= Now I	am thinking about it.
সজীব বিশ্ববিদ্যালয়ে	গণিতে পড়ছে	= Sojib	is studying Math at University.

Subject একজন /
একটি হলে verb **is** হয়।

They (তারা) হলে
বহুবচন। তাই, are
হয়েছে। Subject
একের অধিক হলে
verb **are** হয়।

* তার মানে, বর্তমানে কোনো ঘটনা ঘটছে বা কোনো কাজ চলছে বা হচ্ছে

- এমন ঘটনাগুলো প্রকাশ করতে Present Continuous Tense ব্যবহার করা হয়।

আরো উদাহরণ

They have been doing that every day this week.

{ তারা এই সপ্তাহে প্রতিদিনই এটি করে আসছে }

He has been enjoying that program every week since it started.

{ শুরু হবার পর থেকে সে ঐ প্রোগ্রামটি প্রতি সপ্তাহে উপভোগ করে আসছে }

Structure: Subject + am / is / are + -ing দিয়ে আরো উদাহরণ

The country <i>is getting</i> rich.	{ দেশটি ধনী হচ্ছে । }
The climate <i>is changing</i> .	{ আবহাওয়া পরিবর্তন হচ্ছে । }
Internet <i>is becoming</i> popular day by day.	{ ইন্টারনেট দিন দিন জনপ্রিয় হচ্ছে । }
The Universe <i>is expanding</i> .	{ বিশ্ব প্রসারিত হচ্ছে । }
Opu <i>is becoming</i> more irritable day by day.	{ অপু দিন দিন আরো বেশি বিটে বিটে হতে যাচ্ছে । }
Your English <i>is improving</i> .	{ তোমার ইংরেজির উন্নতি হচ্ছে । }
Cities <i>are growing</i> .	{ শহর বাড়ছে । }
Conditions <i>are getting</i> better.	{ পরিস্থিতি আরো ভালো হচ্ছে । }
Environment <i>is being</i> polluted.	{ পরিবেশ দূষিত হচ্ছে । }
It's <i>always</i> raining.	{ সব সময়ই বৃষ্টি হচ্ছে । }
They <i>are always</i> complaining.	{ তারা সব সময়ই অভিযোগ করছে । }
They <i>are always</i> arguing.	{ তারা সব সময়ই তর্ক করছে । }
Abul <i>is always</i> laughing.	{ আবুল সব সময়ই হাসছে । }
You <i>are always</i> talking on the phone.	{ তুমি সব সময়ই ফোনে কথা বলছো । }
You <i>are always</i> finding faults.	{ তুমি সব সময়ই দোষ ধরছো । }

আগের থেকে *plan* বা *arrange* করা কোন কাজ হতে যাচ্ছে - এমন বুঝালেও তাকে **present continuous tense** দিয়ে প্রকাশ করা যায়।

The minister *is going* to inaugurate the bridge. { মন্ত্রী ব্রিজটি উদ্বোধন করতে যাচ্ছেন । }
(ইনো-গিউ-রেইট)

I *am meeting* my mother tomorrow. { আমি আগামীকাল মায়ের সাথে দেখা করছি । }

We *are going* to the beach at the weekend. { আমরা সপ্তাহের ছুটির দিনে সমুদ্র সৈকতে যাচ্ছি । }

They *are renting* a flat until their house is ready.

{ তারা একটি ফ্ল্যাট ভাড়া করছে যতক্ষণ না তাদের বাড়ি তৈরি হয় । }

I *am wondering* what kind of gift I can give my wife for her birthday.

{ আমি ভাবছি কী ধরনের উপহার আমি আমার স্ত্রীর জন্মদিনের জন্য নিতে পারি । }

বিভিন্ন পরীক্ষায় আসা Tense তথা

Right form of verb সম্পর্কিত প্রশ্নাবলী অনুশীলন করা যাক:

01. Wild animals are _____ their living places. (lose)

১-নং প্রশ্নের সমাধান ও ব্যাখ্যা

বাক্যের অর্থ: বন্য প্রাণীরা _____ তাদের বসবাসের জায়গা।

এখন, আমরা সবাই জানি, বন-জঙ্গলের গাছ-পালা কেটে ফেলাতে বন-জঙ্গল ছোট হয়ে যাচ্ছে।

* তার মানে, বন্য প্রাণীরা তাদের বসবাসের জায়গা হারাচ্ছে,

আর 'হারাচ্ছে' শব্দটির English হলো : *are losing* (লুফিং)।

অতএব, শূন্যস্থানে, *losing* বসবে।

lose (লুফ) শব্দের বাংলা অর্থ হলো 'হারানো'।

02. Yesterday I _____ (visit) Aparajeo Bangla.

২-নং প্রশ্নের সমাধান ও ব্যাখ্যা

উপরের বাক্যের অর্থ: গতকাল আমি _____ (দেখা) অপরাঙ্গের বাংলা।

তার মানে, গতকাল আমি অপরাঙ্গের বাংলা দেখতে গিয়েছিলাম।

আর এই "দেখতে গিয়েছিলাম" শব্দের ইংলিশ হলো: *visited*।

∴ শূন্যস্থানে উত্তর হবে: *visited*।

03. One day, a scholar _____ a river in a boat.

৩-নং প্রশ্নের সমাধান + ব্যাখ্যা

প্রদত্ত বাক্যটির অর্থ: একদিন একজন পণ্ডিত _____ একটি নদী একটি নৌকায়।

* তার মানে, একদিন একজন জ্ঞানী লোক নৌকায় করে একটি নদী _____।

উপরের বাংলা বাক্যটি শেষ করতে হলে আমরা কথায় কী বলি?

মুখে আমরা যা বলি, লেখাতেও সেটাই শুদ্ধ হয়ে বসবে।

হ্যাঁ, আমরা বলি "পার হচ্ছিলেন" যার ইংলিশ হলো: *was crossing*।

∴ বাক্যটি = One day a scholar *was crossing* a river in a boat.

∴ শূন্যস্থানে *was crossing* হবে।

Present Indefinite Tense	Present Continuous Tense
1. Abul has a nice house. { আবুলের একটি সুন্দর বাড়ি আছে। }	1. Abul is having dinner. { আবুল ডিনার করছে। }
2. This mango tastes sour. { এই আমটি খেতে টক। }	2. Abul is tasting the mango. { আবুল আমটির স্বাদ নিচ্ছে। }
3. Abul works everyday. { আবুল প্রতিদিন কাজ করে। }	3. Abul is working today. { আবুল কাজ করছে আজ। }
4. Abul lives in Rangpur. { আবুল বাস করে রংপুরে। }	4. Abul is living in Dhaka. { আবুল বাস করছে ঢাকায়। }
5. Abul takes coffee. { আবুল কফি খায়। }	6. Abul is taking coffee. { আবুল কফি খাচ্ছে। }
6. Cows eat grass. { গরু খায় ঘাস। }	5. The cow is eating grass. { গরুটি ঘাস খাচ্ছে। }
7. Water boils at 100-degrees. { পানি ১০০ ডিগ্রিতে ফুটে। }	7. The water is boiling now. { পানি এখন ফুটছে। }
8. My plane leaves at 8 tonight. { আমার প্লেন আজ রাত ৮টায় ছেড়ে যাবে। }	8. I'm meeting Kamal after class. { আমি ক্লাসের পরে কামালের সাথে সাক্ষাত করছি। }
9. At the end of the story, the detective catches the murderer. { গল্পটির শেষে গোয়েন্দাটি হত্যাকারীটিকে ধরে। }	9. In this photo, his uncle is walking beside Dhanmondi Lake. { এই ফটোতে ধানমন্ডি লেকের পাশ দিয়ে তার মামা হেঁটে যাচ্ছেন। }

Tips:

কোনো English sentence মুখস্থ করার দরকার নেই।
বাংলা অর্থ বুঝে বুঝে তিনবার জোরে জোরে পড়তে হবে।
দেখে দেখে তিনবার করে খাতায় লিখলে লেখার চর্চাও হবে,
আর অর্থসহ বাক্যটা ব্রেনের মধ্যে এমনিতেই গেঁথে যাবে।

একই Verb-এর simple form ও continuous form-এর তুলনামূলক ব্যবহার:

Verb + ing বিহীন	Verb-এর সাথে ing
Do you have a car? (own) { তোমার কি গাড়ি আছে? (মালিকানা বুঝাতে) }	They are having lunch at the moment. (eating) { তারা এই মুহূর্তে দুপুরের খাবার খাচ্ছে। }
That soup smells good. (has a good smell) { ঐ সুপের গন্ধ ভাল। }	He is smelling the soup. (sniffing at) { সে সুপের গন্ধ নিচ্ছে। (নাক দিয়ে গন্ধ নেয়া।)}
This milk tastes sour. (has a sour taste) { এই দুধ টক স্বাদযুক্ত। }	I was just tasting the food. (testing). { আমি খাবারটির কেবল স্বাদ পরীক্ষা করছি। }
You look great! (your current appearance) { তোমাকে বেশ দেখাচ্ছে! (তোমার বর্তমান চেহারা) } কোনো পোশাক / বেশ ধারণের কারণে কাউকে কেমন দেখায় এমন ক্ষেত্রে- You look great in those jeans! { ঐ জিন্সগুলোতে তোমাকে দারুণ দেখাচ্ছে! }	He was looking out of the window when I saw him. { সে জানালার বাইরে তাকাচ্ছিল যখন আমি তাকে দেখেছিলাম। }
What do you see? (notice with eyes) { তুমি কী দেখছ? (চোখ দিয়ে দেখা) }	I'm seeing my dentist this afternoon. (visiting) { আমি আজ বিকেলে আমার ডেন্টিস্টের সাথে সাক্ষাৎ করছি। see = সাক্ষাৎ করা। }
I don't hear well. (pick up with ears) { আমি ভালোভাবে শনি না। (hear দ্বারা কানে শোনা বুঝাচ্ছে) }	The judge will be hearing the evidence later this week. (listening to) { বিচারক এই সপ্তাহের শেষের দিকে সাক্ষাৎ জানি করতে থাকবেন। } (hear দ্বারা শনার কাজটা বুঝাচ্ছে)
I expect that you are tired. (assume) { আমি ধরে নিচ্ছি যে তুমি ক্লান্ত } (ধরে নেওয়া অর্থে)	Are you expecting visitors this evening? (waiting for them to arrive). { তুমি কি আজ বিকেলে পর্যটকদের আগমনের অপেক্ষা করছ? } (কারো আগমনের অপেক্ষায় থাকা অর্থে)
I feel that you are wrong. (think) { আমি মনে করি তোমার ভুল হয়েছে। } (feel দ্বারা চিন্তা-ভাবনা বা মতামত বুঝাচ্ছে)	How have you been feeling? (asking about physical state) { তুমি কেমন অনুভব করছ? } (feel শারীরিক অবস্থা জানতে চাওয়া অর্থে)
This melon weighs 2 kg. (Its weight is 2 kg) { এই তরমুজটির ওজন হয় ২ কেজি }	He is weighing the melon. (measuring its weight). { সে তরমুজটি ওজন করছে }

Tips:

English শুধু একটা Subject নয় ;

ইংরেজি একটি ভাষা।

স্কুল জীবন থেকেই এই চিন্তাটা মাথায় চুকিয়ে রাখতে হবে যে,

English হলো একটা ভাষা,

তাহলে English শেখাটা সহজ হয়ে যাবে।

Present Indefinite	Present Continuous
১০. You are stupid. { তুমি নির্বোধ }	১০. You are becoming good. { তুমি ভালো হচ্ছেো }
১১. I think that tea is fine. { আমার মনে হয় ঐ চা-টা খুব ভালো }	১১. What are you thinking about? { তুমি কী নিয়ে ভাবছো ? }
১২. I have a headache. { আমার মাথা ব্যথা আছে }	১২. I' m having a bath. { আমি গোসল করছি }
১৩. What do you really want to mean? { তুমি আসলে কী বুঝাতে চাও? }	১৩. I' m seeing Shuvo tomorrow. { আমি শুবুর সাথে আগামীকাল দেখা করছি। }
১৪. The coffee tastes really great. { কফিটি স্বাদে আসলেই দারুণ }	১৪. The cooker is tasting the food. { বাবুর্চি খাবারটির স্বাদ নিচ্ছে। }
১৫. It smells delicious. { এটার ঘ্রাণ সুস্বাদু }	১৫. The dog is smelling . { কুকুরটি গন্ধ নিচ্ছে }
১৬. How does Shuvo feel after the accident? { দুর্ঘটনাটির পর শুভ কেমন অনুভব করছে ? }	১৬. How are you feeling now? { তুমি এখন কেমন অনুভব করছো? }
১৭. I feel that you are trying hard. { আমার মনে হয় তুমি কঠোর চেষ্টা করছো }	১৭. She is feeling his forehead. { সে তার কপালে অনুভব করছে। তার মানে, সে তার কপালে হাত দিয়ে দেখেছে জ্বর আছে কিনা। } I am not feeling well. {আমি ভালো অনুভব করছি না। মানে, আমার ভাল লাগছে না। }

নিচের শব্দগুলো **-ing** হয় না, তথা **Continuous** বাক্যে ব্যবহৃত হয় না

আমি আম পছন্দ করিতেছি (= I am liking mango) – এটা কিন্তু আমরা বলি না।

আমরা বলি, আমি আম পছন্দ করি = I like mango.

agree (অ্যাগ্রী) = রাজি হওয়া।	imagine (ইম্যাজিন) = কল্পনা করা।
belong (বিলং) = মালিকানা থাকা।	like (লাইক) = পছন্দ করা।
consist (কন্সিস্ট) = গঠিত হওয়া।	need (নীড) = প্রয়োজন হওয়া।
contain (কন্টেইন) = ধারণ করা।	prefer (প্রেফার) = অধিকতর পছন্দ করা।
deserve (ডিসার্ভ) = কোনো কিছুর যোগ্য হওয়া।	realise (রিঅ্যালাইজ) = বুঝা; উপলব্ধি করা।
disagree (ডিস-এগ্রী) = একমত না হওয়া।	sound (সান্ড) = শব্দ করা; মনে হওয়া।
dislike (ডিস-লাইক) = অপছন্দ করা।	suppose (সাপোজ) = মনে করা; আশঙ্ক করা।
doubt (ডাউট) = সন্দেহ করা।	fit (ফিট) = খাপ খাওয়া।
seem (সীম) = মনে হওয়া।	wish (উয়িশ) = ইচ্ছা করা।
hear (হীআর) = শোনা।	understand (আন্ডা-স্ট্যান্ড) = বুঝা।
want (ওয়ান্ট) = চাওয়া।	

This box **contains** biscuits. (এই বাক্সটিতে বিস্কুট আছে)

ইংরেজিতে This box **is containing** biscuits বলা হয় না।

(এই বাক্সটি বিস্কুট ধারণ করিতেছে)

এমন কথা আমরা বাংলায় বলি না।

শুদ্ধ বাক্য	ভুল বাক্য
1. Bread consists of flour, water etc. { ময়দা, পানি প্রভৃতি দিয়ে রুটি তৈরি হয়। }	1. Bread is consisting of flour, water etc.
2. I don't believe the news. { আমি সংবাদটি বিশ্বাস করি না। }	2. I am not believing the news.
3. I believe him. { আমি তাকে বিশ্বাস করি। }	3. I am believing him.
4. I don't believe you are right. { আমি বিশ্বাস করি না তুমি ঠিক। }	4. I am not believing you are right.
5. I think you will pass. { আমি মনে করি তুমি পাশ করবে। }	5. I am thinking you will pass.
6. I want to go home. { আমি বাসায় যেতে চাই। }	6. I am wanting to go home.
7. Abul deserves it. { আবুল এটার যোগ্য। }	7. Abul is deserving it.
8. I disliked English. { আমি English অপছন্দ করতাম। }	8. I was disliking English.
9. She dislikes that boy. { সে ঐ বালকটিকে অপছন্দ করে। }	9. She is disliking that car.
10. I doubt what you are saying.	10. I am doubting what you are saying.
11. This shirt fits him well. { এই শাটটি তাকে ভালো মানায়। }	11. This shirt is fitting him well.
12. Do you hear music? { তুমি কি মিউজিক শুনো? }	12. Are you hearing the sound?
13. I imagine you must be tired. { আমার মনে হয় তুমি অবশ্যই ক্লান্ত হবে। }	13. I am imagining you must be tired.

শুদ্ধ বাক্য	ভুল বাক্য
14. I like reading detective stories. { আমি পছন্দ করি গোয়েন্দা গল্প পড়তে। }	14. I am liking reading detective stories.
15. I prefer coffee. { আমি কফি অপেক্ষাকৃত বেশি পছন্দ করি। }	15. I am preferring coffee.
16. I didn't realise the problem. { আমি সমস্যাটা বুঝতে পারি নাই। }	16. I wasn't realising the problem.
17. Your idea sounds great. { তোমার ধারণাটা চমৎকার মনে হয়। }	17. Your idea is sounding great.
18. I suppose he will be late. { আমার মনে হয় তার দেরি হবে। }	18. I'm supposing he will be late.
19. I don't understand that question. { আমি ঐ প্রশ্নটি বুঝতেছি না। }	19. I'm not understanding that question.
20. I wish to return home. { আমি চাই বাসায় ফিরতে। }	20. I am wishing to return home.
21. I disagree with you. { আমি তোমার সাথে দ্বিমত পোষণ করি। }	21. I am disagreeing with you.
22. I need a pen. { আমার একটি কলম দরকার। }	22. I am needing a pen.
23. Who does this bag belong to? { এই ব্যাগটি কার? }	23. Who is this bag belonging to?
24. They seem tired. { তাদেরকে ক্লান্ত মনে হয়। }	24. They are seeming tired.

উপরের বাক্যে **bold** করা verb-গুলোর সাথে **ing** যুক্ত হয় না বা

bold করা verb-গুলো **continuous** হয় না।

কেন হয় না?

ব্রিটিশরা তাদের কথা-বার্তায় কখনো এসব ক্ষেত্রে **ing** ব্যবহার করে না।

Present Perfect Tense (প্রেসেন্ট পার্ফেক্ট টেন্স)

নিচের উদাহরণগুলো বুঝে বুঝে জোরে জোরে পড়ো।

বিজয়	ক্রিকেট	খেলেছে	= Bijoy has played cricket.
বিজয়	বাড়ি	ফিরেছে	= Bijoy has returned home.
বিজয়	স্কুলে	গিয়েছে	= Bijoy has gone to school.
বিজয়	লাঞ্চ	বেয়েছে	= Bijoy has eaten lunch.
বিজয়	ডালো	খুমিয়েছে	= Bijoy has slept well.
বিজয়	বইটি	পড়েছে	= Bijoy has read the book.
বিজয়	অনেক জগিং	করেছে	= Bijoy has jogged much.
বিজয়	কাজটি	করেছে	= Bijoy has done the work.
বিজয়	ঢাকায়	থেকেছে	= Bijoy has lived in Dhaka.
* বিজয়	দশ বছর ধরে	করিমকে চেনে	= Bijoy has known Karim for ten years.

Subject
একজন
বা একটি হলে
verb **has** হয়

[* তার মানে, বিজয় করিমকে দশ বছর ধরে চিনে-জানে]

বিজয়	তার দাঁত	ব্রাশ	করেছে	= Bijoy has brushed his teeth.
বিজয়	তোমার	চিঠি	পেয়েছে	= Bijoy has got your letter.
বিজয়	জার্মানি		গিয়েছে	= Bijoy has gone to Germany. [তার মানে, বিজয় জার্মানি চলে গিয়েছে; এখনো সেখানে বাস করছে।]
বিজয়	জার্মানি		গিয়েছে	Bijoy has been to Germany. [তার মানে, বিজয় জার্মানি পূর্বে কোনো এক সময় গিয়েছিল, কিন্তু বর্তমানে সেখানে নেই।]
বিজয়	জার্মানি	ভ্রমণ	করেছে	= Bijoy has travelled to Germany.
* বিজয়	৮ বছর	এখানে বাস	করেছে	= Bijoy has lived here for 8 years.

তার মানে, বিজয় ৮ বছর যাবৎ এখানে বাস করেছে এবং এখনো বাস করছে।

তারা	ঢাকায়		থেকেছে	= They have lived in Dhaka.
আমি	ঢাকায়	বাস	করেছি	= I have lived in Dhaka.
তুমি বা তোমরা	ঢাকায়	বাস	করেছো	= You have lived in Dhaka.

I / You-
এর সাথে has
না হয়ে,
have হয়।

* তার মানে, কোনো কাজ পূর্বে শুরু হয়ে শেষ হয়েছে বা এখনো চলছে-
এমন বুঝালে তাকে Present Perfect Tense দিয়ে প্রকাশ করা হয়।

- Abul **has** already **done** his homework. { আবুল ইতোমধ্যে তার বাড়ির কাজ শেষ করেছে। }
- I **have** **received** your letter just now. { আমি এইমাত্র তোমার চিঠি পেয়েছি। }
- Faisal **has** **passed** the exam this year. { ফয়সাল এই বছর পরীক্ষায় পাশ করেছে। }
- I **haven't** **met** him recently. { তার সাথে আমার সম্প্রতি সাক্ষাৎ হয়নি। }
- Abul **has** **drunk** three cups of coffee today. { আবুল আজ তিন কাপ কফি খেয়েছে। }
- This week they've **done** shopping four times. { এই সপ্তাহে তারা চার বার শপিং করেছে। }
- Abul **has** **e-mailed** this today. { আবুল আজ এটা ই-মেইল করেছে। }
- Researchers **have** **recently** **discovered** a new breed of jute.
 { গবেষকরা সম্প্রতি পাটের একটা নতুন জাত আবিষ্কার করেছেন। }
- * তার মানে, কোন কাজ সম্প্রতি, ইদানিং, এইমাত্র, আজ, এই সপ্তাহে শেষ হয়েছে - এমন বাক্যেও তাকে Present Perfect Tense দিয়ে প্রকাশ করা হয়।

- * Abul **has** **worked** as a teacher for over 20 years.
 * আবুল ২০ বছরেরও বেশি সময় ধরে শিক্ষক হিসেবে কাজ করেছে।
 * তার মানে, আবুল ২০ বছরেরও বেশি সময় ধরে শিক্ষক হিসেবে কাজ করেছে এবং এখনও শিক্ষক হিসেবে কাজ করছে।
- Abul **has** **gone** to Cox's bazar. { আবুল কক্সবাজার গিয়েছে। }
- { * তার মানে, আবুল কক্সবাজার গিয়েছে এবং এখনো সেখানে আছে। }
- Abul **has** **gone** to Rongpur for a week. He will be back tomorrow.
 { আবুল এক সপ্তাহের জন্য রংপুরে গেছে। সে আগামীকাল ফিরবে। }
- Sajib **has** **been** here for ten days. { সজিব দশ দিন ধরে এখানে আছে। }
- "Where's Abul?" "He's **gone** to Agora shopping mall" (he's at Agora now).
 { "আবুল কোথায়?" "তিনি Agora শপিং মলে গেছেন" (তার মানে, তিনি এখন Agora-তে)। }
- They've **gone** to New York for two weeks (now they're in New York).
 { তারা নিউইয়র্ক গিয়েছে দুই সপ্তাহের জন্য (তার মানে, এখনো তারা সেখানে আছে)। }
- * তার মানে, অতীতে কোনো কাজ শুরু হয়ে এখনো শেষ হয়নি- এমন বাক্যে তাকে Present perfect দিয়ে প্রকাশ করা হয়।

Present perfect tense-এর আরো উদাহরণ

Karim **has written** two novels and he is working on another one.

[করিম ২টা উপন্যাস লিখেছে এবং আরো একটির উপর কাজ করছে।]

I **have played** the piano since I was 14.

[যখন আমার বয়স ছিলো ১৪ বছর, তখন থেকে আমি পিয়ানো বাজাই।]

Abul **has watched** that program every week. [আবুল প্রতি সপ্তাহে ঐ প্রোগ্রাম দেখেছে।]

Have you ever met Karim?	[তুমি কি কখনো করিমের সাথে সাক্ষাৎ করেছো?]
Abul has never studied French.	[আবুল কখনো ফ্রেন্স ভাষা পড়েনি।]
Have you ever been to Cox's bazar?	[তুমি কি কখনো কক্সবাজার গিয়েছো?]
Have you ever seen a ghost?	[তুমি কি কখনো ভূত দেখেছ?]
Have you ever seen the movie <i>Lagaan</i> ?	[তুমি কি কখনও <i>Lagaan</i> ছবিটি দেখেছো?]
Abul has never been to Cox's Bazar.	[আবুল কখনও কক্সবাজারে যায়নি।]
Has the postman come yet ?	[ডাকপিওন কি এখনো এসেছে?]
We have not seen Selim recently .	[আমরা সেলিমকে সম্প্রতি দেখিনি।]
A: Could you clean the car?	[A: তুমি কি দয়া করে গাড়িটি পরিষ্কার করবে?]
B: I've already done it.	[B: আমি ইতোমধ্যেই এটি করে ফেলেছি।]
I have not seen Karim this week .	[আমি এই সপ্তাহে করিমকে দেখি নাই।]

Abul **has been** to Kuakata. [আবুল কুয়াকাটা গিয়েছে।]

[তার মানে, আবুল কুয়াকাটা গেছে, এবং কিছু দিন বা কিছু সময় সেখানে থেকে ফিরে এসেছে।]

Abul **has visited** national museum. [আবুল জাতীয় জাদুঘর পরিদর্শন করেছে।]

Abul **has been** to school today (but now he has returned home.)

[আবুল আজ স্কুলে গিয়েছে (কিন্তু এখন সে বাসায় ফিরেছে)।]

"Where **have you been**?" "I've **been** to the new market."

["তুমি কোথায় ছিলে?" "আমি নিউমার্কেটে গিয়েছিলাম"।]

This was the best film I **have ever** seen.

[এ পর্যন্ত আমি যত ছবি দেখেছি তার মধ্যে এটি ছিলো সবচেয়ে ভালো ছবি।]

* তার মানে, অতীতে কিছু সময় ধরে কোন কাজ শুরু হয়ে শেষ হয়ে গেছে -
এমন বুঝলে তাকে Present perfect tense দিয়ে প্রকাশ করা হয়।

Tense-এর ভুল

- News of Charles Lindbergh's famous transatlantic flight in 1927 spreads rapidly
 A B
 despite the lack of an international communication system. **DU (A):2010-11**
 C D

শব্দের অর্থ

famous (ফেইমাস) - বিখ্যাত । **spread** (স্প্রেড) - ছড়িয়ে পড়া ।
rapidly (র্যাপিডলি) - দ্রুত । **despite** (ডেস্পাইটি) - সত্ত্বেও ।
lack (ল্যাক) - অভাব । **communication** - যোগাযোগ ।

সমাধান

সংবাদ ছড়িয়ে পড়েছিল - এর ইংরেজি হল *News spread* ।
 তাই (B)-তে *spreads*-এর বদলে *spread* হবে ।

সারাংশ বাক্য

News spread rapidly. (সংবাদ দ্রুত ছড়িয়ে পড়ল।)

শব্দগুচ্ছের অর্থ

News of Charles Lindbergh's	...	=	Charles Lindbergh-এর সংবাদটি	...
famous transatlantic flight	...	=	আটলান্টিক বিখ্যাত ট্রাইটের	...
in 1927	...	=	১৯২৭ সালে	...
spread rapidly	...	=	ছড়িয়ে পড়েছিল দ্রুত	...
in spite of the lack	...	=	অভাব সত্ত্বেও	...
of an international	...	=	একটি আন্তর্জাতিক	...
communication system	...	=	যোগাযোগ ব্যবস্থার	।

ইংরেজি বাক্য ও অর্থ

News of Charles Lindbergh's famous transatlantic flight in 1927
 spread rapidly in spite of the lack of an international communication system

(বিশ্বব্যাপী যোগাযোগ ব্যবস্থা না থাকা সত্ত্বেও ১৯২৭ সালে ঘটা চার্লস Lindbergh-এর বিখ্যাত
transatlantic flight বা প্রেনে-উড়ার সংবাদটি দ্রুত ছড়িয়ে পড়েছিল।)

Present Perfect Continuous Tense (প্রেসেন্ট পার্ফেক্ট কন্-টিনিউ-য়াস্ টেন্স)

এটির ব্যবহার আমরা শিখব উদাহরণের মাধ্যমে। নিচের উদাহরণগুলো মন দিয়ে পড়া যাক:

আবুল সকাল ১০টা থেকে খেলছে = Abul has been playing since 10 am.

(* তার মানে, সকাল দশটায় আবুল খেলা শুরু করেছে এবং কথাটা যখন বলা হলো তখনো সে খেলছে)

আবুল ১০ মিনিট ধরে হাঁটছে = Abul has been walking for 10 minutes.

আবুল ৫ বছর ধরে স্কুলে যাচ্ছে = Abul has been going to school for 5 years.

(* তার মানে, আবুল স্কুল যাওয়া শুরু করেছিলো ৫ বছর আগে এবং এখনো সে স্কুলে যায়)

আবুল ২০ মিনিট ধরে খাচ্ছে = Abul has been eating for 20 minutes.

আবুল সকাল থেকে ঘুমাচ্ছে = Abul has been sleeping since morning.

আবুল ৩ ঘন্টা ধরে পড়ছে = Abul has been reading for 3 hours.

আবুল ছয় বছর যাবৎ জগিং করছে = Abul has been jogging for six years.

আবুল সকাল ৯টা থেকে কাজ করছে = Abul has been working since 9 a.m.

আবুল ১০ বছর ধরে ঢাকায় বাস করছে = Abul has been living in Dhaka for 10 years.

তিন দিন যাবৎ ওড়ি ওড়ি বৃষ্টি হচ্ছে = It has been drizzling for 3 days.

কখন থেকে তুমি এই বইটি লিখছো? = Since when have you been writing this book?

তারা ১০ মিনিট ধরে চা পান করছে = They have been drinking tea for 10 minutes.

একের অধিক Subject
হলে verb have হয়।

* তার মানে, কোনো কাজ পূর্বে শুরু হয়ে এখনো শেষ হয়নি, নির্দিষ্ট সময় থেকে নির্দিষ্ট সময় 'ধরে' কোনো ঘটনা ঘটছে বা কোনো কাজ চলছে— এমন বুঝালে তাকে Present Perfect Tense দিয়ে প্রকাশ করা হয়।

উপরের উদাহরণগুলো থেকে আমরা নিচের Structure-টি পাই:

Structure: Sub + have been / has been + verb-ing from + ... (বাকি অংশ)

নির্দিষ্ট সময় 'হতে / থেকে' বুঝালে since বসে আর নির্দিষ্ট সময় 'ধরে' বুঝালে for বসে।

- In 1937, Amelia Earhart, the famous aviator, disappears during her attempt to fly around the world.
- A B C
D

শব্দের অর্থ

aviator (এইভিএইটর) - বিমান চালক । **attempt** (আটেম্পট) - প্রচেষ্টা ।
fly (ফ্লাই) - উড়ে যাওয়া । **disappear** (ডিসঅ্যাপিয়ার) - অদৃশ্য হওয়া ।
famous (ফেইমাস) - বিখ্যাত ।

সমাধান

1937 সালের ঘটনা হওয়াতে (A)-তে *disappears*-এর বদলে *disappeared* হবে ।

সারাংশ বাক্য

Amelia Earhart disappeared. (Amelia Earhart অদৃশ্য হয়ে গেলেন ।)

শব্দগুচ্ছের অর্থ

In 1937, Amelia Earhart	, =	১৯৩৭ সালে, Amelia Earhart	,
... the famous aviator	... = ...	বিখ্যাত বিমানচালক	...
... disappeared	... = ...	অদৃশ্য হয়ে যান	...
... during her attempt	... = ...	তার প্রচেষ্টার সময়	...
... to fly	... = ...	ভ্রমণ করতে	...
... around the world	. = ...	পৃথিবীর চারদিকে	।

সঠিক ইংরেজি বাক্য ও অর্থ

In 1937, Amelia Earhart, the famous aviator disappeared during her attempt to fly around the world

(বিখ্যাত বিমান চালক *Amelia Earhart* ১৯৩৭ সালে পৃথিবীর চারপাশে ভ্রমণ করার সময় নিখোঁজ হয়ে যান ।)

Past Indefinite / Simple Past Tense

Simple অর্থ সাধারণ এবং Past অর্থ অতীত ।

Simple Past বা সাধারণ অতীত কালের উদাহরণ হলো: I went = আমি গিয়েছিলাম ।

নিচের উদাহরণগুলো বুকে বুকে জোরে জোরে পড়া যাক

রবি ক্রিকেট	খেলেছিলো	= Robi played	cricket.
রবি স্কুলে	গিয়েছিলো	= Robi went	to school.
রবি গতকাল	খেলেছিলো	= Robi played	yesterday.
রবি এখানে	এসেছিলো	= Robi came	here.
রবি পানি	পান করেছিলো	= Robi drank	water.
রবি চিড়িয়াখানা	দেখতে গিয়েছিলো	= Robi visited	zoo.
রবি গতকাল	গিয়েছিলো	= Robi went	yesterday.
রবি ইংরেজি	শিখেছিলো	= Robi learned	English
রবি তার হাত	কেটে ফেলেছিলো	= Robi cut	his hand.
রবি ১ ঘন্টা আগে ডিনার	খেয়েছিলো	= Robi ate	dinner one hour ago.
রবির গতরাতে ভালো	ঘুম হয়নি	= Robi did not	sleep well last night.
রবি হাসতে হাসতে অনত্র	গিয়েছিল	= Robi went	away laughing.
রবি দশ বছর সেখানে	বাস করেছিলো	= Robi lived	there for 10 years.

* তার মানে, অতীতে কোনো কাজ হয়েছিলো বা কোনো ঘটনা ঘটেছিলো,

এমন বুঝলে তাকে Past Simple বা Past Indefinite Tense (পাস্ট ইন্ডেফিনিট টেন্স)

দিয়ে প্রকাশ করা হয় । Definite অর্থ নির্দিষ্ট । Indefinite অর্থ অনির্দিষ্ট ।

তাহলে, Past Indefinite অর্থ হলো অনির্দিষ্ট অতীত ।

* Structure : Subject + verb-এর past form + বাকি অংশ ।

যদি আনাস তোমার ঠিকানা জানতো। = If Anas **knew** your address.

যদি আনাস একজন রাজা হতো। = If Anas **were** a king !

* তার মানে, (অতীতের) অব্যক্তব এবং অসম্ভাব্য ঘটনাকেও Past Indefinite Tense দ্বিধে প্রকাশ করা হয়।

She **was** only 20 when she **had** her first baby.

{ তার বয়স ছিল মাত্র ২০ যখন তার প্রথম বাচ্চাটি হয়েছিলো }

He **was** quite **shocked** when I **told** him.

{ সে বেশ ব্যথিত হলো যখন আমি তাকে বললাম }

I **went** there when I **was** a child.

{ আমি সেখানে গিয়েছিলাম যখন আমি ছিলাম একটি শিশু }

I **got** into the bath when the phone **rang**.

{ আমি গোসলখানায় ঢুকলাম যখন ফোনটি বেজে উঠল }

I **hated** doing sums when I **was** at school.

{ আমি অংক করাকে ঘৃণা করতাম যখন আমি স্কুলে ছিলাম }

* তারমানে, অতীতে দুটি কাজ একই সময়ে ঘটলে সেক্ষেত্রে Past Indefinite Tense ব্যবহার করা যায়।

গুরুত্বপূর্ণ Rule

Rule-01: It is time, It is high time, It is proper time দ্বারা কোন sentence শুরু হলে, পরের অংশটি Past Indefinite-এ হয়, যেমন:

It is time you **gave up** bad habits. (তোমার খারাপ অভ্যাস ছাড়ার এখনই সময়)

It is high time you **went** there. (তোমার সেখানে যাওয়ার এখনই সময়।)

Rule-02: I wish, as if কিংবা as though-এর পর were, could এবং past form হয়। যেমন:

I **wish** I **could** fly. (যদি আমি উড়তে পারতাম।)

It sounds **as though** you **had** a good time. (মনে হচ্ছে তুমি বেশ ভালো সময় কাটিয়েছ।)

He speaks **as if / as though** he **were** mad. (সে এমনভাবে কথা বলে যেন সে পাগল।)

Rule-03: Compound / Complex sentence-এ একটা clause past tense থাকলে অন্যটিও past tense হয়, তবে universal truth-এর ক্ষেত্রে Present Tense হয়, যেমন:

When he **finished** the work, he **went** home. (যখন সে কাজ শেষ করলো, সে বাড়ি গেলো।)

He **came** and he **conquered**. (সে আসলো এবং জয় করলো)

He **said** that ice **floats** on water. (সে বলল যে বরফ পানিতে ভাসে)

□ From 1910 to 1927 Cora Harris has brought out an average of a novel a year.

A B C D

শব্দের অর্থ

average (আভারেজ) - গড়
 novel (নভেল) - উপন্যাস।

bring out (ব্রিং আউট) - প্রকাশ করা।

সমাধান

(A) 1910 থেকে 1927 পর্যন্ত ঘটনাগুলো অতীতের;

∴ has brought out (= বের করেছেন)-এর বদলে শুধু brought out (= বের করেছিলেন) হবে।

সারাংশ বাক্য

Cora Harris brought out. (Cora Harris প্রকাশ করেছিলেন।)

শব্দগুচ্ছের অর্থ

From 1910 to 1927 , = ১৯১০ থেকে ১৯২৭ সাল পর্যন্ত
 ... Cora Harris brought out ... = ... Cora Harris প্রকাশ করেছিলেন ...
 ... an average of a novel ... = ... গড়ে একটি করে উপন্যাস ...
 ... a year . = ... এক বছরে ।

সঠিক ইংরেজি বাক্য ও অর্থ

From 1910 to 1927 Cora Harris brought out an average of a novel a year.
 (1910 থেকে 1927 পর্যন্ত, Cora Harris বছরে গড়ে একটি উপন্যাস প্রকাশ করে ছিলেন।)

অর্থ বুঝে বুঝে উপরের English বাক্যটি দেখে দেখে copy করে হুবহু নিচে লিখো:

From

Past Continuous Tense (পাস্ট কন্-টি-নিউ-য়াস্ টেন্স)

Past অর্থ অতীত । Continuous অর্থ চলমান বা ঘটমান । তার মানে, ঘটছে ।

অতএব, Past Continuous Tense-এর বাংলা হলো ঘটমান অতীত কাল,

এবং এই tense-এর একটি বাক্য হলো : আমি মহিঁতেছিলাম ।

এই বাক্যের ইংলিশ হলো : *I was going* ।

নিচের উদাহরণগুলো বুঝে বুঝে জোরে জোরে পড়ো

কামাল ক্রিকেট	খেলছিলো	= Kamal was playing cricket.	<div style="border: 1px solid black; padding: 5px; display: inline-block;"> Subject একজন হলে was হয় </div>
কামাল বাড়ি	যাচ্ছিলো	= Kamal was going home.	
কামাল বই	পড়ছিলো	= Kamal was reading books.	
কামাল তখন	ঘুমাচ্ছিলো	= Kamal was sleeping then.	
কামাল কফি	খাচ্ছিলো	= Kamal was taking coffee.	
কামাল কাজ	করছিলো	= Kamal was working .	
কামাল ইংরেজি	শিখছিলো	= Kamal was learning English.	
কামাল অংক	করছিলো	= Kamal was doing sums.	
কামাল টিভি	দেখছিলো	= Kamal was watching TV.	
কামাল বিষয়টি নিয়ে	ভাবছিলো	= Kamal was thinking about the matter.	
কুকুরটি বাইরে	ডাকছিলো	= The dog was barking outside.	
বৃষ্টি	হচ্ছিলো	= It was raining .	<div style="border: 1px solid black; padding: 5px; display: inline-block;"> Subject একের অধিক বুঝলে verb were হয় । </div>
তারা ভাত	খাচ্ছিলো	= They were eating rice.	
কামাল কথা	বলছিলো	= Kamal was talking .	

* তার মানে, অতীতে কোনো কাজ ঘটছিল বুঝলে তাকে Past Continuous Tense দিয়ে প্রকাশ করা হয় ।

Structure : Subject + was/were + verb-ing form + ... (বাকি অংশ)

The children were watching TV when I returned home.

{ শিশুরা টিভি দেখছিলো যখন আমি বাড়ি ফিরলাম । }

As Awal was watching TV, the mobile phone rang.

{ যখন আউয়াল টিভি দেখছিলো, তখন মোবাইল ফোনটি বেজে উঠলো । }

When I was jogging, my aunt stopped me and asked what time it was.

{ যখন আমি জগিং করছিলাম, আমার aunt আমাকে ধামালো এবং জিজ্ঞাসা করলো এখন সময় কত । }

* তার মানে, অতীতে একটি কাজ চলছিল, তার মাঝখানে অন্য একটি কাজ শুরু হলো - সেক্ষেত্রে যে কাজটি আগে থেকে চলছিল তাকে Past Continuous Tense দ্বারা প্রকাশ করা হয় ।

Selim was always being late.

{ সেলিম সবসময় দেরি করতো । }

He was always losing his keys.

{ সে প্রায়ই তার চাবি হারাতো । }

He was always complaining.

{ সে সবসময় অভিযোগ করতো । }

They were always quarrelling.

{ তারা সবসময় ঝগড়া করতো । }

He was always giving people little presents.

{ সে প্রায়ই লোকদেরকে ছোট ছোট উপহার দিতো । }

I didn't like him - he was always borrowing money.

{ আমি তাকে পছন্দ করতাম না- সে প্রায়ই টাকা ধার করত । }

* তার মানে, অতীতে কোন কাজ বার বার অনাকাঙ্ক্ষিতভাবে ঘটলে সেক্ষেত্রে কাজটিকে Past Continuous Tense দ্বারা প্রকাশ করা হয় ।

Excuse me, I was wondering if this is the train of Khulna.

{ মাফ করবেন, আমি জানতে চাচ্ছিলাম এই ট্রেনটা খুলনার কিনা । }

I was wondering if I could get train here.

{ আমি জানতে চাচ্ছিলাম আমি এখানে ট্রেন পাবো কিনা । }

I was wondering if you could tell me how to get to the New Market.

{ আমি জানতে চাচ্ছিলাম যদি আপনি আমাকে বলতে পারতেন কীভাবে নিউ মার্কেটে যাওয়া যায় । }

I was wondering if we could have a breakfast together.

{ আমি জানতে চাচ্ছিলাম আমরা একসাথে সকালের নাস্তা করতে পারবো কিনা । }

* তার মানে, অন্ততাসুলত কোন ব্যাপারে কোন তথ্য জানতে তাকে Past Continuous দ্বারা প্রকাশ করা হয় ।

বুঝে বুঝে
পড়ো !

এই পৃষ্ঠাটি S@ifur's 4G Newest গ্রামার বই থেকে উদ্ধৃত

□ Having been beaten by the police for striking an officer, the man will cry out in pain.

A

B

C

D

{ CU B Unit (কলা ও মানববিদ্যা অনুষদ) ১ম বর্ষ ভর্তি পরীক্ষা: 2015 }

শব্দের অর্থ

beat (বীট) = পিটুনি দেয়া।

strike (স্ট্রাইক) = আঘাত করা।

cry (ক্রাই) = কান্দা।

pain (পেইন) = ব্যথা।

শব্দগুচ্ছে অর্থ

Having been beaten	...	=	পিটুনি খেয়ে	...
by the police	...	=	পুলিশ দ্বারা	...
for striking an officer	,	=	একজন অফিসারকে মারায়	...
the man will cry out	...	=	লোকটি কেঁদে উঠবে	...
in pain	,	=	ব্যথায়	।

সমাধান

উপরের বাক্যটির অর্থ পড়ে বুঝা যাচ্ছে : "জোরে কেঁদে উঠবে" না লিখে,

যদি "জোরে কেঁদে উঠেছিলো" লিখা হয়, তাহলে বাক্যটি খাপ খায় বা অর্থপূর্ণ হয়।

এই "জোরে কেঁদে উঠেছিলো" ইংলিশ হলো : cried out।

সুতরাং (D)-তে *will cry out* না হয়ে, **cried out** হবে। ∴ উত্তর (D)।

সারাংশ বাক্য

The man cried out. (লোকটি কেঁদে উঠল।)

সঠিক ইংরেজি বাক্য ও অর্থ

Having been beaten by the police for striking an officer,
the man cried out in pain.

একজন অফিসারকে মারায় পুলিশ দ্বারা পিটুনি খেয়ে লোকটি ব্যথায় জোরে কেঁদে উঠলো।

কোন সময়ের ঘটনা বর্ণনা করতে একই বাক্যে tense-কে সঠিকভাবে ব্যবহার করতে হবে।

বিঃদ্র: নিজের খাতায় সঠিক বাক্যটি দেখে দেখে ২/৩ বার বুঝে বুঝে লিখলে আপনার লেখার দক্ষতা বাড়বে।

Past Perfect Tense (পাস্ট পার্ফেক্ট টেন্স)

করিম আসার পরে আমরা ক্রিকেট খেলেছিলাম	= We played cricket after Karim had come .
সে খাওয়ার পর করিম চলে গিয়েছিলো	= Karim went away after he had eaten .
ঝড় থামার পর করিম গেলো	= Karim left after the storm had stopped .
করিম বিদেশ যাওয়ার আগে ইংরেজি শিখেছিলো	= Karim had learned English before he went abroad.
আমরা আসার আগে করিম স্কুলে গিয়েছিলো	= Karim had gone to school before we came.
সূর্য অস্ত যাওয়ার পূর্বে করিম কাজ করেছিলো	= Karim had worked before the sun set.
করিম জার্মানি বাস করেছিলো আমরা আসার আগে	= Karim had lived in Germany before we came.
করিম সকালের নাস্তা করেছিলো তুমি আসার আগে	= Karim had eaten breakfast before you came.
করিম ৫ বছর এখানে বাস করেছিলো তুমি আসার আগে	= Karim had lived here for 5 years before you came.
যেহেতু করিম তার ডিনার করেছিলো, তাই সে ক্ষুধার্ত ছিলো না	= As Karim had taken his dinner, he wasn't hungry.
যখন আমরা আসলাম করিম কাজটি শেষ করে ফেলেছিলো	= When we came, Karim had completed the work.
তার মানে, করিম কাজটি শেষ করার পরে আমরা আসলাম।	
করিম বললো যে সে সিনেমাটি দেখেছিলো	= Karim said that he had seen the movie.

* তার মানে, অতীতে দুটো ঘটনা একটা আরেকটার পর ঘটলে,

এই পুরো ব্যাপারটা প্রকাশ করতে ইংরেজি বাক্যের মধ্যে Past Perfect Tense লাগে, যেই ঘটনাটা আগে ঘটে সেটার আগে *had* যোগ করতে হবে এবং Verb-এর Past Participle form হবে।

যেমন: ... **had gone**, ... **had played** ..., **had arrived** ...

এই উদাহরণগুলো হলো Past Perfect Tense।

উদাহরণের মাধ্যমে ব্যাখ্যা

1. The patient had died before the doctor came. { অর্থ: ডাক্তার আসার আগেই রোগীটি মারা গিয়েছিলো। }
 ↓ ↓
 রোগীটি মারা গিয়েছিলো ডাক্তার আসার আগেই।
2. The doctor came after the patient had died. { অর্থ: ডাক্তার এসেছিলেন রোগীটি মারা যাওয়ার পর। }
 ↓ ↓
 ডাক্তার এসেছিলেন রোগীটি মারা যাওয়ার পর।

উপরের বাক্য দুটিতে রোগীটি মারা যায় আগে, এজন্য *had died* হয়েছে এবং অন্য অংশে ডাক্তার আসার ঘটনাটি পরে হওয়ায় এই অংশের Verb-টি Simple Past Tense-এ হয়েছে। তাই come-এর past form *came* হয়েছে।

অর্থাৎ আগের ঘটনা প্রকাশ করতে Past Perfect Tense এবং পরের ঘটনা প্রকাশের ক্ষেত্রে Simple Past Tense ব্যবহার করা হয়।

The train had left before we reached the station. = আমরা স্টেশনে পৌঁছার আগেই ট্রেনটি ছেড়ে দিল।

I had reached the college before the exam began. = পরীক্ষা আরম্ভ হওয়ার আগে আমি কলেজে পৌঁছলাম।

The bell had rung before he reached the college. = সে কলেজে পৌঁছার আগে ঘন্টা পড়ল।

The train left after we had reached the station. = আমরা স্টেশনে পৌঁছার পর ট্রেনটি ছেড়ে দিল।

He went away after we had done the work. = আমরা কাজটি করার পর সে চলে গেল।

When Karim **finished** BBA, he **had been** in Dhaka for 5 years.

{ যখন করিম BBA শেষ করলো, তখন সে ঢাকাতে ৫ বছর ধরে ছিলো। }

* তার মানে, যখন করিম BBA শেষ করলো, ততদিন তার পাঁচ বছর ঢাকাতে থাকা হয়ে গিয়েছিলো।

He **could not get** into his house. He **had lost** his keys.

{ সে বাড়ি প্রবেশ করতে পারেনি। সে তার চাবি হারিয়ে ফেলেছিলো। }

{ * চাবি হারানোর ব্যাপারটা আগে হয়েছিলো, তাই *had lost* হলো। }

I **went** to bed after I **had written** my letters.

{ চিঠিগুলো লিখা শেষ করার পর আমি ঘুমাতে গেলাম। }

{ চিঠি লেখার কাজটা আগে হয়েছিলো, তাই *had written* হলো। }

He **looked** as if he **had not slept** all night.

{ তাকে এমন দেখালো যেনো সে সারা রাত ঘুমায়নি। }

{ * ঘুমানোর কাজটা আগে, তাই *had ... slept* হলো। }

It was very dangerous. What if you **had got** lost?

{ এটা ছিলো খুবই বিপজ্জনক। কী হতো যদি তুমি হারিয়ে যেতে? }

I wish I **hadn't spent** so much money last month.

{ যদি আমি গতমাসে এত বেশি টাকা খরচ না করতাম }

* তার মানে, অতীতের কোন শর্ত, অনুমান বা ইচ্ছা প্রকাশে Past Perfect Tense ব্যবহার করা হয়।

No sooner had he gone out than it began to rain.

{ সে বাইরে যেতে না যেতেই বৃষ্টি শুরু হয়েছিল। }

বুঝে বুঝে
পড়ুন।

No sooner had the doctor come than the patient died.

ডাক্তার আসতে না আসতেই রোগীটি মারা গেল।

No sooner had the extortionists seen the police than they ran away.

চাঁদাবাজরা পুলিশকে দেখতে না দেখতেই দৌড়ে পালিয়ে গেল।

No sooner had we reached the station than the train left.

আমরা স্টেশনে পৌঁছতে না পৌঁছতেই ট্রেনটি ছেড়ে দিল।

No sooner had we gone to the college than the rain began.

আমরা কলেজে যেতে না যেতেই বৃষ্টি শুরু হল।

Scarcely had I gone out when he came.

{ আমি বাহিরে বের হওয়া মাত্রই সে এসেছিলো }

Hardly had I reached the station when the train left.

{ আমরা স্টেশনে পৌঁছামাত্রই ট্রেনটি ছেড়ে গেল }

I had hardly/scarcely closed my eyes when the phone rang.

{ আমি আমার চোখ বন্ধ করা মাত্রই ফোনটি বেজে উঠল। }

Hardly, Scarcely এবং **no sooner**-এর সাথে Past Perfect Tense ব্যবহার করা যেতে পারে।

যখন অতীতের দুটো কাজের মধ্যে একটি কাজ শেষ হবার ঠিক পরেই বা ঐ কাজটি ঘটা মাত্রই দ্বিতীয় কাজটি সম্পন্ন হয়, সেক্ষেত্রে যে কাজটি প্রথমে সম্পন্ন হল সেটাকে Past Perfect Tense দিয়ে প্রকাশ করা হয়।

Past Perfect Continuous Tense (পাস্ট পারফেক্ট কন্টিনিউয়াস টেন্স)

বুঝতে বুঝতে শিখবো,
শিখতে শিখতে বুঝবো!

আনাস এক ঘণ্টা ধরে বইটি পড়ছিল	= Anas had been reading the book for an hour.
আনাস ৩০ মিনিট ধরে দৌড়াচ্ছিলো	= Anas had been running for 30 minutes.
সে আসার পূর্বে আনাস ২ ঘণ্টা ধরে খেলছিলো	= Anas had been playing for 2 hours before she came.
{ বালকগুলি ঝগড়া করছিলো যখন শিক্ষক আগমন করলেন	= The boys had been quarreling when the teacher arrived.
গত বছর থেকে আনাস চেষ্টা করে আসছিলো	= Anas had been trying since last year.
কখন থেকে তুমি এই বইটি লিখছিলে ?	= Since when had you been writing this book?
{ আনাস এক বছর ধরে এখানে কাজ করছিলো, যখন তার সাথে করিমের সাক্ষাৎ হলো	= Anas had been working here for a year when he met Karim.

- * তার মানে, অতীতে একটি কাজ বা ঘটনা কিছু সময় ধরে চলছিলো বা ঘটছিলো
- এমন ক্ষেত্রে ঐ ঘটনাটিকে **had been + verb + ing** দিয়ে লেখা হয়।
- গ্রামারের ভাষায় একে Past Perfect Continuous Tense বলে।

Anas did not want to leave. He **had been living** in Dhaka all his life.

{ আনাস চলে যেতে চায়নি। সে তার সারা জীবন ঢাকায় বাস করে আসছিলো }

She was a good singer. She **had been singing** ever since she was a teenager.

{ সে ছিলো একজন ভালো গায়িকা। যখন সে একজন কিশোরী ছিলো তখন থেকেই সে গান গেয়ে আসছিলো }

The road was wet because it **had been raining** since last Friday.

{ রাস্তাটি ভেজা ছিলো কারণ গত শুক্রবার থেকে বৃষ্টি হচ্ছিল }

- * তার মানে, অতীতে কোনো একটি ঘটনা ঘটানোর / হওয়ার আগে তার কারণ হিসেবে অন্য একটা ঘটনা একটি নির্দিষ্ট সময় ধরে ঘটছিলো -এরূপ ক্ষেত্রে তাকে Past Perfect Continuous tense দিয়ে প্রকাশ করা হয়।

Future Indefinite Tense (ফিউ-চার ইন্-ডেফি-নিট্ টেন্স)

Tense অর্থ কাল বা সময়, **Simple** অর্থ সাধারণ এবং **Future** অর্থ ভবিষ্যত।
তার মানে, যা ভবিষ্যত সময়ে ঘটে বা ঘটে থাকে, তাকে Future Tense বলে।

I will go = আমি যাবো। এটি সাধারণ ভবিষ্যত কালের উদাহরণ।

নিচের উদাহরণগুলো বুকে বুকে জোরে জোরে পড়া যাক!

আজাদ	ক্রিকেট	খেলবে	= Azad	will play	cricket.
আজাদ	নিয়মিত	হাঁটবে	= Azad	will walk	regularly.
আজাদ	স্কুলে	যাবে	= Azad	will go	to school.
আজাদ	ভাত	খাবে	= Azad	will eat	rice.
আজাদ	এখন	ঘুমাবে	= Azad	will sleep	now.
আজাদ	বই	পড়বে	= Azad	will read	books.
আজাদ	প্রতিদিন স্কুলে	যাবে	= Azad	will go	to school daily.
আজাদ	প্রতিদিন দাঁত	ব্রাশ করবে	= Azad	will brush	his teeth everyday.
আজাদ	প্রতিদিন হাঁটা	হাঁটি করবে	= Azad	will jog	every day.
আজাদ	একটি মেইল	পাঠাবে	= Azad	will send	an e-mail.
আজাদ	স্টেশনে	পৌছবে	= Azad	will reach	the station.
আজাদ	তোমাকে এটা	কিনে দিবে	= Azad	will buy	you this.
আজাদ	তোমাকে সাহায্য	করবে	= Azad	will help	you.
আজাদ	কম্পিউটারটি	বন্ধ করবে	= Azad	will close	the computer.
আমরা	আগামীকাল ঢাকা	যাবো	= We	shall go	to Dhaka tomorrow.
আগামী মাসে	আজাদের বয়স	দশ বছর হবে	= Azad	will be	ten next month.

* তার মানে, ভবিষ্যতে কোনো xyz ঘটনা ঘটবে, এমন বুঝালে তাকে Future Indefinite Tense দিয়ে প্রকাশ করা হয়।

I promise I **will** buy you this toy today.
{ আমি প্রতিজ্ঞা করছি তোমাকে আজ এই খেলনা আমি কিনে দিবো }

Promise, you **will** never leave me.
{ প্রতিজ্ঞা করো, তুমি আমাকে কখনো ছেড়ে যাবে না }

Don't worry ! I **will** help you with this problem.
{ দুশ্চিন্তা করো না ! আমি তোমাকে এই সমস্যাটি সমাধান করতে সাহায্য করবো }

I promise I **won't** smoke again.
{ আমি প্রতিজ্ঞা করছি আমি আর কখনো ধূমপান করব না }

I **will** hit you if you do that again.
{ আমি তোমাকে আঘাত করব যদি তুমি ওটা আবার কর । }

You'll **suffer** for this !
{ তুমি এজন্যে ভুগবে ! }

* তার মানে, কোনো প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি বা হুমকিকে Future Indefinite Tense দ্বারা প্রকাশ করা যায় ।

বুঝে বুঝে
জোরে জোরে
পড়

He **will** talk about nothing but films.⁴

{ সে সিনেমা ছাড়া অন্য কিছু নিয়ে আলাপ করে না বা করবে না । তার মানে, যখনই সে কথা বলে সে শুধু সিনেমা নিয়ে আলাপ করে-এটা তাঁর অভ্যাস । }

Sabina **will** sit for hours listening to the radio.
{ সাবিনা ঘন্টার পর ঘন্টা বসে রেডিও শোনে । }

He **will** always **make** a noise when we are sleeping.
{ সে সবসময়ই শব্দ করবে বা করে থাকে যখন আমরা ঘুমাতে থাকি । }

* তার মানে, কারো কোন অভ্যাস বা আচরণ সম্পর্কে বললে তাকে Future Indefinite Tense দিয়ে প্রকাশ করা যায় ।

Tomorrow **will** be a nice day.

{ আগামীকাল হবে একটি ভালো দিন }

I think **Bangladesh** **will** win the next match.

{ আমি মনে করি বাংলাদেশ পরবর্তী ম্যাচে জিতবে }

It **will** be cold next week.

{ আগামী সপ্তাহে ঠান্ডা পড়বে }

We **shall** need the money next year.

{ আমাদের আগামী বছর টাকার প্রয়োজন হবে }

It'll be spring soon.

{ শীঘ্রই বসন্ত আসবে }

I **shall** be rich one day.

{ আমি একদিন ধনী হব }

You'll never **finish** that book.

{ তুমি ঐ বইটি কখনো শেষ করতে পারবে না }

* তার মানে, ভবিষ্যত সম্পর্কে কোন তথ্য দিতে কিংবা ভবিষ্যৎবাণী করতে future indefinite ব্যবহার করা যায় ।

They are going to see you tomorrow. { তারা আগামীকাল তোমাকে দেখতে যাচ্ছে। }

He is going to get a job. { সে শীঘ্রই একটি চাকরি পেতে যাচ্ছে। }

Selim is going to buy a car next week. { সেলিম আগামী সপ্তাহে একটি গাড়ি কিনতে যাচ্ছে। }

Look at the sky. It's going to rain. { আকাশের দিকে তাকাও। শীঘ্রই বৃষ্টি হতে যাচ্ছে। }

The boat is going to sink. { শীঘ্রই নৌকাটি ডুবে যাচ্ছে। }

* তার মানে, ভবিষ্যতে কোনো কিছু হতে যাচ্ছে / করতে যাচ্ছে প্রত্যেককে *going to* দিয়ে প্রকাশ করতে হয়।

নিচের বাক্যটিকে simple future / future indefinite tense দ্বারা পূর্ণ করো:

Nobody knows when he _____ death. { পুলিশ লাইনস্ স্কুল-কলেজ, রাংপুর }

সমাধান + ব্যাখ্যা

প্রদত্ত বাক্যের অর্থ: কেউ জানে না কখন সে _____ মৃত্যু।

এখন একটু চিন্তা করে বলুন এই বাংলা বাক্যটির

শূন্যস্থানে কোন বাংলা শব্দ আমরা বলি।

হ্যাঁ, ঠিক বলেছেন; শূন্যস্থানে "আলিঙ্গন করবে" কথাটি ঝাপ ঝায়।

পুরো বাংলা বাক্যটি হলো: কেউ জানে না কখন সে মৃত্যুকে আলিঙ্গন করবে।

আর এই "আলিঙ্গন করবে" ইংলিশ হলো: *will embrace*।

Nobody knows when he will embrace death.

তার মানে, শূন্যস্থানে *will embrace* হবে।

∴ উত্তর হবে: *will embrace*।

Future Continuous Tense (ফিউচার কন্টিনিউয়াস টেন্স)

Future (ফিউচার) অর্থ ভবিষ্যত। *Continue* অর্থ অব্যাহত থাকা বা করতে থাকা।
আর, *Continue* শব্দ থেকে এসেছে *Continuous*। *Continuous* অর্থ চলমান বা ঘটমান, তার মানে, ঘটছে।

নিচের উদাহরণগুলো বুঝে বুঝে জোরে জোরে পড়ুন।

রাজ	ক্রিকেট খেলতে থাকবে	= Raj	will be playing	cricket.
রাজ	স্কুলে যেতে থাকবে	= Raj	will be going	to school.
রাজ	বই পড়তে থাকবে	= Raj	will be reading	a book.
রাজ	এখন ঘুমাতে থাকবে	= Raj	will be sleeping	now.
রাজ	এখন হাঁটতে থাকবে	= Raj	will be walking	now.
রাজ	নাস্তা করতে থাকবে	= Raj	will be taking	breakfast.
রাজ	এখন কাজ করতে থাকবে	= Raj	will be working	now.
রাজ	ইংরেজি শিখতে থাকবে	= Raj	will be learning	English.
রাজ	বিকেল ৩টায় ট্রেনিং করতে থাকবে	= Raj	will be training	at 3 pm.
রাজ	জামালের সাথে কথা বলতে থাকবে	= Raj	will be talking	with Jamal.
রাজ	রাত ৯টায় টিভি দেখতে থাকবে	= Raj	will be watching	TV at 9 pm.
রাজ	শীঘ্রই আসছে না	= Raj	won't be coming	soon.
রাজ	সারাদিন পড়তে থাকবে	= Raj	will be studying	the whole day.
কুকুরটি	ঘেউ ঘেউ করতে থাকবে	= The dog	will be barking.	
এটি	শব্দ করতে থাকবে	= It	will be making	a noise.
আমরা	রাত ৯টায় রাতের খাবার খেতে থাকবো	= We	shall be having	dinner at 9 pm.

তার মানে, ভবিষ্যতে কোনো ঘটনা ঘটতে থাকবে বুঝাতে চাইলে বাক্যের মধ্যে

Future Continuous Tense-এর মাধ্যমে প্রকাশ করা হয়।

Will you be coming home?

{ তুমি কি বাড়ি আসছো? }

In an hour, I will be sitting in front of my TV.

{ এক ঘণ্টার মধ্যে আমি টিভির সামনে বসছি }

In the evening, we will be eating a birthday cake. {সন্ধ্যায় আমরা জন্মদিনের কেক খেতে থাকব।

* তার মানে, ভবিষ্যতে কোনো কাজ হতে থাকবে বা ঘটতে থাকবে বুঝাতে Future Continuous tense ব্যবহৃত হয়।

Raj won't be coming soon. He is still at the office. {রাজ শীঘ্রই আসছে না। সে এখনো অফিসে আছে।}

Bipu will be having lunch when I'm back. {যখন আমি ফিরব তখন বিপু লাঞ্চ করতে থাকবে।}

* তার মানে, ভবিষ্যতে কোনো কাজ হতে থাকবে এমন ধারণা এবং অনুমান করাকে Future Continuous দ্বারা প্রকাশ করা হয়।

Structure : Subject + shall be / will be + verb-ing form + ... (বাকি অংশ)

Future Perfect Tense (ফিউচার পারফেক্ট টেন্স)

এটির ব্যবহার আমরা শিখব উদাহরণের মাধ্যমে:

নিচের উদাহরণগুলো বুঝে বুঝে জোরে জোরে পড়ো!

শিক্ষক আসার পূর্বে আমি আমার অনুশীলনী লিখে ফেলব।	= I will have written my exercise before the teacher comes.
সে আসার পূর্বে করিম ক্রিকেট খেলে থাকবে	= Karim will have played cricket before he comes.
বিশেষ যাত্রার আগে করিম ইংরেজি শিখে থাকবে	= Karim will have learned English before he goes abroad.
সূর্য অস্ত যাত্রার পূর্বে করিম কাজটি সম্পন্ন করে থাকবে	= Karim will have finished the task before the sun sets.
স্কুলে যাত্রার আগে করিম বইটি পড়ে থাকবে	= Karim will have read (রেড) the book before he goes to school.
তুমি আসার আগে করিম স্কুলে গিয়ে থাকবে	= Karim will have gone to school before you come.
করিম অফিসে যাবার পূর্বে মা রান্না করে থাকবেন	= Mother will have cooked before Karim goes to office.
ট্রেন ছাড়ার আগে আমরা স্টেশনে পৌঁছিয়া থাকব	= We shall have reached the station before the train leaves.
এতোক্ষণে ট্রেনটি ছেড়ে গিয়ে থাকবে	= The train will have left by this time.
অতিথিরা এতোক্ষণে হোটেলে আগমন করে থাকবে	= The guests will have arrived at the hotel by now.
সে যে সময়ের মধ্যে আসবে, ঐ সময়ের মধ্যে আমরা আমাদের বাড়ির কাজ শেষ করে ফেলব	= By the time he arrives, we will have finished our homework.
২০১৬ সাল নাগাদ আমি এই অফিসটিতে ৬ বছর কাজ করে থাকবো	= By 2016, I will have worked for this office for 6 years.
সে আসার আগে আমি ফিকশনটি পড়া শেষ করে থাকবো	= I shall / will have finished reading the fiction before he comes.
যে সময়ের মধ্যে তুমি বইটি পড়ে শেষ করবে, ততক্ষণে / সেই সময়ের মধ্যে আমি সেখানে গিয়ে থাকব।	= By the time you finish reading this book, I will have gone there.

* তার মানে, ভবিষ্যতে কোনো নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হবে এমন কাজ / ঘটনাকে Future perfect tense দ্বারা প্রকাশ করা হয়।

Structure : Subject + shall have / will have + past participle + ... (বাকি অংশ)

কিন্তু, সুখবর হলো PEC, JSC, SSC ইত্যাদি কোন পরীক্ষায় Tense-এর এতসব নিয়মকানুন নিয়ে কোন প্রশ্ন আসবে না; এমনকি এসব rule বাস্তব জীবনেও কাজে লাগবে না! এ কথাটি আমি Saifur Rahman প্যারাক্সি দিয়ে বলছি! ব্যাপারটি জানা থাকলে সম্মানিত শিক্ষক মহোদয়গণেরও উপকার হবে। শিক্ষার্থীদের কাজ হলো মুখস্থ না করে বাক্যের অর্থ বুঝে বুঝে পড়া এবং sentence লিখার চর্চা করা। একথা বাজারের কোন বইতে কোন লেখকই আপনাকে বলবেন না !!!

Future Perfect Continuous Tense

(ফিউচার পারফেক্ট কন্টিনিউয়াস টেন্স)

এটির ব্যবহার আমরা শিখব উদাহরণের মাধ্যমে। নিচের উদাহরণগুলো মন দিয়ে জোরে জোরে পড়ুন:

সে সকাল ১০টা থেকে খেলতে থাকবে	= He will have been playing since 10 am.
সে ১০ মিনিট ধরে হাঁটতে থাকবে	= He will have been walking for 10 minutes.
সে সকাল থেকে টিভি দেখতে থাকবে	= He will have been watching TV since morning.
সে রাত ৯টা থেকে ইংরেজি শিখতে থাকবে	= He will have been learning English since 9 am.
সে রাত ১০টা থেকে ঘুমাতে থাকবে	= He will have been sleeping since 10 pm.
সে সকাল ৯টা থেকে কাজ করতে থাকবে	= He will have been working since 9 am.
সে ২০১৬ থেকে ঢাকায় বাস করতে থাকবে	= He will have been living in Dhaka since 2016
সে দুই ঘন্টা ধরে কাজ করতে থাকবে	= He will have been working for 2 hours.
সে সকাল থেকে পড়তে থাকবে	= He will have been reading since morning.
আনাস ২ ঘন্টা ধরে খেলতে থাকবে	= Anas will have been playing for 2 hours.
সে বিশ মিনিট ধরে দৌড়াতে থাকবে	= He will have been running for 20 minutes.
আগামী বছর নাগাদ সে এখানে ১০ বছর যাবৎ একজন শিক্ষক হিসেবে কাজ করতে থাকবে।	= By the next year, he will have been working as a teacher for 10 years.
এপ্রিল ২০১৬ সালে, আমি ৪ বছর যাবৎ শিক্ষকতা করতে থাকবো। (তার মানে, আমি ২০১২ সালের এপ্রিলে শিক্ষকতা শুরু করেছিলাম এবং এখনো শিক্ষকতা করছি এবং ২০১৬ সালের এপ্রিলে আমার শিক্ষকতার চার বছর পূর্ণ হবে।)	= In April 2016, I will have been teaching here for four years.

* তার মানে, ভবিষ্যতে কোনো কাজ একটি নির্দিষ্ট সময় ধরে ঘটতে থাকবে, এমন বুঝালে তাকে Future Perfect Continuous Tense দ্বারা প্রকাশ করা হয়।

01. It is raining very heavily since last night. No error.

A B C D

Uttara Bank : 2011

শব্দের অর্থ

rain (রেইন) - বৃষ্টি হওয়া। since (সিন্স) - হতে।
heavily (হেভিলি) - প্রবলভাবে। last (লাস্ট) - গত।

সমাধান

যেহেতু বৃষ্টি শুরু হয়েছিল গতরাতে এবং এখন পর্যন্ত হচ্ছে, সেহেতু (A)-তে *It has been raining* হবে।

শব্দগুচ্ছের অর্থ

It has been raining	...	=	...	বৃষ্টি হচ্ছে (হয়ে আসছে)	...	
...	very heavily	...	=	...	খুব প্রবলভাবে	...
...	since last night	.	=	...	গত রাত থেকে	।

সঠিক ইংরেজি বাক্য ও অর্থ

It has been raining very heavily since last night.

(গত রাত থেকে প্রবল বৃষ্টি হচ্ছে।)

02. It is high time we _____ the people conscious about our national interest.

(A) should make (B) must make (C) have to (D) made

DU, C : 2014

শব্দের অর্থ

people (পীপল) - জনগণ / লোকজন। conscious (কন্-শাস) - সচেতন।
national (ন্যাশনাল) - জাতীয়। interest (ইন্টারেস্ট) - স্বার্থ।

সমাধান

It is time / high time ইত্যাদির পর made / came / changed এরূপ হয়। ∴ উত্তর (E)।

শব্দগুচ্ছের অর্থ

...	It is high time	...	=	...	এখনই / এটাই সর্বোত্তম সময়	...
...	we made the people conscious	...	=	...	আমরা করি লোকজনকে সচেতন	...
...	about our national interest	.	=	...	আমাদের জাতীয় স্বার্থ সম্পর্কে	।

সঠিক ইংরেজি বাক্য ও অর্থ

It is high time we made the people conscious about our national interest
(জনগণকে / লোকজনকে আমাদের জাতীয় স্বার্থ সম্পর্কে সচেতন করার এটাই সর্বোত্তম সময়।)

03. Because she had an astounding memory, Shakila has never forgotten an important equation. Ex MBA(IBA): 2010
 (A) had an (B) could have had (C) has (D) did have (E) has had

সমাধান

has হবে, কারণ *Shakila*-র বিস্ময়কর *memory* এখনও আছে বলে সে এখনও ভুলেনি।
 সুতরাং উত্তর হবে (C)।

04. The boy stopped crying when he realized his parent will arrive shortly.
 A B C D রাবি (গ): ২০০৮-০৯

সমাধান

Stopped (= থামিয়েছিলো) তার মানে, অতীতের ঘটনা। *will* না হয়ে *would* হবে। উত্তর: (D)।

বাক্যের অর্থ যখন বালকটি বুঝতে পারল তার মাতাপিতা শীঘ্রই পৌঁছে যাবে, তখন বালকটি তার কান্না থামাল।

05. The employees who believe that they may be affected by the new policy should contact the authority.
 A. will have been effected B. may be effected C. will be affected
 D. will have been affected E. None of these Warid Telecom Ltd. :2006

সমাধান

যেসব কর্মীরা ভাবল যে নতুন *policy*-র দ্বারা তারা ক্ষতিগ্রস্ত হতে পারে,
 তাদেরকে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা উচিত।

Option-গুলো পড়ে দেখা গেলো, যে, একমাত্র উত্তর (C)-র সাথে বাক্যটি খাপ খায়। ∴ উত্তর হবে (C)।

বাক্যের অর্থ যেসব *employee*-রা নতুন নীতি দ্বারা ক্ষতিগ্রস্ত হবে বলে মনে করে তাদেরকে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা উচিত।

06. Choose the correct Answer. DU, D: 2010-11
 a. The pile of bones on the plate showed how much chicken the family had eaten.
 b. The pile of bones on the plate shown how much chicken the family had ate
 c. The pile of bones on the plate showed how much chicken the family had ate
 d. The pile of bones on the plate is shown how much chicken the family had eaten.

সমাধান

show-এর past tense *showed*। আর *had*-এর পর *ate* না হয়ে (*had*) *eaten* হবে।

∴ উত্তর (a)-তে এ ধরনের কোন ভুল নেই, বলে এটি সঠিক বাক্য।

ইংলিশ নিয়ে কিছু ভুল ধারণা !

আমরা মনে করি যে, গ্রামারের জ্ঞানের অভাবে আমরা ইংরেজিতে দুর্বল।

এটা ১০০% ভুল ধারণা।

তুমিই বলো, জীবনে কি কম গ্রামার পড়া হয়েছে ?

নামী-দামী লেখকদের, বাজারে প্রচলিত বিভিন্ন বই থেকে tense, voice, narration, modal প্রভৃতির রুল জীবনে তো কম পড়া হয়নি ! এর পরও তো ইংরেজি দেখলে বাঙালীর জ্বর উঠে, কারণ ইংরেজি পড়ে তো বুঝি না !! তার মানে, এতো গ্রামার পড়েও 'ইংরেজি বাক্যের অর্থ' বোঝার ক্ষমতা তোমার হয়নি।

তবে, সুখবর হলো, এটা তোমার দোষ নয়। আমাদের দেশের স্কুল-কলেজের ইংরেজি পরীক্ষার system-এর একটি বিরাট গভগোল হলোঃ আমাদের দেশে পরীক্ষাগুলো grammar-কেন্দ্রিক, ভাষা কেন্দ্রিক নয়। ফলে বছরের পর বছর হাজার হাজার গ্রামার পড়েও ইংরেজি ভাষা শেখা হয় না আমাদের ইংরেজি শেখানোর পদ্ধতিগত ত্রুটির কারণে।

Word-এর অর্থ জানা এবং

English বাক্যের বাংলা অর্থ

তৃপ্তিসহ বোঝাই হলো

আসল ব্যাপার।

অতএব ইংরেজির দক্ষতা বাড়ানোর জন্য S@ifur's-এ Spoken কোর্স ও Writing কোর্স করতে হবে। পাশাপাশি তোমাকে বাসায় বসে নিজে নিজে S@ifur's-এর ব্যতিক্রমী বইগুলো পড়তে হবে। ইংরেজি বাক্য বোঝার ক্ষমতা বাড়ালে JSC, SSC, HSC, ভার্শিটি ভর্তি, Job, BCS, MBA, IELTS প্রভৃতি যে কোনো পরীক্ষায় প্রশ্ন কমন পাওয়ার দৃষ্টিভঙ্গি একেবারে শেষ হয়ে যাবে।

বিদেশী grammar বই যেমন রেমন্ড মার্ফি, রেন and মার্টিন, Headway প্রভৃতি পড়ে তুমি লিখতে পারবে *has* হবে, না *have* হবে, *would* হবে, না *should* হবে প্রভৃতি।

কিন্তু এইসব বই পড়ে আসল রোগের কোনো চিকিৎসা হবে না, তথা,
বাক্য বোঝার ক্ষমতা তোমার এক বিন্দুও বাড়বে না, না, না।
কেননা এসব বিদেশী grammar বইতে তো কোন বাক্যের বাংলা দেয়া হয়নি।

ইংরেজি ভাষার দক্ষতার পরীক্ষা GMAT-এ

আমি কিন্তু সাদা চামড়াদেরকেও গো হারা হারিয়ে দিয়েছি।

আমি GMAT-এ top percentile স্কোর পেয়েছি। আমি তো S@ifur's-এ কোচিং করিনি!!
ইংলিশে অনার্স-মাস্টার্সও করিনি। তাহলে বোঝা যাচ্ছে, ইংলিশ শেখার জন্য S@ifur's-ও দরকার
নেই, আবার ইংলিশে অনার্স মাস্টার্সও দরকার নেই।

কিন্তু ইংরেজি শেখার গভীর জঙ্গল কেটে কেটে S@ifur's-এ আমরা কিছু রাস্তা বানিয়েছি,
যেগুলো হলো S@ifur's-এর কোর্সগুলো এবং S@ifur's-এর বইগুলো।

মোট কথা, 'গ্রামার জানি না বলে ইংলিশে আমরা দুর্বল' এই ধারণাটা 100% ভুল।
আসল হলো ইংরেজি বাক্য পড়ে বুঝার ক্ষমতা।

সবার জন্য :

- ① S@ifur's অনুবাদপিডিয়া (বড় বড় English বাক্য তৃপ্তিসহ বুঝার ডিকশনারী)
- ② S@ifur's Competitive Vocabulary

Lesson-02 The Sentence (দা সেন্টেন্স)

(1)	(2)
<ul style="list-style-type: none"> • The boy is good. (বালকটি হয় ভাল) • Karim is playing. 	<ul style="list-style-type: none"> • Good boy the is. (ভালো বালকটি হয়) • Karim playing is.

ডান দিকের ২-নং বক্সে কয়েকটি শব্দ পাশাপাশি বসলেও অর্থবোধক কোনো মনের ভাব প্রকাশ করেনি, তাই এইগুলিকে sentence বলা হয় না। কিন্তু বাম দিকের ১-নং বক্সের শব্দগুলো সঠিকভাবে সাজানো আছে, যেগুলো মিলিত হয়ে অর্থপূর্ণ ভাব প্রকাশ করেছে। ফলে অর্থবোধক বাক্য বা Sentence গঠিত হয়েছে।

* তার মানে, দুই বা ততোধিক শব্দ মিলিত হয়ে সম্পূর্ণরূপে মনের ভাব প্রকাশ করলে, সেই শব্দগুলোকে Sentence বলা হয়।

বাক্যের বক্তব্য বা অর্থের উপর নির্ভর করে তথা অর্থভেদে Sentence-কে পাঁচভাবে বিভক্ত করা হয়:

০১. Assertive Sentence (অ্যাসার্টিভ সেন্টেন্স - বিবৃতিমূলক বাক্য)
০২. Interrogative Sentence (ইন্টারোগেটিভ সেন্টেন্স - প্রশ্নবোধক বাক্য)
০৩. Imperative Sentence (ইমপেরাটিভ সেন্টেন্স - অনুজ্ঞাসূচক বাক্য)
০৪. Optative Sentence (অপ্-টেই-টিভ সেন্টেন্স - ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য)
০৫. Exclamatory Sentence (য়েক্স-ক্লেইমে-টরী সেন্টেন্স - বিস্ময়সূচক বাক্য)

এই বইয়ের
কোনো উত্তর নিয়ে সমস্যা হলে
বইয়ের নাম, সাল, পৃষ্ঠা ও প্রশ্ন নম্বর উল্লেখ করে
sms করুন নিচের নাম্বারে:
01915 230210; 01613 43 21 26

English sentence-এর
বাংলা অর্থ
তৃপ্তিসহ বুঝাই হলো
আসল ব্যাপার!

Assertive (আসারটিভ - বিবৃতিমূলক) Sentence

Assert অর্থ কোনো কিছু দৃঢ়ভাবে বলা। যে Sentence দিয়ে কোনো ব্যক্তি, প্রাণী, বস্তু ইত্যাদির বক্তব্য বা বর্ণনা দেওয়া হয়, তাকে Assertive / Declarative Sentence বলে।
কিছু উদাহরণ দেখা যাক:



(01) Pintu is a good player. (পিন্টু একজন ভালো খেলোয়াড়)

(02) We jog every morning.
(আমরা প্রতিদিন সকালে দৌড়াই)

(03) Reading book is a thing of pleasure.
(বই পড়া একটি আনন্দের বিষয়)



The boy is happy



The eagle is flying

(04) Karim is the captain of the team.

(05) Dhaka is a big city. (ঢাকা একটি বড় শহর)

Assertive Sentence-কে আবার দুই ভাগে ভাগ করা হয়েছে:

Affirmative and Negative

Affirmative Sentence: *Affirm* (আফার্ম) অর্থ কোনো কিছুকে সত্য বলা বা কোনো কিছুর পক্ষে বলা। *Affirm* শব্দটি এসেছে *firm* থেকে। *Firm* (ফার্ম) অর্থ দৃঢ় / শক্ত। আর *affirm* অর্থ দৃঢ় করা বা শক্ত করা। যে Sentence দ্বারা কোনো কিছু স্বীকার করা হয় বা হ্যাঁ-বোধক উক্তি করা হয়, তাকে Affirmative Sentence বলে।

কিছু উদাহরণ দেখা যাক:

(01) They have a big home.

(02) Karim plays cricket.

(03) They are playing football.

(04) They have eaten dinner.

(05) The man is running



Spider man is a super hero.

Negative Sentence: *Negate* (নেগেইট) অর্থ কোনো কিছুকে নাকচ করা বা অস্বীকার করা। Negative sentence অর্থ না-বোধক বাক্য। যে বাক্য দ্বারা কোনো কিছুর ব্যাপারে অস্বীকার করা হয় বা না-বোধক কথা বলা হয়, তাকে Negative Sentence বলে। যেমন:

(01) He has no pen.

(02) They do not smoke. (তারা ধূমপান করে না)

(03) He has not done his duty.

Interrogative Sentence

Interrogate (ইন্টারোগেট) অর্থ জিজ্ঞাসাবাদ করা বা প্রশ্ন করা। Interrogative sentence অর্থ প্রশ্ন বোধক বাক্য। যে Sentence দিয়ে কোনো প্রশ্ন করা হয়, তাকে Interrogative Sentence বলে। এই ধরনের বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) ব্যবহার করতে হয়,

যেমন:

- | | |
|--------------------------------|-------------------------------|
| (01) Have you eaten? | (তুমি কি খেয়েছো?) |
| (02) Are you going home? | (তুমি কি বাসায় যাচ্ছে?) |
| (03) When will you go home? | (তুমি কখন বাড়ি যাবে?) |
| (04) How did you do it? | (তুমি এটা কীভাবে করেছিলে?) |
| (05) Can you swim? | (তুমি কি সাঁতার কাটতে পার?) |
| (06) What is your future plan? | (তোমার ভবিষ্যৎ পরিকল্পনা কি?) |



Imperative Sentence

যে সব বাক্য দ্বারা কারো কোনো আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ বুঝায় সেই সব বাক্যগুলোকে গ্রামারের ভাষায় Imperative Sentence বলে। যেমন:


- | | |
|--|-------------------------------|
| (01) উপদেশ: Take care of your health. | = তোমার স্বাস্থ্যের যত্ন নাও। |
| (02) সাবধানতা: Be cautious. | = সতর্ক হও। |
| (02) আদেশ: Open the door | → |
| (03) নিষেধ করা: Don't waste your time | = তোমার সময় নষ্ট করো না। |
| (04) অনুরোধ: Please, take it. | = দয়া করে এটা নাও। |
| (05) (Request) Let us go for a walk. | = চলো আমরা হাঁটতে যাই। |
| (06) (Order) Give me a glass of water. | = আমাকে এক গ্লাস পানি দাও। |



Optative (অপ্-টেই-টিভ্ - প্রার্থনাসূচক) Sentence

যে বাক্য বা বক্তব্য দ্বারা কারো মনের কোনো ইচ্ছা, প্রার্থনা, আশীর্বাদ প্রকাশ পায় তাকে Optative Sentence বলে। যেমন:

- (01) May Almighty bless you. = সর্বশক্তিমান তোমার সহায় হউন।
 (02) May Bangladesh prosper. = বাংলাদেশ উন্নতি করুক।
 (03) May he return safely. = সে নিরাপদে ফিরে আসুক।
 (04) Would that I were Bill Gates = আমি যদি বিল গেটস্ হতাম।
 (05) May our President live long. = আমাদের প্রেসিডেন্ট দীর্ঘজীবী হোন।
 (06) May his soul rest in peace. = তার আত্মা শান্তিতে থাকুক।
 (07) Have a great day. = তোমার দিনটি শুভ হোক।



Exclamatory Sentence

Exclamatory বাক্য দ্বারা মনের আকস্মিক অনুভূতি / আবেগ অর্থাৎ মনের আকস্মিক রাগ, ক্ষোভ, বিস্ময়, ইচ্ছা, সুখ, দুঃখ ইত্যাদি প্রকাশ পায়। যেমন:



- (01) What a beautiful rose ! = কী সুন্দর গোলাপ!
 (02) What a nice scenery it is ! = কী সুন্দর দৃশ্য এটি!
 (03) How splendid it is ! = এটি কী চমৎকার!
 (04) I can't believe we won ! = আমরা জয়ী হয়েছি তা বিশ্বাসই করতে পারছি না!
 (05) What a fool you are ! = তুমি কী বোকা!
 (06) How hot the day is ! = দিনটি এত গরম!
 (07) Oh ! I have lost my pen. = হায়! আমি কলমটি হারিয়ে ফেলেছি।
 (08) Wow ! it's a beautiful day. = ওয়াও! এটি একটি সুন্দর দিন।
 (09) Hurrah! We have won the world cup. = হুররে! আমরা বিশ্বকাপ জিতেছি!



Kinds of Sentence

বাক্যের গঠনের উপর নির্ভর করে Sentence-কে নিচের তিন প্রকারে ভাগ করা যায়:

01. Simple 02. Compound 03. Complex

চলুন উদাহরণের মাধ্যমে শেখা যাক

Simple বাক্য

01. → You and I are two close (ক্রীড়ায় - ঘনিষ্ঠ) friends.

{ তুমি ও আমি দুইজন ঘনিষ্ঠ বন্ধু }

উপরের বাক্যটি একটি পূর্ণাঙ্গ বাক্য। 'আমি যাই', 'আমি খাই' প্রভৃতিও সম্পূর্ণ বাক্য।

গ্রামারের ভাষায় এমন পূর্ণাঙ্গ বাক্যকে simple sentence বলে।

কিন্তু *If I eat* (যদি আমি খাই) বললে কথাটা শেষ হয় না। তাই "*If I eat*" হলো অসম্পূর্ণ বাক্য।

আরো কিছু simple sentence দেখা যাক :

02. The Bangladeshi people depend on rice. { বাংলাদেশি লোকেরা ভাতের উপর নির্ভর করে। }
03. Bangladeshis are dependent on rice. { বাংলাদেশিরা ভাতের উপর নির্ভরশীল। }
04. We must eat to live. { আমাদের বেঁচে থাকার জন্য অবশ্যই খেতে হবে। }
05. Selim has no intention of leaving the city. { সেলিমের শহর ত্যাগ করার কোনো ইচ্ছা নেই। }
06. Tipu Sultan fought bravely. { টিপু সুলতান সাহসিকতার সাথে লড়াই করেছিলেন। }
07. He rejected all our proposals. { সে আমাদের সকল প্রস্তাব প্রত্যাখ্যান করেছিলো। }
08. Australia is a big island in the world. { অস্ট্রেলিয়া বিশ্বের একটি বড় দ্বীপ। }
09. Because of world climate change, Royal Bengal Tigers are facing extinction. { জলবায়ু পরিবর্তনের কারণে রয়েল বেঙ্গল টাইগার বিলুপ্তির সম্মুখীন হচ্ছে }

Compound বাক্য

10. I forbade him, but he didn't give attention to my suggestion.

সমাধান + ব্যাখ্যা

I forbade (ফর্বেইড) him অর্থ আমি নিষেধ করেছিলাম তাকে।

এই কথাটা বললে আর কিছু বাকী থাকে না।

তাই, এটা হলো একটি পূর্ণাঙ্গ বাক্য বা simple sentence। কিন্তু but-এর পরে আছে :

he didn't give attention to my suggestion. ("সে দিলো না মনোযোগ আমার উপদেশের প্রতি")।

এটিও একটি স্বাধীন ও পূর্ণাঙ্গ বাক্য। এ ধরনের দুটি পূর্ণাঙ্গ বাক্য তথা দুটি simple sentence

{	but,	and,	and so,	hence,
	therefore,	yet,	not,	
		or else,	or	

প্রভৃতি দিয়ে যুক্ত হলে পুরো বাক্যকে গ্রামারের ভাষায় বলে **compound** বাক্য।

উপরের শব্দগুলো না বুঝে ভোতা-পাখির মত মুখস্থ করার দরকার নেই।

নিচের উদাহরণ ও ব্যাখ্যাগুলো মন দিয়ে পড়লে সবই মনে থাকবে।

একই ধরনের আরো compound বাক্যের উদাহরণ

I forbade him, but he did not pay attention to me.

(আমি নিষেধ করেছিলাম তাকে, but সে মনোযোগ দেয়নি আমার প্রতি)

সম্পূর্ণ বাক্য

সম্পূর্ণ বাক্য

I forbade him but he did not listen to me.

11. Saif is ill, but he regularly comes to office.

সমাধান

Saif is ill অর্থাৎ, 'Saif' অসুস্থ' হলো একটি simple পূর্ণাঙ্গ বাক্য।

but-এর পরে আছে: he regularly comes to office. অর্থাৎ সে নিয়মিত অফিসে আসে।

এটিও একটি simple বা স্বাধীন বাক্য।

এরকম দুটি simple বাক্য but দ্বারা যুক্ত হওয়াতে পূর্ণাঙ্গ বাক্যটিকে compound বাক্য বলে।

Complex বাক্য

12.

I scolded him
(আমি বকেছিলাম তাকে)

as he did this.
(যেহেতু সে করেছিল এটি)

(12)-এ প্রথমে আছে: *I scolded him* (আমি বকেছিলাম তাকে)।

এটি একটি simple বাক্য। এর পর আছে: *as he did this* (যেহেতু সে করেছিল এটি)।

এই অংশটি একটি অসম্পূর্ণ কথা, কেননা, “যেহেতু সে করেছিলো এটি” বললে কথাটা শেষ হয় না।

তাই, *as he did this* হলো একটি নির্ভরশীল বাক্য। তার মানে,

(12) হলো = একটি স্বাধীন বাক্য + একটি অধীন বাক্য।

অতএব, 12 হলো একটি complex বাক্য।

Complex শব্দটির বাংলা অর্থ হলো “জটিল”। আর জটিল জিনিস মানেই হলো পেচানো তথা ঘোর প্যাঁচ। যে সব ইংরেজি বাক্যে একটা পূর্ণাঙ্গ বাক্য এবং একটা অপূর্ণাঙ্গ বাক্য, তার মানে দু ধরনের বাক্য থাকে, ইংরেজিতে সেসব বাক্যকে জটিল বা complex বাক্য বলে।

আরো complex বাক্যের উদাহরণ

- I scolded him as he lied.* (আমি বকেছিলাম তাকে যেহেতু সে মিথ্যা বলেছিল।)
- I scolded him as he stole.* (আমি বকেছিলাম তাকে যেহেতু সে চুরি করেছিলো।)
- I scolded him as he did not do his homework.*
{ আমি তাকে বকেছিলাম যেহেতু সে তার বাড়ির কাজ করেনি। }

as he did this অর্থাৎ, “যেহেতু সে করেছিলো এটি”

বললে কথাটা শেষ হয় না, আরো কিছু বলার থাকে। এ রকম কিছু উদাহরণ নিচে দেয়া হলো:

which was flying (যেটি উড়ছিল)

which are valuable (যেগুলো হলো মূল্যবান)

in which I live (যেটিতে আমি বাস করি.....)

এ ধরনের অসম্পূর্ণ কথা কোনো বাক্যে থাকলে সেই বাক্যকে বলে complex বাক্য।

13. *They bought presents which are precious.*

শব্দের অর্থ **bought** (বought) - কিনেছিলো। **present** (প্রেজেন্ট) - উপহার।
precious (প্রেশাস) : দামি।

১ম অংশে আছে : *They bought presents* (তারা কিনেছিল উপহার।)
এটি একটি পূর্ণাঙ্গ এবং স্বাধীন বাক্য।

২য় অংশে আছে : *which are precious* (যেগুলো হল মূল্যবান)। এটি একটি অসম্পূর্ণ বাক্য। কারণ
“যেগুলো হলো মূল্যবান” বললে কথাটা শেষ হয় না বা কথাটা অসমাপ্ত থেকে যায়।
তাই, (13) হলো complex বাক্য।

14. *I saw a red bird which was flying.*

(আমি দেখেছিলাম একটি লাল রংয়ের পাখি যেটি উড়ছিলো)

১ম অংশ : *I saw a red bird.* এটি একটি পূর্ণাঙ্গ বাক্য।

২য় অংশে আছে : *which was flying* (যেটি উড়ছিল) এটি একটি অপূর্ণাঙ্গ বাক্য।

এই দু'টি বাক্য যুক্ত হয়ে তৈরি হলো (14)। এটিকে complex বাক্য বলে।

15. *The man who was arrested was a detective.*

এই বাক্যে : *The man was a detective.* (এটি একটি পূর্ণাঙ্গ বাক্য) এবং
who was arrested. (যাকে গ্রেফতার করা হয়েছিল) এটি একটি অপূর্ণাঙ্গ বাক্য।
∴ (15)-ও একটি complex বাক্য।

মনে রাখার উপায়

Complex শব্দটির বাংলা অর্থ জটিল বা প্যাঁচালো! এইভাবে চিন্তা করো, যেই English বাক্যে একটি পূর্ণ বাক্য এবং একটি অপূর্ণ বাক্য মিশানো থাকে, সেটা হলো জটিল বা প্যাঁচালো বাক্য!!!

JSC, SSC, HSC প্রভৃতি কোনো পরীক্ষাতেই

Complex বাক্য কোনটি, বা Compound বাক্য

চেনার উপায় কী, প্রভৃতি ধরনের প্রশ্ন আসে না!

প্রতিটি বাক্যের বাংলা অর্থ

বুঝে বুঝে আগালে

ইংলিশ পড়ে তৃপ্তি পাবেন !!

আসল বাক্য Solve করা যাক

01. If England had not imposed a tax on tea over two hundred and twenty years ago, will the United States have remained part of the British Commonwealth?

- A B
C D

RU, IBA ভর্তি পরীক্ষা: 2007

শব্দের অর্থ

tax (ট্যাক্স) - কর ।	remain (রিমাইন) - রয়ে যাওয়া ।
ago (আগো) - আগে ।	part (পার্ট) - অংশ ।
over (অভিভার) - বেশি ।	imposed (ইমপোজ) - কোন কিছু আরোপ করা ।

সমাধান

220 years ago-এর তথা অতীত কালের ঘটনা হওয়াতে (D)-তে will-এর বদলে **would** হবে।

শব্দগুচ্ছের অর্থ

If England had not imposed	... =	যদি ইংল্যান্ড আরোপ না করতো	...
a tax on tea	... = ...	চায়ের উপর কর	...
over two hundred and twenty	... = ...	২২০ বছরেরও বেশি আগে	...
years ago	,		,
would the United States	... = ...	তাহলে কি যুক্তরাষ্ট্র	...
have remained part	... = ...	রয়ে যেতো অংশ	...
of the British Commonwealth	? = ...	ব্রিটিশ কমনওয়েলথের	?

সারাংশ বাক্য

Would the United States have remained ?
(যুক্তরাষ্ট্র কি রয়ে যেত ?)

সঠিক ইংরেজি বাক্য ও অর্থ

If England had not imposed a tax on tea over two hundred and twenty years ago, would the United States have remained part of the British Commonwealth.

(২২০ বছরেরও বেশি আগে চা-য়ের উপর যদি ইংল্যান্ড tax আরোপ না করতো, তাহলে যুক্তরাষ্ট্র কি ব্রিটিশ কমনওয়েলথের অংশ রয়ে যেতো?)

আসল প্রশ্ন Practice করা যাক

02. At the rate the clerks were processing the applications, Rahim figured that

it will take four hours of his to be reviewed.

A, B, C, D, E
কোনো একটাতে
ভুল বের
করতে হবে।

DU, A: 2010-11

শব্দের অর্থ

rate (রেইট) - হার; গতিতে	review (রিভিউ) - পর্যবেক্ষণ করা; মূল্যায়ন করা।
clerk (ক্লার্ক) - কর্মচারী / কেবানী	process (প্রসেস) - তৈরি করা
take (টেক) - লাগা	figure (ফিগার) - দেখা / হিসাব করা

সমাধান

Rahim figured = রহিম হিসাব করেছিলো। তার মানে, অতীতের ঘটনা।
তাহলে, (B)-তে it would take হবে।

সারাংশ বাক্য

Rahim figured. (রহিম দেখল।)

শব্দগুচ্ছের অর্থ

At the rate	...	=	যেই হারে	...
the clerks were processing	...	=	কর্মচারীরা প্রসেস করছিল	...
the applications	,	=	দরখাস্তগুলো	,
Rahim figured that	...	=	রহিম হিসাব করলো যে	...
it would take	...	=	এতে লাগবে	...
four hours	...	=	চার ঘন্টা	...
of his to be reviewed	.	=	তারটির মূল্যায়ন হতে	।

সঠিক ইংরেজি বাক্য ও অর্থ

At the rate the clerks were processing the applications,
Rahim figured that it would take four hours of his to be reviewed.

(যেই হারে কর্মচারীরা দরখাস্তগুলোকে প্রক্রিয়া করছিল,
রহিম দেখল যে তারটি দরখাস্তটির মূল্যায়ন হতে চার ঘন্টা লাগবে।)

Want to ... দিয়ে বাক্য তৈরি

Want to do ...

I want to do.	= আমি	করতে	চাই
I want to go.	= আমি	যেতে	চাই
I want to eat.	= আমি	খেতে	চাই
I want to achieve.	= আমি	অর্জন করতে	চাই
I want to swim.	= আমি	সাঁতার কাটতে	চাই
I want to bring.	= আমি	আনতে	চাই
I want to live.	= আমি	বাস করতে	চাই
I want to help.	= আমি	সাহায্য করতে	চাই
I want to serve.	= আমি	সেবা দিতে	চাই
I want to lead.	= আমি	নেতৃত্ব দিতে	চাই
I want to struggle.	= আমি	সংগ্রাম করতে	চাই
I want to cherish.	= আমি	মনে পোষণ করতে	চাই
I want to hate.	= আমি	ঘৃণা করতে	চাই
I want to stand.	= আমি	দাঁড়াতে	চাই
I want to prevent.	= আমি	প্রতিরোধ করতে	চাই
I want to tell.	= আমি	বলতে	চাই
I want to create.	= আমি	সৃষ্টি করতে	চাই
I want to encourage.	= আমি	উৎসাহ দিতে	চাই
I want to remove.	= আমি	দূর করতে	চাই
I want to study.	= আমি	পড়তে	চাই
I want to visit.	= আমি	বেড়াতে	চাই
I want to be.	= আমি	হতে	চাই
I want to see.	= আমি	দেখতে	চাই
I want to kick.	= আমি	লাথি	চাই
I want to listen.	= আমি	শুনতে	চাই

Want to something

I want to do the work.	= আমি কাজটি করতে	চাই।
I want to go to Dhaka.	= আমি ঢাকা যেতে	চাই।
I want to eat beef.	= আমি গরুর মাংস	চাই।
I want to achieve freedom.	= আমি স্বাধীনতা অর্জন করতে	চাই।
I want to swim in the river.	= আমি নদীতে সাঁতার কাটতে	চাই।
I want to bring peace.	= আমি শান্তি আনতে	চাই।
I want to live in harmony.	= আমি মিলেমিশে বাস করতে	চাই।
I want to help the poor.	= আমি পরীবদের সাহায্য করতে	চাই।
I want to serve the nation.	= আমি জাতিকে সেবা দিতে	চাই।
I want to lead the nation.	= আমি জাতির নেতৃত্ব দিতে	চাই।
I want to struggle for justice.	= আমি ন্যায়বিচারের জন্য সংগ্রাম করতে	চাই।
I want to cherish good memories.	= আমি ভাল স্মৃতিগুলো মনে পোষণ করতে	চাই।
I want to hate discrimination.	= আমি বৈষম্যকে ঘৃণা করতে	চাই।
I want to stand beside the victims.	= আমি নির্যাতিতদের পাশে দাঁড়াতে	চাই।
I want to prevent violence.	= আমি প্রতিরোধ করতে	চাই।
I want to tell the truth.	= আমি সত্য বলতে	চাই।
I want to create new ideas.	= আমি নতুন ধারণা সৃষ্টি করতে	চাই।
I want to remove confusion.	= আমি বিভ্রান্তি দূর করতে	চাই।
I want to study in DU.	= আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়তে	চাই।
I want to visit Cox's Bazar.	= আমি কক্সবাজারে বেড়াতে	চাই।
I want to put on the shirt.	= আমি শার্টটি পরতে	চাই।
I want to have my breakfast.	= আমি নাস্তা খেতে	চাই।
I want to kick the ball.	= আমি বলটিকে লাথি দিতে	চাই।
I want to listen the music.	= আমি সংগীতটি শুনতে	চাই।

Want to be ...


I want to be a doctor.	= আমি	একজন	ডাক্তার	হতে	চাই
I want to be a player.	= আমি	একজন	খেলোয়াড়	হতে	চাই
I want to be a programmer.	= আমি	একজন	প্রোগ্রামার	হতে	চাই
I want to be a cricketer.	= আমি	একজন	ক্রিকেটার	হতে	চাই
I want to be a dentist.	= আমি	একজন	ডেন্টিস্ট	হতে	চাই
I want to be a litterateur.	= আমি	একজন	সাহিত্যিক	হতে	চাই
I want to be a dramatist.	= আমি	একজন	নাট্যকার	হতে	চাই
I want to be a teacher.	= আমি	একজন	শিক্ষক	হতে	চাই
I want to be a professor.	= আমি	একজন	প্রফেসর	হতে	চাই
I want to be a pilot.	= আমি	একজন	পাইলট	হতে	চাই
I want to be a singer.	= আমি	একজন	গায়ক	হতে	চাই
Verb-কে when বা 'কখন' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেই শব্দটি Adverb of Time। যেমন:

Rahim will go *tomorrow*. (রহিম আগামীকাল যাবে)

উপরের sentence-এ, "সে কখন যাবে"-এই প্রশ্নটির উত্তর হলো "*tomorrow*"।

তাই "*tomorrow*" শব্দটি Adverb of Time।

- | | |
|--|---|
| a. I saw him <u>yesterday</u> . | (আমি তাকে গতকাল দেখেছিলাম) |
| b. I will meet your father <u>tomorrow</u> . | (আমি আগামীকাল তোমার বাবার সাথে দেখা করবো) |
| c. I will go <u>after</u> school. | (আমি যাব স্কুল শেষ করার পর) |
| d. I went there <u>yesterday</u> . | (গতকাল আমি সেখানে গিয়েছিলাম) |
| e. I will meet him <u>now</u> . | (আমি এখন তার সাথে দেখা করবো) |
| f. I have <u>already</u> finished the work. | (আমি ইতোমধ্যে কাজটি শেষ করেছি) |
| g. I read the Quran <u>daily</u> . | (আমি প্রতিদিন কোরান পড়ি) |
| h. We will go <u>now</u> . | (আমরা এখন যাব) |
| i. I will <u>never</u> forget you. | (আমি তোমাকে কখনোই ভুলব না) |
| j. India has not won <u>lately</u> . | (সম্প্রতি ইন্ডিয়া জয়লাভ করেনি) |
| k. He was very angry <u>then</u> . | (সে তখন খুব রাগান্বিত ছিল) |
| l. <u>Sometimes</u> I go there. | (মাঝে মাঝে আমি সেখানে যাই) |
| m. These courses are <u>presently</u> available. | (এই কোর্সগুলো বর্তমানে পাওয়া যাবে) |
| n. Two years <u>ago</u> my father died. | (দুই বছর আগে আমার বাবা মারা যান) |
| o. I haven't seen him <u>recently</u> . | (সম্প্রতি আমি তাকে দেখিনি) |

উপরের প্রতিটি উদাহরণে আন্ডারলাইন করা শব্দগুলো হলো Adverb of time।

'কখন' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেটাই হলো Adverb of time.

আগের page-এর উদাহরণগুলোর ব্যাখ্যা

কখন	দেখেছিলাম?	উত্তর:	yesterday	(ইয়েস-টার-ডে	- গতকাল)
কখন	দেখা করবো?	উত্তর:	tomorrow	(টু-মরো	- আগামীকাল)
কখন	will go?	উত্তর:	after	(আফটার	- পরে)
কখন	went?	উত্তর:	yesterday.		
কখন	meet করবো?	উত্তর:	now.	(নাউ	- এখন)
কখন	have finished?	উত্তর:	Already.	(অলরেডী	- ইতোমধ্যে)
কখন	read?	উত্তর:	daily.	(ডেইলি	- প্রতিদিন)
কখন	will go?	উত্তর:	now.	(নাউ	- এখন)
কখন	will forget?	উত্তর:	never.	(নেভার	- কখনো না)
কখন	has not won?	উত্তর:	lately.	(লেইটলি	- সম্প্রতি)
কখন	was angry?	উত্তর:	then.	(দেন্	- তখন)
কখন	go there?	উত্তর:	Sometimes.	(সাম্‌টাইম্‌স্	- কখনো কখনো)
কখন	available?	উত্তর:	Presently.	(প্রেসেন্টলি	- বর্তমানে)
কখন	died?	উত্তর:	2 years ago.	(টু ইয়ার্‌স্ অ্যাগো - দুই বছর আগে)	
কখন	haven't seen?	উত্তর:	recently.	(রিসেন্টলি - সম্প্রতি / ইদানিং)	

Adverb of Place (স্থান)

কোন verb-এর কাজ সম্পন্ন হওয়ার স্থানকে যে Adverb দ্বারা বুঝানো হয়, তাকে Adverb of place (স্থান) বলে। এ ধরনের কিছু Adverb: near, out, above, below, here, there, everywhere, up, down, outside, inside, ইত্যাদি। আরো উদাহরণ দেয়া যাক:

The pen is here. (কলমটি এখানে)

উপরের বাক্যটিতে “pen-টি কোথায়” প্রশ্ন করলে উত্তরে ‘here’ (এখানে) পাওয়া যায়। তার মানে, “The pen is কোথায়” প্রশ্ন করলে উত্তর হলো ‘here’। তার মানে, pen-এর অবস্থান জানা যায় here দিয়ে। ‘here’-কে বলা হয় Adverb of Place.

- | | |
|---|---|
| (a) Rahim lives <u>far</u> from here. | (রহিম এখান থেকে অনেক দূরে বাস করে) |
| (b) Come <u>in</u> | (ভিতরে আস) |
| (c) Karim built a house <u>nearby</u> Jumuna. | (করিম যমুনার নিকটে একটি ঘর বানিয়েছিল) |
| (d) She went <u>outside</u> of Dhaka. | (সে ঢাকার বাইরে গিয়েছিল) |
| (e) Look <u>around</u> the room. | (রুমের চারপাশে দেখো) |
| (f) Put the ball <u>there</u> . | (বলটি রাখ সেখানে) |
| (g) Please bring that book <u>here</u> . | (দয়া করে বইটি এখানে আনো) |
| (h) Go <u>ahead</u> . | (সামনে এগিয়ে যাও) |
| (i) We did not find the pen <u>anywhere</u> . | (আমরা কলমটি কোথাও খুঁজে পেলাম না) |
| (j) See <u>below</u> the sentence. | (বাক্যটির নিচে দেখ) |
| (k) I would like to go <u>somewhere</u> . | (আমি কোনো এক জায়গায় যেতে চাই) |

উপরের underline করা প্রতিটি word (শব্দ) Adverb of place (স্থান)।

অতএব, verb-এর ওপর কোথায় প্রশ্ন করলে যে word দ্বারা এর উত্তর পাওয়া যায়, তা Adverb of Place (স্থান)।

Adverb of Manner (ধরন)

যে শব্দে verb-এর ওপর 'কীরূপে' প্রশ্ন করলে যে শব্দটা উত্তর হিসেবে পাওয়া যায়, সেটাই হলো Adverb of Manner (ধরন)।

a. Rahim spoke loudly. (রহিম উচ্চ শব্দে কথা বলেছিল।)

এখানে সে কীভাবে কথা বলেছিল প্রশ্ন করলে, তার উত্তর হিসেবে পাওয়া যায় loudly (উচ্চ শব্দে)। তাই 'loudly' হলো Adverb of Manner (ধরন)।

অতএব, যে Adverb কোন verb-এর কাজ সম্পন্ন হওয়ার পদ্ধতি প্রকাশ করে, তাকে Adverb of Manner (ধরন) বলে।

- | | |
|-------------------------------------|-----------------------------------|
| b. They write <u>beautifully</u> . | (তারা লেখে সুন্দরভাবে।) |
| c. Karim cooked <u>badly</u> . | (করিম রান্না করেছিলো বাজেভাবে।) |
| d. She speaks <u>quietly</u> . | (সে নিঃশব্দে কথা বলে।) |
| e. Masum speaks <u>loudly</u> . | (মাসুম জোরে কথা বলে।) |
| f. Rasel drives too <u>fast</u> . | (রাসেল খুব দ্রুত গাড়ি চালায়।) |
| g. She knows the road <u>well</u> . | (সে রাস্তাটি ভালো করে চিনে।) |
| h. He eats <u>slowly</u> . | (সে ধীরে ধীরে খায়।) |

কিছু Adverb of Manner-এর উদাহরণ

silently(সাইলেন্টলি - নীরবে), slowly, justly, badly, well, quickly, probably, gently, hardly(হার্ডলি - কদাচিৎ) ইত্যাদি।

Adverb of Degree (ডিগ্রি - মাত্রা)

যে Adverb কোন শব্দের degree (পরিমাণ বা মাত্রা) প্রকাশ করে, তাকে Adverb of Degree (মাত্রা) বলে। যেমন : completely (কমপ্লিটলি - পরিপূর্ণভাবে), very, much, half, so, hardly, extremely, too, quite, how, twice, almost, fully, wholly ইত্যাদি। এখন বাক্যের মাধ্যমে উদাহরণ দেখা যাক:
Hasan is very clever (হাসান খুব চালাক)

উপরের বাক্যে very (ভেরি - খুব) শব্দটি clever (চালাক) শব্দটির পরিমাণ বা মাত্রা নির্দেশ করে। তাই very (খুব) এখানে Adverb of Degree (মাত্রা সংক্রান্ত Adverb) হিসেবে কাজ করছে।

আরো উদাহরণ:

- | | |
|---|---|
| a. The situation is very <u>serious</u> . | { পরিস্থিতি খুব গুরুতর } |
| b. You are very <u>kind</u> . | { তুমি খুব দয়ালু } |
| c. Today is <u>much</u> colder. | { আজ অনেক বেশি ঠান্ডা } |
| d. My friend is <u>much</u> older than me. | { আমার বন্ধুর বয়স আমার চেয়ে অনেক বেশি } |
| e. He talks <u>extremely</u> fast. | { সে ভীষণ দ্রুত কথা বলে } |
| f. Rahim speaks English <u>fluently</u> (ফ্লুয়েন্টলি). | { রহিম সাবলীলভাবে ইংরেজি বলে } |
| g. He <u>completely</u> finished the work. | { সে কাজটি পুরোপুরিভাবে শেষ করেছিলো } |

সুখবর

"কোনটি Adverb of degree" এই ধরনের কোন প্রশ্ন
PEC / JSC / SSC / HSC প্রভৃতি
পরীক্ষায় আসে না।

Adverb of Frequency (কত বার)

যে Adverb-এর মাধ্যমে verb-এর কাজটি কত বার সম্পন্ন হয় তা জানা যায়
তাকে Adverb of Frequency বলে। যেমন:
rarely, occasionally, often, always, never, sometimes,
again, seldom, once, twice ইত্যাদি।

Example: Karim always helped the poor. (করিম সবসময় গরিবদের সাহায্য করত)
উপরের বাক্যে সে কত বার সাহায্য করেছিল প্রশ্ন করলে, তার উত্তরে 'always' (সবসময়) আসে। helped
'verb-টি কত বার সম্পন্ন হয়েছিল, তা জানা যায় always শব্দ থেকে। তাই 'always' (সবসময়) এখানে
Adverb of Frequency.

Verb-কে 'কত বার' প্রশ্ন করলে যে word-এর দ্বারা উত্তর পাওয়া যায়,
সেটাই Adverb of Frequency।

আরো উদাহরণ:

- | | |
|--------------------------------------|-----------------------------|
| a. I have told you <u>twice</u> . | { আমি তোমাকে দুইবার বলেছি } |
| b. He <u>often</u> makes mistakes. | { সে প্রায়ই ভুল করে } |
| c. He <u>seldom</u> comes here. | { সে কদাচিৎ এখানে আসে } |
| d. I have not seen him <u>once</u> . | { আমি তাকে একবারও দেখিনি } |

Adverb of Order (অর্ডার = ধারাবাহিকতা বা ক্রম)

যে Adverb কোন verb-এর কাজ শেষ হওয়ার পর্যায় বুঝায়, তাকে Adverb of Order বলে।

এরূপ কয়েকটি Adverbs of Order: firstly, secondly, thirdly, First, second, third, last, lastly ইত্যাদি।

Who finished *first*? { কে প্রথমে শেষ করেছিলেন? }

Firstly, government should ban smoking in public places.

{ প্রথমত, সরকারের উচিত জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানে ধূমপান নিষিদ্ধ করা }

I would like to thank my parents, my wife, and, *lastly*, my friends.

{ আমি ধন্যবাদ দিতে চাই আমার মা-বাবা, আমার স্ত্রী এবং সবশেষে আমার বন্ধুগণকে }

☞ verb-এর ওপর কী 'ক্রম বা পর্যায়' প্রশ্ন করলে যে word তার উত্তর দেয়,
তা Adverb of Order।

Adverbs of Cause and Effect

ক্রিয়া সম্পন্ন হওয়ার কারণ বা ফলাফল নির্দেশ করে যেই adverb তাকে Adverb of Cause and Effect বলে। এরূপ কিছু Adverb: accordingly, therefore, why, as, yet, as a result, consequently, yet ইত্যাদি।

1. She did not want to marry at thirteen because she was too young.

{ সে ১৩ বছর বয়সে বিয়ে করতে চায়নি কারণ সে খুব অল্প বয়স্ক ছিল }

2. He had no other options; consequently, he left his job.

{ তার আর কোনো বিকল্প ছিলো না; ফলে, সে তার চাকরি ছেড়ে দিলো }

3. He therefore left school. { সুতরাং সে স্কুল ত্যাগ করলো }

উদাহরণে underline করা শব্দগুলো Adverbs of Cause and Effect.

Adverbs of Assertion

যে Adverb কোন verb-এর কাজটি সম্পন্ন হবে কি হবে না, অর্থাৎ সন্দেহ বা নিশ্চয়তার অবস্থা প্রকাশ করে তাকে Adverb of Assertion বলে।

a. Perhaps he will go on Monday. { সম্ভবত সে সোমবার যাবে }

b. Certainly he will win. { নিশ্চয়ই সে জিতবে }

c. Surely you are mistaken. { নিশ্চয়ই তুমি ভুল করেছো }

উপরের উদাহরণগুলোর underline করা words হলো Adverbs of Assertion।

কিছু Adverbs of Assertion হলো: truly, possibly, indeed, yes, not, surely ইত্যাদি।

Exercise : Adverb

See the answer at page # 544

A. Pick out the adverbs in the following sentences.

01. He reads well.
02. He reads loudly.
03. Selim sings softly.
04. He walks slowly.
05. Willie sings softly.
06. Time flies quickly.
07. He never goes late.
08. Runa was very active.
09. He will come soon.
10. Runa came yesterday.
11. The girls played well.
12. I will never help Rasel.
13. He was always honest.
14. He sometimes meets Karim.
15. Forhad came last in the race.
16. Tell me when Karim will go.
17. Karim always walks quickly.
18. Her anger is really explosive.
19. They happily serve hot pancakes.
20. Hasan never likes the calm ocean.
21. The woman is too weak to go out.
22. I very quickly changed the subject.
23. He frequently comes to my school.
24. The work can be done more easily.
25. Masum generally gets a gift for Eid.
26. He was anxiously waiting for the game.
27. My mom always makes delicious cakes.
28. A clever trick was played skillfully by the cat.
29. Some birds have extremely colourful feathers.
30. The examiner has carefully examined the scripts.

B. উপযুক্ত Adverb বসিয়ে শূন্যস্থান পূরণ কর:

01. Don't talk so _____.
02. Rahim can ride his motorcycle _____.
03. I _____ eat rice for breakfast.
04. I can _____ believe it.
05. My friend stared _____ at the pizza.
06. This is the reason _____ I left.
07. How _____ the moon shines !
08. My brother _____ answered my question.
09. Sakib can bowl _____.
10. The patient is _____ better.
11. She was sitting _____ beside him.
12. _____ he escaped unhurt.
13. That day he arrived _____.
14. The end _____ came.
15. This story is _____ written.
16. These mangoes are _____ ripe.
17. The sea is _____ stormy.
18. She sings _____ well.
19. Don't go _____.
20. He _____ tries to do his best.

Lesson-13

Verbals

Verbals হলো verb-এর কিছু রূপ বা ধরন যা noun এবং adjective-এর মতো কাজ করে।

নিচের বাক্যগুলো লক্ষ্য করো

(i) **Walking** in the morning is good for health. (সকালে হাঁটা স্বাস্থ্যের জন্য ভালো)

↓
Noun (Subject)

(ii) **Smoking** is harmful to health. (ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর)

↓
Noun (Subject)

(iii) You should stop **taking** medicine a lot.

(তোমার উচিত বন্ধ করা প্রচুর ঔষধ খাওয়া)

(iv) We can only learn **to love** by **loving**.

(ভালোবাসার দ্বারাই শুধুমাত্র আমরা ভালবাসতে শিখতে পারি)

(v) I showed him the best way **to do** the sum.

(আমি দেখালাম তাকে শ্রেষ্ঠ উপায় অংকটি করার)

(vi) The **running** dog chased the **fluttering** moth.

↓
adjective

↓
adjective

(দৌড়ানো কুকুরটি ধাওয়া করলো দ্রুত উড়ন্ত পোকাটিকে)

(vi) The completely **rotted** tooth finally fell out of his mouth.

(পুরাপুরিভাবে ক্ষয় হয়ে যাওয়া দাঁতটি অবশেষে তার মুখ থেকে পড়ে গেলো)

উপরের বাক্যগুলোতে *walking, smoking, taking, to love, to do, running* প্রভৃতি শব্দগুলো verb-এর বিভিন্ন রূপ যেগুলো বাক্যে adjective এবং noun-এর মতো কাজ করে। ইংরেজীতে এগুলোকে verbals বলে।

Verbals মূলত তিন প্রকার:

(i) Participle, (ii) Infinitive, & (ii) Gerund.

পরের পৃষ্ঠা থেকে বিস্তারিত আলোচনা করা হলো:

Participle (পার-টি-সিপল)

বুঝতে বুঝতে শিখবো,
শিখতে শিখতে বুঝবো !

চলুন উদাহরণের মাধ্যমে শিখি

- | | | | |
|-----|------------------------|--|-------------------------------|
| 01. | The girl
{ বালিকাটি | came to her mother
আসলো তার মায়ের কাছে | laughing.
হাসতে হাসতে } |
| 02. | The girl
{ বালিকাটি | came to her mother
আসলো তার মায়ের কাছে | running.
দৌড়াতে দৌড়াতে } |
| 03. | The girl
{ বালিকাটি | came to her mother
আসলো তার মায়ের কাছে | walking.
হাঁটতে হাঁটতে } |
| 04. | The girl
{ বালিকাটি | came to her mother
আসলো তার মায়ের কাছে | panting.
হাঁপাতে হাঁপাতে } |
| 05. | The girl | came to her mother | crying. |

উপরের বাক্যে *ing* যুক্ত শব্দগুলোকে গ্রামারের ভাষায় বলে Participle ।

Participle (পার-টি-সিপল) = verb + ing / ed
↓
Participle (পার-টি-সিপল) = study + ing / ed
Participle (পার-টি-সিপল) = studying / studied

আরো ব্যাপকভাবে বললে, Participle হলো -ing বা -ed বা -d বা -en বা -n বা -t যুক্ত শব্দ বা verb যেমন: laughing, broken, spent, carried প্রভৃতি ।

Participle Phrase

01. We saw Selim running for the bus,
 participle phrase = (পার্টিসিপিয়াল হিসেবে কাজ করছে শব্দগুচ্ছ)
 = আমরা দেখলাম সেলিমকে দৌড়াতে বাসের জন্য ।

Phrase (ফ্রেইজ) শব্দটির বাংলা অর্থ হলো শব্দগুচ্ছ = কয়েকটি শব্দের সমষ্টি ।

যেই শব্দগুচ্ছ বা phrase-য়ের প্রথম শব্দ একটি participle তাকে বলে participle phrase ।

{ উপরের বাক্যে *running for the bus* হলো participle phrase ।
 আর *running* শব্দটি হলো participle । }

02. The car, destroyed by hortal-callers, has been repaired.
 participle phrase
 { গাড়িটি, হরতালকারীদের দ্বারা ক্ষতিগ্রস্ত, মেরামত করা হয়েছে }

সাবলীল বাংলা হরতালকারীদের দ্বারা ক্ষতিগ্রস্ত গাড়িটি মেরামত করা হয়েছে ।

Participle phrase = Verb (+ ing) + phrase

Participle phrase = run (+ ing) + for the bus

Participle phrase = running + for the bus

Participle phrase = running for the bus

অতএব participle phrase হলো

-ing বা -ed বা -d বা -en বা -n বা -t যুক্ত verb + phrase ।

এটি শুরু হয় participle যেমন: reading, broken, spent, studied প্রভৃতি শব্দ দিয়ে ।

Present Participle

01. Mehrun saw a flying bird . present participle
 { মেহেরুন দেখলো একটি উড়ন্ত পাখি }

02. I saw the boy entering the class room . present participle
 { আমি দেখলাম বালকটিকে চুকতে ক্লাস রুমে }

03. The man who is carrying the luggage is his brother
 { লোকটি যিনি বহন করছেন লাগেজ হয় তার ভাই }
 = The man carrying the luggage is his brother .
 { সাবলীল বাংলা লাগেজ বহনকারী লোকটি তার ভাই }

04. Dhaka which lies beside the Burigonga is the capital of Bangladesh
 { ঢাকা যেটি অবস্থিত পাশে বুড়িগঙ্গা নদীর হয় বাংলাদেশের রাজধানী }
 = Dhaka lying beside the Burigonga is the capital of Bangladesh.
 { সাবলীল বাংলা বুড়িগঙ্গার পাশে অবস্থিত ঢাকা হলো বাংলাদেশের রাজধানী }

উপরের বাক্যগুলোর ing যুক্ত শব্দ যেমন: flying, entering, carrying, lying
 প্রভৃতিকে Present Participle বলে ।

Present participle = verb + ing

Present participle = go + ing

Present participle = going

সম্মানিত শিক্ষক, এই বইয়ের বিভিন্ন page-এর English বাক্যগুলো
 ছাত্রদেরকে জোরে জোরে উচ্চারণ করিয়ে পড়াবেন ।

বাক্যের মাঝে ing বা Present Participle

- 01 Tapos saw Arif **running** for the bus
{ তাপস দেখলো আরিফকে দৌড়াতে বাসের জন্য }
- সাবলীল বাংলা তাপস আরিফকে বাসের জন্য দৌড়াতে দেখলো।
- 02 We saw Razib **running** to the station
{ আমরা দেখলাম রাজীবকে দৌড়াতে স্টেশনের দিকে }
- 03 We saw a bird **flying** in the sky
{ আমরা দেখলাম একটি পাখি উড়ছে আকাশে }
- সাবলীল বাংলা আমরা দেখেছিলাম একটা পাখিকে আকাশে উড়তে।
- 04 We saw a man **carrying** the bag
05 I saw the boy **entering** the classroom
{ আমি দেখেছিলাম বালকটিকে ঢুকতে ক্লাসরুমে }
- সাবলীল বাংলা আমরা বালকটিকে ক্লাসে ঢুকতে দেখলাম।
- 06 We saw a man **holding** a stick in his hand
{ আমরা দেখলাম একটি লোককে ধরে আছে একটি লাঠি তার হাতে }
- 07 We saw our teacher **coming** the class
{ আমরা দেখলাম আমাদের শিক্ষককে আসতে ক্লাসে }
- 08 We saw Jamal **talking** to the police
{ আমরা দেখলাম জামালকে কথা বলতে পুলিশটির সাথে }
- সাবলীল বাংলা আমরা জামালকে পুলিশের সাথে কথা বলতে দেখলাম।
- 09 We saw Jerry **going up** the hill
10 We saw Nesar **getting off** of the bus
{ আমরা দেখলাম নেসারকে নামতে বাস থেকে }
- সাবলীল বাংলা আমরা নেসারকে বাস থেকে নামতে দেখলাম।
- 11 I saw the sun **setting** in the horizon
{ আমরা দেখলাম সূর্যকে অস্ত যেতে দিগন্তে }
- 12 I saw the water **boiling** in the kitchen
{ আমরা দেখলাম পানি ফুটতে রান্নাঘরে }

উপরের উদাহরণগুলো থেকে নিচের গুরুত্বপূর্ণ Structure-টি আমরা পাই।
Structure: Sub + verb + object + verb + ing

Article + (-) ing + noun
= A + running + bus

01. We saw a flying bird in the sky.
 { আমরা দেখলাম একটি উড়ন্ত পাখি আকাশে }
 সাবলীল বাংলা আমরা আকাশে একটা উড়ন্ত পাখি দেখলাম ।
02. We saw a pleasing look on her face.
 সাবলীল বাংলা আমরা তার চেহারায়ে একটা খুশিভাব দেখলাম ।
03. We saw the rising sun in the horizon.
 { আমরা দেখলাম উদীয়মান সূর্য দিগন্তে }
 সাবলীল বাংলা আমরা দিগন্তে উদীয়মান সূর্যকে দেখেছিলাম ।
04. I saw the boiling water in the kitchen.
05. We heard the breaking news on Bijoy TV.
 { আমরা শুনলাম তাজা খবরটি বিজয় টিভিতে }
 সাবলীল বাংলা আমরা বিজয় টিভিতে তাজা খবরটি শুনলাম ।
06. We should check the increasing price of the daily products.
 ↓
 { আমাদের উচিত থামানো বাড়ন্ত দাম দৈনন্দিন পণ্যগুলোর }
 সাবলীল বাংলা দৈনন্দিন পণ্যের বর্ধিষ্ণু দাম আমাদের উচিত থামানো ।
07. Karim was trapped inside the burning house.
 সাবলীল বাংলা করিম আটকে পড়েছিলো জ্বলন্ত বাড়িটির ভিতরে ।
08. We enjoyed the setting sun.
 সাবলীল বাংলা আমরা অস্তায়মান সূর্যকে উপভোগ করেছিলাম ।
09. The barking dog next door drives us crazy.
 সাবলীল বাংলা পাশের বাড়ির ঘেউঘেউ করা কুকুরটি আমাদেরকে পাগল করে তুলে ।
10. The snoring visitor kept us awake.
 { নাকডাকারত অতিথিটি রাখলেন আমাদেরকে জাগিয়ে }
 সাবলীল বাংলা নাকডাকারত মেহমানের কারণে আমরা (ঘুমাতে পারিনি) জেগেই ছিলাম ।

বাক্যের শেষে ing বা Present Participle

01. The boy came to his mother weeping (উর্ধ্বশ্বাস)
 { বালকটি আসলো তার মায়ের কাছে কাঁদতে কাঁদতে }
 সাবলীল বাংলা বালকটি তার মায়ের কাছে কাঁদতে কাঁদতে আসলো ।
02. The boy came to his mother running
 { বালকটি আসলো তার মায়ের কাছে দৌড়াতে দৌড়াতে }
03. The boy came to his mother walking
 { বালকটি আসলো তার মায়ের কাছে হাঁটতে হাঁটতে }
04. Suddenly, a young man came running.
 { JSC কুমিল্লা বোর্ড }

বুঝতে বুঝতে শিখবো,
 শিখতে শিখতে বুঝবো !

01. The man carrying the bag is my cousin
 = The who is carrying the bag is my cousin
 { লোকটি যিনি ব্যাগটি বহন করছেন হয় আমার চাচাতো ভাই }
 সাবলীল বাংলা যে লোকটি ব্যাগটি বহন করছে, তিনি আমার চাচাতো ভাই ।
02. The girl singing a song is my cousin
 { বালিকটি গান পাচ্ছে হয় আমার কজিন }
03. The man telling the truth is my brother
 { লোকটি যে সত্য বলছে হয় আমার ভাই }
04. The man sitting in the cafe is reading a book
05. The man sitting under the banyan tree is telling a story
 participle phrase

Lesson # 13: Participle (পদ-টি-সিপল)

1. People in villages { গ্রামের মানুষ }	spend their spare time তাদের অবসর সময় কাটায়	<u>going to tea stall.</u> চায়ের দোকানে যেয়ে }
2. People in cities { শহরের লোকেরা }	pass their free time তাদের ফ্রি সময় কাটায়	<u>visiting park.</u> পার্ক বেড়াতে যেয়ে । }
3. Students in hostels	pass their spare time	<u>reading newspaper.</u>
4. Dhaka { ঢাকা = Dhaka	is the capital হয় রাজধানী	<u>which lies on the bank of Burigonga.</u> যেটি অবস্থিত বুড়িগঙ্গা নদীর তীরে
5. Chittagong	is the second capital	<u>lying on the bank of Burigonga.</u>
6. Mr Karim	is my uncle	<u>lying on the bank of Kornofully.</u> <u>residing in Dhanmondi.</u>

বাক্যের শুরুতে -ing বা Present Participle

01. Considering the above matter, we have to tackle the problem.
{ বিবেচনা করে উপরের ব্যাপারটি আমাদের মোকাবেলা করতে হবে সমস্যাটির }

সাবলীল বাংলা উপরের ব্যাপারটি বিবেচনা করে আমাদেরকে সমস্যাটি ট্যাকল করতে হবে।

02. Considering the issue, authority has to take measures.
{ বিবেচনা করে সমস্যাটি, কর্তৃপক্ষকে নিতে হবে পদক্ষেপগুলো }

সাবলীল বাংলা সমস্যাটি বিবেচনা করে কর্তৃপক্ষকে বিভিন্ন পদক্ষেপ নিতে হবে।

03. Considering his experience, we selected him.
{ বিবেচনা করে তার অভিজ্ঞতা, আমরা তাকে বেছে নিয়েছিলাম }

সাবলীল বাংলা আমরা তাকে বেছে নিয়েছিলাম তার অভিজ্ঞতা বিবেচনা করে।

04. Considering his age he may be excused.

05. Going to the spot, we saw a house burning.
{ গিয়ে ঘটনাস্থলে আমরা দেখলাম একটি বাড়ি জ্বলছে }

সাবলীল বাংলা স্থানটিতে তথা ঘটনাস্থলে গিয়ে আমরা দেখলাম একটি বাড়ি জ্বলছে।

06. **Going** to the place, we saw some men injured.
07. **Eating** a light lunch, we started our work again.
{ খেয়ে একটা হালকা লাঞ্চ, আমরা আবার কাজ শুরু করলাম }
08. **Hearing** the noise, we woke up.
{ শুনে আওয়াজ, আমরা ঘুম থেকে উঠলাম }
09. **Putting off** his shoes, he entered the mosque.
{ খুলে তার জুতোগুলো, সে প্রবেশ করলো মসজিদে }
10. **Turning** to the right, you can see a school.
{ মোড় নিয়ে ডান দিকে, তুমি দেখতে পাবে একটি স্কুল }
11. **Closing** the door, Sabbir entered the room.
12. **Wearing** his shoes, Karim went for jogging.
13. **Running** so fast, Karim sweated (সোয়েটেড).
{ দৌড়িয়ে খুব দ্রুত, করিম ঘেমে গিয়েছিলো }
সাবলীল বাংলা | খুব দ্রুত দৌড়িয়ে করিম ঘেমে গিয়েছিলো ।
14. **Eating** three burgers, Joni was overwhelmed with nausea.
{ খেয়ে ৩টি বার্গার জনি আচ্ছন্ন হলো বমি বমিভাব দ্বারা }
সাবলীল বাংলা | ৩টি বার্গার খেয়ে জনি বমি বমিভাব দ্বারা আচ্ছন্ন হলো ।
15. **Seeing** an accident ahead, he stopped his car.
{ দেখে সামনে একটি দুর্ঘটনা সে তার গাড়ি থামালো }
সাবলীল বাংলা | সামনে একটি দুর্ঘটনা দেখে সে তার গাড়ি থামালো ।
16. **Talking** to you I always feel comfortable.
{ কথা বলে তোমার সাথে আমি সব সময় স্বাচ্ছন্দ্যবোধ করি }
সাবলীল বাংলা | তোমার সাথে কথা বলে আমি সবসময় স্বাচ্ছন্দ্যবোধ করি ।
17. **Wanting** to speak to him, Abul arranged a meeting.
{ চেয়ে তার সাথে কথা বলতে আবুল একটি মিটিংয়ের আয়োজন করলো }
সাবলীল বাংলা | তার সাথে কথা বলতে চেয়ে আবুল একটি মিটিংয়ের আয়োজন করলো ।
18. **Waiting** for Joni, she made coffee.
{ অপেক্ষা করে জনির জন্য সে কফি বানালো }
সাবলীল বাংলা | জনির জন্য অপেক্ষা করে সে কফি বানালো ।

Not + Present Participle (= Not + -ing)

① Not having enough money, we spent holidays at home this year.
| না থাকতে যথেষ্ট টাকা, আমরা কাটলাম ছুটির দিনগুলো ঘরে এই বছর |

সাবলীল বাংলা যথেষ্ট টাকা না থাকতে আমরা এই বছর ছুটিটা ঘরেই কাটলাম।

② Not having enough money, we did not buy some necessary things.
| না থাকতে যথেষ্ট টাকা, আমরা কিনি নাই কিছু দরকারি জিনিস |

সাবলীল বাংলা যথেষ্ট টাকা না থাকতে আমরা কিছু দরকারি জিনিস কিনি নাই।

③ Not getting good marks in exam, Karim got shocked.
| ভালো মার্ক না পেয়ে পরীক্ষায়, করিম হলো মর্মান্বিত |

সাবলীল বাংলা পরীক্ষায় ভালো মার্কস না পেয়ে, করিম মর্মান্বিত হয়েছিলো।

④ Not getting chance in DU, Babu was disappointed.
| চান্স না পেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে, বাবু হলো হতাশ |

সাবলীল বাংলা চাবিতে চান্স না পেয়ে বাবু হতাশ হয়েছিলো।

⑤ Not feeling well, Rahim did not go to Boimela.
| ভালো অনুভব না করায়, রহিম যায়নি বই মেলায় |

সাবলীল বাংলা ভালো অনুভব না করায় রহিম বই মেলায় যায়নি।

⑥ Not feeling at ease, Karim returned home early.
| না অনুভব করাতে স্বাচ্ছন্দ্য, করিম ফিরল বাড়িতে আগেই |

ease (ঈয) = স্বাচ্ছন্দ্য; আরাম। early (আরলি) = আগেই।

সাবলীল বাংলা স্বাচ্ছন্দ্য অনুভব না করাতে করিম আগেই বাড়িতে ফিরেছিলো।

এই বাক্যগুলোর

বাংলা অর্থসহ বুঝে বুঝে পড়ো, তাহলে Rule বা Structure মুখস্থ না করেই পরীক্ষার হলে নিজে নিজেই উত্তর বানিয়ে লিখতে পারবে, Common না আসলেও!

Be + Present Participle = Be + - ing

- ① **Being vegetarians** , they didn't eat meat in the occasion.
 { নিরামিষভোজী হওয়াতে , তারা খায়নি মাংস অনুষ্ঠানে }
 সাবলীল বাংলা নিরামিষভোজী হওয়াতে তারা অনুষ্ঠানে মাংস খায়নি।
- ② **Being an obedient boy** , Karim helped his mother in the cooking.
 { হওয়াতে একজন অনুগত বালক , করিম সাহায্য করেছিলো তার মাকে রান্নায় }
 সাবলীল বাংলা একজন অনুগত বালক হওয়াতে করিম তার মাকে রান্নায় সাহায্য করেছিলো।
- ③ **Being very exhausted** , the students sat down.
 { হওয়ায় খুব ক্লান্ত , ছাত্ররা বসে পড়লো }
- ④ **Being smart and dynamic** , Karim solved the problem.

দেখা গেলো পড়তে / করছে / খাচ্ছে / ঘুমাচ্ছে ...

Past participle + present participle = **was seen + reading**

- ① **Rafique** was seen **working** in the field.
 { রফিককে দেখা গেলো কাজ করতে মাঠে }
 সাবলীল বাংলা রফিককে মাঠে কাজ করতে দেখা গেলো।
- ② **The shepherd** was seen **calling** the cattle home.
 (রাখাল)
- ③ **Khukumoni** was seen **collecting** flowers in the garden.
 সাবলীল বাংলা খুকুমনিকে দেখা গিয়েছিলো বাগানে ফুল সংগ্রহ করতে।
- ④ **Karim** was seen **reading** the novel.
 সাবলীল বাংলা করিমকে দেখা গিয়েছিলো উপন্যাস পড়তে।
- ⑤ **The student** was caught **cheating** in the exam.
 সাবলীল বাংলা ছাত্রটি ধরা পড়েছিলো পরীক্ষায় নকল করতে।
- ⑥ **The kids** were seen **playing** in the field.
 { বাচ্চাদেরকে দেখা গেলো খেলা করতে মাঠে }

Lesson # 13: Participle (পার-টি-সিপল)

keep + ing যুক্ত verb, leave + ing যুক্ত verb, get + ing যুক্ত verb

1.	The Doctor { ডাক্তার }	kept his patient রাখলেন তার রোগীকে	waiting outside. অপেক্ষায় বাহিরে }
2.	The ticket master { টিকেট মাস্টার }	left us standing রাখলেন আমাদেরকে দাঁড় করিয়ে	before the counter. কাউন্টারের সামনে }
3.	We { আমরা }	got talking শুরু করেছিলাম আলাপ	to the authority. কর্তৃপক্ষের সাথে }
4.	The girl Karim	started crying lay looking up	to see her mother. at the clouds.
5.	{ করিম }	তাকিয়ে থাকলো	মেঘের দিকে }
6.	Karim { করিম }	kept looking anxiously উৎসুকভাবে ঘড়ির দিকে	at his watch. তাকিয়ে রইলো }
7.	We { আমরা }	smelt something গন্ধ পেলাম কিছু	burning. পোড়ার }
8.	We The tiger { বাঘটি }	smelt that something hid inside the bushes ঝোপের ভিতরের লুকিয়ে থেকে	was burning. watching the deer. হরিণটিকে পর্যবেক্ষণ করছে }

বাক্যের মাঝে ing (তথা present participle)

1. We should take measures considering the issue.
{ আমাদেরকে উচিত নেয়া পদক্ষেপগুলো বিবেচনা করে সমস্যাটি }

সাবলীল বাংলা সমস্যাটিকে বিবেচনায় রেখে আমাদের পদক্ষেপ নেয়া উচিত।

2. We woke up hearing the noise.
{ আমরা ঘুম থেকে জেগে উঠলাম শুনে গোলমাল / হৈচৈ }

সাবলীল বাংলা গোলমাল শুনে আমরা ঘুম থেকে জেগে উঠলাম।

প্রশ্নের উত্তর বের করার জন্য
considering, going, hearing হলো
present participle এটা না জানলেও সমস্যা নেই।

Exercise

01. People are shopping _____ in their house. [গভ. ল্যাবরেটরী হাই স্কুল, ঢাকা।]
Ans: sitting (মানুষ কেনা-কটা করছে তাদের ঘরে বসে)
02. The rivers and lakes are in the true sense a lifeline for the people _____ close to them. [হলিক্রস স্কুল।]
Ans: living

শব্দের অর্থ

true sense (দ্রু সেন্স) = সত্যিকার অর্থে। **lifeline** (লাইফ-লাইন) = বেঁচে থাকার অবলম্বন।
 এখানে **them** মানে নদী-নালা।

পুরো বাক্য + বাক্যের বাংলা অর্থ

The rivers and lakes are in the true sense a lifeline for the people living close to them.
 ↓
 = The rivers and lakes are in the true sense a lifeline for the people who are living close to...
 নদী এবং লেকগুলো সত্যিকার অর্থে একটি জীবন-রেখা সেই সকল মানুষের জন্য যারা এর নিকটে বসবাস করছে।

03. _____ (come) back, I take bath and have my breakfast which my mother keeps ready for me.
Ans. Coming

পুরো বাক্যের বাংলা অর্থ

Coming back, I take bath and have my breakfast which my mother keeps ready for me.
 ফিরে এসে আমি গোসল করি এবং সকালের নাস্তা করি যেটা আমার মা আমার জন্য তৈরি করে রাখেন।

Past Participle

চলুন উদাহরণের মাধ্যমে শিখি

- | | | |
|--|---|-------------------------------------|
| 1. First digital computer
(প্রথম ডিজিটাল কম্পিউটার) | invented by Echart
Echart-এর দ্বারা আবিষ্কৃত | was ENIAC..
ছিলো এ্যানিয়াক) |
| সাবলীল বাংলা Echart-এর দ্বারা আবিষ্কৃত প্রথম Digital কম্পিউটার ছিলো ENIAC। | | |
| 2. The thief
(চোরটি | beaten by the villagers
পেটানো হয়েছিলো গ্রামবাসীদের দ্বারা | died yesterday
মারা গেছে গতকাল) |
| 3. The stolen baby
(চুরি হয়ে যাওয়া বাচ্চাটি | was | found. |
| 4. The house built with stones is very expensive.
(পাথর দিয়ে তৈরি বাড়িটি খুবই দামি) | | |

উপরের বাক্যের - ed / - d / - en / - n / - t যুক্ত শব্দগুলো হলো past participle।

Past Participle = verb + ed = study + ed = studied

তার মানে, মূল Verb-এর সাথে ed বা d বা en বা n বা t যুক্ত হয়ে, past participle রূপটি তৈরি হয়।

*** একটি গুরুত্বপূর্ণ Rule**

Passive বাক্যে এবং have / has / had / shall have / will have, be / will be / shall be, being, been, should have প্রভৃতির পর সবসময়ই verb-এর past participle বসে অর্থাৎ, verb-এর রূপ done, taken, come, eaten, drunk, happened প্রভৃতি হয়। যেমন:

1. Karim has done the work.
2. The song will be sung by him.
3. You should have come. (তোমার আসা উচিত ছিলো।)
4. It has been performed.
5. Communicative competence can be (develop) in two ways.

এই বাক্যে can be-এর পর developed হবে। can be developed মানে বাড়ানো যেতে পারে।

চলুন আসল পরীক্ষার প্রশ্ন সমাধান করা যাক

1. Now education has to be _____ in fact. Ans. redefined
{ এখন শিক্ষাকে আসলে পুনসংজ্ঞায়িত করতে হবে }
2. Education is _____ as the yardstick of development. Ans. considered
{ শিক্ষা উন্নয়নের মাপকাঠি হিসেবে বিবেচিত }
3. Children are _____ with basic necessities. Ans. provided
{ শিশুরা মৌলিক প্রয়োজনগুলো পেয়ে থাকে। } { ফৌজদারহাট ক্যাডেট কলেজ }
4. Global warming is mainly _____ by the destruction of forests. Ans: caused
{ বন-জঙ্গলের ধ্বংসের দ্বারাই প্রধানত বৈশ্বিক উষ্ণতা ঘটে } { কুমিল্লা জেলা স্কুল }

Similar বাক্য

- * Cyclone is mainly **caused** by the difference of air pressure.
- * Decrease in the number of Royal Bengal Tiger is mainly **caused** by the destruction of Sunderbans. { সুন্দরবনের ধ্বংসের দ্বারাই মূলত রয়েল বেঙ্গল টাইগারের সংখ্যা কমে যাওয়াটা ঘটেছে }

বাক্যের শেষে Past Participle

01. She brought a plate of cakes crammed with cream.
 { সে এনেছিলো এক প্রেট কেক ক্রীমে পরিপূর্ণ }
- [সাবলীল] সে ক্রীম-দিয়ে-ভরা কেকের একটা প্রেট এনেছিলো।
02. We saw a river filled to the brim.
 { আমরা দেখলাম একটি নদী কানায় কানায় পরিপূর্ণ }
- [brim (ব্রিম) = কিনারা; প্রান্ত। filled (ফিল্ড) = পরিপূর্ণ।]
03. We saw her eyes filled with tears.
 { আমরা দেখলাম তার চোখ অশ্রুতে পরিপূর্ণ }
04. I felt her heart overflowed with mercy.
 { আমি অনুভব করলাম তার হৃদয় পরিপূর্ণ ময়া-মমতা দিয়ে }
05. We saw the whole village stricken with the disease.
 { আমরা দেখলাম পুরো গ্রামটি রোগে জর্জরিত }
06. We saw the village afflicted with diseases.
 { আমরা দেখেছিলাম গ্রামটি আক্রান্ত রোগব্যাদিতে }

বাক্যের মাঝে Past Participle-এর ব্যবহার

01. The research conducted in 2013 showed this insight.
 ↓
 = The research which was conducted in 2013 showed this insight.
 { গবেষণাটি যেটি পরিচালিত হয়েছিলো ২০১৩ সালে দেখালো এই অন্তর্দৃষ্টি }
02. The letter mailed in October, 2015 was not checked.
 { চিঠিটি মেইল করা হয়েছিলো ২০১৫-এর অক্টোবরে হয়নি চেক করা }
03. The bridge damaged in floods will be reopened next year.
 04. The watch made in Japan is running well.
 ↓
 = The watch which was made in Japan is running well.
05. The car produced in Japan is running well.
 06. XYZ, a reputed personality, is nice.
 { XYZ একজন বিখ্যাত ব্যক্তিত্ব এসেছিলো আমাদের দেশে। }

মাকে past participle + by

- | | | |
|----------------------------|---|--|
| 1. = The man | taken to hospital | has recovered. |
| 2. The man
The thief | ↓
who was taken to hospital
beaten by the men | has recovered.
breathed his last today. |
| 3. (চোরটি
The decision | পেটানো হয়েছিলো লোকদের দ্বারা
decided by the court | মারা গেছে আজ ।
was fair. |
| 4. The man | affected by dengue fever | got well. |

শুরুতে participle + by

- Baffled** by your behaviour , I could not help you.
(হতবুদ্ধি হয়ে তোমার ব্যবহার দ্বারা , আমি পারিনি সাহায্য করতে তোমাকে)
সাবলীল বাংলা তোমার আচরণে হতবুদ্ধি হয়ে আমি তোমাকে সাহায্য করতে পারিনি ।
- Confused** by your attitude , I could not help you.
(দ্বিধামগ্ন হয়ে তোমার মনোভাব দ্বারা , আমি পারিনি তোমাকে সাহায্য করতে)
সাবলীল বাংলা তোমার মনোভাবে দ্বিধামগ্ন হয়ে আমি তোমাকে সাহায্য করতে পারিনি ।
- Driven** by hunger , the poor man stole from a shop.
সাবলীল বাংলা ক্ষুধার দ্বারা তাড়িত হয়ে গরিব লোকটি একটা দোকান থেকে চুরি করেছিলো ।
- Blinded** by sunlight , the driver could not see the signal.
(সূর্যের আলোতে অন্ধ হয়ে , ড্রাইভার সিগনালটি দেখতে পায়নি ।
- Cooked** by mother , the dinner was very delicious.
সাবলীল বাংলা মায়ের দ্বারা রান্না করা সন্ধ্যার খাবার ছিলো খুবই সুস্বাদু ।
- Driven** by a steam engine , first dishwasher was invented by an Indian.
- Surprised** by a sudden storm , the men had to take shelter under trees.
(বিস্মিত হয়ে একটা আকস্মিক ঝড় দ্বারা , লোকজনকে গাছের নিচে আশ্রয় নিতে হয়েছিলো)
সাবলীল বাংলা একটি আকস্মিক ঝড়ে বিস্মিত হয়ে লোকজনকে গাছের নিচে আশ্রয় নিতে হয়েছিলো ।

তকতে past participle

1. Thus **deceived** , he will be outraged at last.
(এভাবে প্রতারণিত হয়ে , সে হবে খুবই রাগান্বিত অবশেষে)
2. If **used** wisely, leisure promoters health, efficiency and happiness.
(যদি (অবসরকে) বিচক্ষণতার সাথে (তাহলে) অবসর বৃদ্ধি করে স্বাস্থ্য, দক্ষতা ও সুখ ।)
ব্যবহার করা হয়,
3. **Misused** as refuse dump, the place became more shabby

Causative : have / has / had / get + বস্তু + Past Participle

01. I had my clothes **washed**.
(আমি আমার কাপড়গুলো ধৌত করলাম ।)
02. Karim had his car **repaired**.
(করিম তার গাড়ি মেরামত করাল ।)
03. Mohiuddin has his stories **published**.
(মহিউদ্দিন তার গল্পগুলো ছাপিয়ে নিলো ।)
04. Choyon got his flat **burgled** last night.
(চয়ন পেলো তার ফ্লট চুরি হওয়া অবস্থায় গতকাল রাতে ।)
05. I have my clothes **washed**.
(আমি আমার কাপড়গুলো ধৌত করাই ।)

Though + past participle

01. Though **born in** Tongipara , she spent most of her childhood in Dhaka.
02. Though **born in** Bangladesh, he spent most of her childhood in Delhi.

Being + past participle

01. Being disappointed, Abir quit this job.
02. Being confused, I could not answer the question.

If + past participle

01. If elected, Obama's opposition will not come from The Republicans.
 02. If acquitted, you would be able to relax at home.
 03. If nominated, Karim will win certainly in the election.
- { যদি মনোনয়ন দেওয়া হয়, করিম জিতবে নিশ্চিতভাবে নির্বাচনে। }

Adjective participle

01. He has come from an **educated** family.
{ তিনি এসেছেন থেকে একটি শিক্ষিত পরিবার। }
02. We should help the **distressed** people.
{ আমাদের উচিত সাহায্য করা দুর্দর্শাপীড়িত লোকদের। }
03. America is a **developed** nation today.
04. We saw a **damaged** car on the road.
{ আমরা দেখলাম একটি ক্ষতিগ্রস্ত গাড়ি রাস্তার উপর। }
05. We saw the **destroyed** car on the road.
{ আমরা দেখলাম ধ্বংসপ্রাপ্ত গাড়িটিকে রাস্তার উপর। }
06. I saw the **broken** houses in the slum area.
{ আমি দেখলাম ভাঙা ঘর-বাড়ি বস্তি এলাকাটিতে। }

Tips

Adjective

হিসেবে

কাজ করছে এই

participle-গুলো !

বাক্যে উদাহরণের মাধ্যমে আরো কিছু participle শেখা যাক:

01. Having finished the call, he went back to work.
{ শেষ করার পর কলটি সে কাজে ফিরে গেলো। }
= After he had finished the call, he went back to work.
 02. Having improved her English, Pia was promoted.
 03. Having read the novel, I had my lunch.
{ পড়ার পরে উপন্যাসটি, আমি খেলাম আমার লাঞ্চ। }
 04. Having finished the work, Bijoy turned on the TV.
{ শেষ করার পর কাজটি, বিজয় চালু করলো টিভি। }
- = After he had finished the work, Bijoy turned.

Tips

English

Sentence-এর

বাংলা অর্থ

বোঝার চেষ্টা করো

তাহলেই হবে !!

05. **Having arrived** late, captain needed written excuse.
06. **Having finished** the work, they left the workplace.
07. **Having seen** Ahsan Monzil, they thought the Taj Mahal is nicer.
08. **Having been** injured, he was rushed to hospital.
{ হওয়ার পর আহত, তাকে দ্রুত নেয়া হলো হাসপাতালে। }
09. The doctor **having arrived**, she looked cheerful.
{ ডাক্তার আগমন করায় তাকে আনন্দিত দেখালো। }
10. The sun **having risen**, we set out on our journey.
{ সূর্য উঠায় আমরা আমাদের যাত্রা শুরু করলাম। }
11. The guests **having left**, we went to bed. { অতিথিরা চলে যাওয়ায় আমরা ঘুমাতে গেলাম। }
12. Aesha **having arrived**, we were freed from anxiety.
{ আয়েশা আগমন করায় আমরা দুঃচিন্তা হতে মুক্ত হলাম। }
13. The teacher **having been absent**, the students began to shout.
{ শিক্ষক অনুপস্থিত থাকায় ছাত্র-ছাত্রীরা চেঁচামেচি করা শুরু করলো। }

Being দিয়ে দুটো বাক্যকে জোড়া লাগানো

01. It was a stormy day. We stayed inside the house.
= It **being** a stormy day, we stayed inside the house.
= এটা হওয়ায় একটা ঝড়ো দিন,
{ ঝড়ো দিন হওয়ায় আমরা বাড়িটির ভিতরে অবস্থান করলাম। }
02. The party **was** over. The guests began to leave.
= The party **being** over, the guests began to leave.
{ পার্টি শেষ হওয়ায় অতিথিরা চলে যেতে শুরু করলো। }
03. Her husband **was** away. She felt lonely.
= Her husband **being** away, she felt lonely.
{ তার স্বামী দূরে থাকায় সে একাকী অনুভব করলো। }
- = Since her husband **was** away, she felt lonely.

Lesson # 13: Participle (পার-টি-সিপল)

04. The classroom **being occupied**, they had to wait a little.
{ ক্লাসরুমটি ভর্তি হওয়ায়, তাদেরকে অপেক্ষা করতে হয়েছিলো কিছুটা । }
05. The mother **being out**, the children laid the table themselves.
{ মা বাইরে থাকায় বাচ্চারা নিজেরাই খাবার টেবিল পাতলো । }
06. The weather **being fine**, we went out for a picnic.
{ আবহাওয়া ভালো হওয়ায় আমরা পিকনিকে গেলাম । }
07. Tomorrow **being** a holiday, all government offices will remain closed tomorrow.
{ আগামীকাল ছুটির দিন হওয়ায় সকল সরকারি অফিস আগামীকাল বন্ধ থাকবে । }
08. The sea **being smooth**, we embarked on our voyage.
09. The door was open. The house was burgled.
= The door **being open**, the house was burgled.
{ দরজা খোলা থাকায় বাড়িটিতে চুরি হলো । }
10. **It being a rainy day**, we stayed at home today
{ এটা হওয়ায় একটা বৃষ্টির দিন, আমরা বাসায় থাকলাম আজ }
11. **It being a stormy night**, we stayed at office today
{ এটা একটা ঝড়ের রাত্রি হওয়ায় আমরা আজ অফিসে থেকে গেলাম }
12. Spring **advancing**, the cuckoos appear.
{ যখন বসন্ত আসে, তখন কোকিল পাখি দেখা যায় । }
13. Winter **coming on**, the leaves begin to fall.
{ শীত আসায়, গাছের পাতা পড়তে শুরু করে । }
14. Allah **willing**, we will meet again.
{ আল্লাহ চান তো আমাদের সাক্ষাৎ হবে আবার । }
15. The wind **blowing hard**, the man turned his collar up.
{ প্রচণ্ড জোরে বাতাস প্রবাহিত হওয়ায় লোকটি তার জামার কলার উপরে তুললো । }
16. He walked about the streets, his coat **unbuttoned**.
{ সে রাস্তায় হাঁটাহাঁটি করেছিলো, তার কোটের বোতাম খোলা । }

Exercise Participle

See the answer at page # 544

01. Clothing made by Bangladeshi workers are ____ by millions of consumers around the world. [DU, 'C': 2016-17]
A. clad B. wore C. dressed D. worn E. wrapped
02. Terribly ____, he stopped and looked back. [বি, 'ব': 2015-16]
A. frightened B. frightening C. having frightened D. frighten
03. The bridge ____ recently for the railroad has been found faulty. [বি, 'ব': 2015-16]
A. constructed B. has constructed C. was constructed D. has been constructed
04. Hearing the noise, the boy woke up. Here 'hearing' is a / an _____. [MBBS : 2017-18]
A. noun B. participle C. verb D. adverb
05. Betrayed by his friends, he started living alone. Here 'betrayed' is a: [RU, A: 2016-17]
A. gerund B. present participle C. verbal noun D. past participle
06. A rolling stone gathers no moss. Here "rolling" is - [RU, 'A': 2011-12]
A. a gerund B. a verbal noun C. a participle D. an adjective
07. The rain came pouring down in torrents. [RU: 2006-07]
A. past participle B. present participle C. gerund D. adverb
08. A retired officer lives next door. Here, the underlined word is used as a/an. [38th BCS]
A. Gerund B. Adverb C. Preposition D. Participle
09. Education is enlightening. Here 'enlightening': [37th BCS]
A. A gerund B. A participle C. An infinitive D. A finite verb
10. Present participle performs the works of - [পরিবারকল্যাণ মন্ত্রণালয়: 2010]
A. verb & adverb B. verb & noun C. noun & adjective D. verb & adjective
11. As I reached home, I saw my sister ____ for help. [NBL, PO: 2013]
A. to shout B. shouting C. shouted D. shout
12. ____ the book, she could not answer the question. [CU, B₇ : 2014-15]
A. Not reading B. Not having read C. Reading D. Read
13. ____, I went to university. [চট্টগ্রাম ভেটেরিনারি: 2016-17]
A. Having had breakfast B. Having have breakfast
C. To having breakfast D. To be breakfast
14. I lay for sometime ____ the clouds in the sky. [CU, 'G': 2016-17]
A. watch B. watching C. watched D. see
15. Mr. Rakib went away (to leave) ____ me alone. [KU, 'B' 2016-17]
A. left B. leaving C. leave D. have left
16. She spends hours ____ the internet every day. [CU, 'C₃' 2016-17]
A. visiting B. downloading C. composing D. surfing
17. I went back to work (close) the door. [RU 'I' 2016-17]
A. to closed B. closing C. to close D. closed
18. He worked instead of _____. [RU 'E' Even: 2016-17]
A. played B. play C. had played D. playing
19. He watched the board ____ down the river. [29th BCS]
A. to float B. floating C. was floating d. had floated
20. Everyone ____ we locked the door. [কুবি 'ব' 2016-17]
A. having left the room B. left the room
C. had left the room D. leaves the room

21. Identify the participle in the following sentences.

- (a) Searching for her gloves, she dug through the entire wardrobe.
- (b) Whistling a song, she danced through the house with the mop.
- (c) Sitting in the shade, we ate cake and drank coffee.
- (d) The child sat at the desk painting a picture.
- (e) Running to the bus stop, she lost her shoe.
- (f) Blinded by the sun, the driver didn't see the stop sign.
- (g) Prepared by the chef himself, the dinner will be a real treat.
- (h) Sung by him, every song sounds just wonderful.
- (i) Having parked the car, we searched for the ticket machine.
- (j) Having drunk one liter of water, she really needed to go to the toilet.

22. Change or join the following sentences using participle.

- a. We are lying in the sun and we are enjoying our holiday.
→ Lying in the sun, we are enjoying our holiday.
- b. The boy had brushed his teeth. He watched television.
- c. The children were sitting on their beds. They were watching the thunderstorm.
- d. They were surprised by a sudden storm. They had to seek shelter under a tree.
- e. When they had found the secret island, they started searching for the treasure.

23. Rewrite the sentences replacing the italic part with a participle.

- a. She *was talking* to her friend and forgot everything around her.
→ Talking to her friend she forgot everything around her.
- b. We *watch* the news everyday and we know what's going on in the world.
.....
- c. They *are* vegetarians and don't eat meat.
.....
- d. The dog *wagged* its tail and bit the postman.
.....
- e. While she *was tidying up* her room she found some old photos.
.....
- f. He *was* a good boy and helped his mother in the kitchen.
.....
- g. The man *was sitting* in the cafe. He was reading a paper.
.....
- h. Since I *didn't feel* well I didn't go to the cinema.
.....
- i. The cars *are produced* in Japan. The cars are nice.
.....
- j. I *saw* the man. He came to the shop.
.....

Gerund

বুঝতে বুঝতে শিখবো,
শিখতে শিখতে বুঝবো !

01. **Laughing** is good for health. {হাসি স্বাস্থ্যের জন্য ভালো।}

02. **Walking** is conducive for health. {হাঁটা স্বাস্থ্যের জন্য ভালো।}

03. **Smoking** is dangerous for health. {ধূমপান স্বাস্থ্যের জন্য বিপজ্জনক।}

{এখানে *Smoking, Walking, Laughing etc* হলো Gerund = Subject, বা Noun}

* Gerund (জিরাড) noun + subject-এর কাজ করে।

Present participle

01. The man **walking** in the morning is healthy.

02. The man **smoking** is prone to health risks.

{যে লোক ধূমপান করে সে হয় স্বাস্থ্য ঝুঁকির মুখোমুখি।}

{এখানে *Smoking, Walking etc.* হলো present participle = adjective}

* Present participle Adjective-এর কাজ করে।

উপরের (1), (2) এবং (3) নং বাক্যগুলোতে Laughing, Walking এবং Smoking শব্দগুলো গঠিত হয়েছে Verb "Laugh", "Walk" এবং "Smoke" এর সাথে "ing" যোগ করার দ্বারা। এই শব্দগুলো এখানে প্রতিটি বাক্যের verb-এর subject হিসেবে ব্যবহৃত হয়েছে এবং সুতরাং তারা Noun-এর কাজ করছে। verb এর সাথে ing যোগ করে গঠিত verb-এর এধরনের রূপকে বলা হয় Gerund। সুতরাং বোঝা গেল Gerund একই সাথে verb এবং noun উভয়েরই কাজ করে।

উদাহরণ দিয়ে শেখা যাক

01. Walking on the sea-shore, we had much pleasure.
 |সমুদ্রতীরে হাঁটিতে হাঁটিতে, আমরা পেয়েছিলাম অনেক আনন্দ।|
 * এই বাক্যে walking on the sea-beach হলো participle phrase।
02. Walking (হাঁটা) is very enjoyable.
 |সাবলীল বাংলা হাঁটা হলো খুবই উপভোগ্য।| (is-এর subject হলো walking)
 * এই বাক্যে walking হলো subject বা noun।
03. Walking in the morning, we can get fresh air (Present participle phrase)
 |সকালে হেঁটে আমরা নির্মল বাতাস পেতে পারি।|
04. Walking in the morning is conducive to health. (Gerund phrase = জেরান্ড দিয়ে শুরু হওয়া phrase)
 |সকালে হাঁটা হলো স্বাস্থ্যের জন্য উপকারী।|
05. Eating pizza, we became sick. (Participle)
 |পিত্তা খেয়ে আমরা অসুস্থ হয়ে গিয়েছিলাম।|
06. Eating pizza is not healthy. (Eating হলো is-এর subject)
 |পিত্তা খাওয়া স্বাস্থ্যকর নয়।|
07. Watching the movie, we enjoyed much. (Participle)
 |মুভিটি দেখে আমরা অনেক আনন্দ উপভোগ করলাম।|
08. Watching the movie is very enjoyable. (Gerund = watching হলো is-এর subject)
 |মুভিটি দেখা খুবই উপভোগ্য।|
09. Walking a long distance, we became exhausted. (Participle)
 |একটা লম্বা দূরত্ব হেঁটে আমরা ভীষণ ক্লান্ত হয়ে গিয়েছিলাম।|
10. Walking a long distance is tiresome. (Gerund phrase)
 |লম্বা দূরত্ব হাঁটা হলো ক্লান্তিকর।|
11. Obtaining degrees is not the prime objective of education. (Obtaining হলো is-এর subject)
 |ডিগ্রি অর্জন করা নয় মূল উদ্দেশ্য শিক্ষার।|
 |সাবলীল বাংলা| ডিগ্রি অর্জন করা শিক্ষার মূল উদ্দেশ্য নয়।

বিভিন্ন পরীক্ষায় আসা

Right form of verb সম্পর্কিত প্রশ্ন Solve করা যাক

Complete the following text with suitable verbs in the box with the right form:

01. Looking at a beautiful bird, they stopped _____.

{ একটি সুন্দর পাখি দেখে, তারা হাঁটা থামালো } উত্তর: walking

02. After some days, the hen stopped _____ (lay) any egg.

{ কিছু দিন পর, মুরগিটি ডিম পাড়া বন্ধ করলো } উত্তর: laying

শব্দের বাংলা অর্থ lay an egg = একটা ডিম পাড়া।

Similar বাক্য

* After some days, the hen stopped eating any food.

{ কিছু দিন পর মুরগিটি কোনো খাদ্য খাওয়া বন্ধ করে দিলো । }

* After knowing about the dangers of cigarettes, he stopped smoking.

{ জানার পর সিগারেটের বিপদ সম্পর্কে, সে বন্ধ করলো ধূমপান । }

সাবলীল বাংলা অর্থ সিগারেটের বিপদ সম্পর্কে জানার পর সে ধূমপান করা বন্ধ করলো।

এরূপ আরো উদাহরণ

01. He stopped smoking

{ সে বন্ধ করলো ধূমপান = সে ধূমপান ছেড়ে দিলো }

02. He stopped using facebook

{ সে বন্ধ করলো ফেসবুক ব্যবহার করা }

03. The phone stopped ringing.

{ ফোনটি বন্ধ হলো বাজা = ফোনটি বাজা বন্ধ হলো }

without / by + Gerund

01. By working hard , you will be able to succeed in life
 { কঠোর পরিশ্রম দ্বারা , তুমি হবে সক্ষম জীবনে সফল হতে }
 সাবলীল বাক্য কঠোর পরিশ্রম দ্বারা তুমি জীবনে সফল হতে সক্ষম হবে।

02. Without studying hard , you do not hope to get good marks
 { কঠোর পড়াশুনা ছাড়া , তুমি করতে পারো না আশা ভালো মার্ক পেতে }
 সাবলীল বাক্য কঠোর পড়াশুনা করা ছাড়া তুমি ভালো নম্বর পেতে আশা করতে পারো না।

03. You cannot hope to get good marks without studying hard.
 { তুমি আশা করতে পারো না ভালো মার্ক পাওয়ার কঠোর পড়াশুনা ছাড়া }

04. Jaber went away without saying goodbye.
 { জাবের চলে গেলো না বলে বিদায় }
 সাবলীল বাক্য বিদায় না বলে জাবের চলে গেলো।

চলুন এবার বিভিন্ন স্কুলের নির্বাচনী পরীক্ষায় এবং বোর্ডে আসা প্রশ্ন Solve করা যাক:

Exercise

01. The loss of animals and birds has posed a threat to our environment by _____ the ecological balance.
 { কুমিল্লা জেলা স্কুল }

শব্দের অর্থ

loss (লস) = বিলুপ্তি/ধ্বংস/ক্ষতি। pose (পৌ-হ) = সৃষ্টি করা।
 ecological (য়েকো-লজি-ক্যাল) = পরিবেশগত। threat (থ্রেট) = হুমকি।

ব্যাখ্যা + সমাধান

প্রদত্ত বাক্যের অর্থ: প্রাণী ও পাখির হারিয়ে যাওয়াটা সৃষ্টি করেছে একটি হুমকি

আমাদের পরিবেশের জন্য পরিবেশের ভারসাম্য _____ করার দ্বারা।

তার মানে, প্রাণী ও পাখির সংখ্যা কমে যাওয়াটা আমাদের পরিবেশের জন্য হুমকি হয়েছে পরিবেশের ভারসাম্য _____ দ্বারা।

এখন তুমি চিন্তা-ভাবনা করে বলো এই বাংলা বাক্যটির শূন্যস্থানে কোন বাংলা শব্দটা আমরা বলি?

হ্যাঁ, ঠিকই ধরেছে, আমরা বলি: ধ্বংস করার (দ্বারা)।

আর এই " ধ্বংস করার দ্বারা "-এর ইংরেজি হলো: *by destroying*।

∴ শূন্যস্থানে উত্তর হবে: *destroying*।

পুরো বাক্যের বাংলা অর্থ

The loss of animals and birds has posed a threat to our environment
by destroying the ecological balance.

{ প্রাণী এবং পাখির বিলুপ্তি সৃষ্টি করেছে একটি হুমকি পরিবেশের জন্য পরিবেশগত ভারসাম্য ধ্বংস করার দ্বারা }

02. She lived on by ____ (sell) eggs laid by them. { খুলনা জিলা স্কুল, (ক্রাস সিগ্ন) }

পুরো বাক্যের বাংলা অর্থ সে জীবিকা চালাতো ডিম বিক্রয় করে যেই ডিম তারা পাড়তো।

শব্দের অর্থ **live on** (লিভ্ অন) = জীবনধারণ করা। **sell** = বিক্রয় করা।

ব্যাখ্যা + সমাধান

তার মানে, তারা (হাঁস / মুরগিগুলো) যে ডিম পাড়তো সেগুলো _____ দ্বারা সে জীবিকা চালাতো।

উপরের শূন্যস্থানে কোন বাংলা শব্দটা আমরা বলি?

হ্যাঁ, ঠিক বলেছে, আমরা বলি: বিক্রয় করার (দ্বারা)।

যার ইংরেজি হলো: *by selling*. ∴ উত্তর হবে: *selling*।

বাক্যের ব্যাখ্যা

এখানে ... *by selling* eggs laid by them ... = *by selling* eggs which were laid by them ...

{ ডিম বিক্রয়ের দ্বারা যেগুলো তাদের দ্বারা পাড়া হতো..... }

of-এর পর Gerund

01. Rahim studied _____ instead of **going** _____ to the cinema.
{ রহিম পড়াশুনা করেছিলো _____ যাওয়ার পরিবর্তে / বদলে _____ সিনেমায় _____ }
সাবলীল বাংলা সিনেমায় যাওয়ার বদলে রহিম পড়ালেখা করেছিলো।
02. Karim studied _____ instead of **watching** _____ football match.
{ করিম পড়াশুনা করেছিলো _____ দেখার পরিবর্তে _____ ফুটবল ম্যাচ _____ }
সাবলীল বাংলা ফুটবল ম্যাচ দেখার পরিবর্তে করিম পড়াশুনা করেছিলো।
03. Jamal finished his home work _____ instead of **playing** _____
{ জামাল শেষ করেছিলো তার বাড়ির কাজ _____ খেলার পরিবর্তে _____ }
সাবলীল বাংলা খেলার বদলে জামাল তার বাড়ির কাজ শেষ করেছিলো।
04. Kamal focused on studies _____ instead of **joining** _____ the party.
{ করিম মনোযোগ দিয়েছিলো তার পড়াশুনায় _____ যোগ দেয়ার পরিবর্তে _____ পার্টিতে _____ }
সাবলীল বাংলা পার্টিতে যোগ দেয়ার বদলে করিম তার পড়ালেখায় মনোযোগ দিয়েছিলো।
05. Sakib did homework _____ in spite of _____ becoming ill.
{ সাকিব বাড়ির কাজ করেছিলো _____ সত্ত্বেও _____ অসুস্থ হওয়া _____ }
সাবলীল বাংলা অসুস্থ হওয়া সত্ত্বেও সাকিব বাড়ির কাজ করেছিলো।

could not help / cannot help, be + used to, get used to, worth, mind, with a view to, be addicted to, look forward to, prefer প্রভৃতির পরে verb-এর সঙ্গে 'ing' যোগ হয়।
নিচের উদাহরণগুলো লক্ষ্য করুন:

- | | |
|--|---|
| We cannot help laughing. | { আমরা না হেসে পারি না। } |
| I was used to walking here. | { আমি এখানে হটিতে অভ্যস্ত ছিলাম। } |
| He got used to smoking. | { সে ধূমপান করতে অভ্যস্ত ছিল। } |
| The book is worth reading. | { বইটি পড়ার মতো। } |
| I feel like crying. | { আমার কান্না পাচ্ছিল। } |
| We went there with a view to seeing you. | { আমি তোমার সাথে দেখা করার উদ্দেশ্যে সেখানে গিয়েছিলাম। } |
